চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

লন্ডনে নিয়ে যাওয়া হবে পন্থকে!

● ৮ পাতায়

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 37 Friday, 6 January, 2023 ✻ ২৮ বর্ষ, ৩৭ সংখ্যা ✻ ২১ পৌষ, ১৪২৯, শুক্রবার, ৬ জানুয়ারি, ২০২৩ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য– ৩ টাকা

পুরনো ট্রেনকে রং করে দিয়েছে

বন্দে ভারতে ঢিল ছোঁড়া প্রসঙ্গে বললেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, গঙ্গাসাগর, ৫ জানুয়ারিঃ অভিষেকের পরে এবার আবাস যোজনা নিয়ে বিজেপির বিরুদ্ধে পাল্টা অভিযোগ তুললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বললেন, ‘‘বিজেপি নেতারা নিজেদের নামে দো-তলা, তিন তলা বাড়ি করেছে। কেউ কেউ আমাদের সঙ্গে আগে ছিল। একটা জেলায় অভিযোগ এসেছে। ওই জেলাটাও আমার। আমরা এনকোয়ারি করেছি। ১৭ লক্ষ আবেদন বাদ দিচ্ছি।’’ এর পাশাপাশি, মুখ্যমন্ত্রীর আশ্বাস, সরকারি স্তরে যদি কারও ভুল থাকে, তাহলে তার বিরুদ্ধেও পদক্ষেপ করবে প্রশাসন। আগামী ৮ জানুয়ারি থেকে গঙ্গাসাগর মেলা। তার আগে মেলার প্রস্তুতি পর্ব খতিয়ে দেখতে গতকাল, অর্থাৎ, বুধবার থেকেই দুদিনের সাগর সফরে রয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন সেখান থেকেই একের পর এক ইস্যুতে কেন্দ্রের বিরুদ্ধে সুর চড়ান মমতা। প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় বাড়ি পাওয়া নিয়ে একের পর এক অভিযোগ উঠে এসেছে রাজ্যের বিভিন্ন জেলা থেকে। দেখা গিয়েছে, কাঁচা বাড়ি, খড়ের চাল, এমন বাড়ির বাসিন্দার নাম নেই তালিকায়, অথচ পঞ্চায়েত প্রধান, এলাকার দাপুটে রাজনৈতিক ব্যক্তিত্বদের দোতলা-তিনতলা বাড়ি থাকা সত্ত্বেও নাম উঠে এসেছে আবাসের তালিকায়। এর জেরে বিভিন্ন জায়গায় সমীক্ষায় গিয়ে বিক্ষোভের মুখে পড়তে হয়েছে আশাকর্মী, অঙ্গনওয়াড়ি কর্মীদের। এদিন আবাসের দুর্নীতির অভিযোগের প্রসঙ্গ তুলে মমতা

বলেন, ‘‘যেখানে যেখানে অভিযোগ পেয়েছি, এনকোয়ারি হয়েছে। ১৭ লক্ষ আবেদন বাদ গেছে। এরপরেই বিজেপির বিরুদ্ধে সুর চড়িয়ে তৃণমূলনেত্রীর বক্তব্য, ৫০ লক্ষ (আবেদন) রেজিস্ট্রার ছিল। ১৭ লক্ষ দিয়েছে। বাকি ধাপে ধাপে হবে। এক মাসের মধ্যে ১১ লক্ষ বাড়ি করিয়ে দিয়েছি আমরা। বিজেপি নেতারা নিজেদের নামে দো তলা, তিন তলা বাড়ি করেছে। এইগুলো আমরা বাদ দিচ্ছি.. সরকার লেভেল এ যদি কারোর ভুল থাকে তাহলে পদক্ষেপ করবে।’’ মমতার কথায়, এই ধরনের বিভিন্ন সমস্যা নিয়ে সাধারণ মানুষ যাতে প্রশাসনের কাছে যেতে পারে, সেই কারণেই ৩ বছর আগে দুয়ারে সরকার প্রকল্প এনেছিল পশ্চিমবঙ্গ সরকার। এদিন ১০০ দিনের কাজের টাকা না দেওয়া নিয়েও এদিন আরও একবার কেন্দ্রের বিরুদ্ধে তোপ দাগেন মমতা। ক্ষুব্ধ মমতা বলেন, ‘‘১০০ দিনের টাকা পাচ্ছি না, গরিব মানুষ গুলো কাজ করছে, এটা কেন্দ্রর দয়া নয়। ১০০ দিনের কাজ কবে থেকে বন্ধ আছে? অথচ আমরা ২৫০০ হাজার কোটি টাকা খরচ শ্রমিক দিবস তৈরি করেছি।’’ মমতার অভিযোগ, ১০০ দিনের প্রকল্পে পশ্চিমবঙ্গ প্রথম হওয়া সত্ত্বেও দীর্ঘদিন ধরে টাকা বন্ধ রেখেছে কেন্দ্র। রাজ্যের বিরুদ্ধে আনা বিরোধীদের ভুয়ো জবকার্ডের অভিযোগের বিরুদ্ধ মুখ্যমন্ত্রীর তোপ, ‘‘২০ লক্ষ ভুয়ো কার্ড যদি বের করে থাকেন, এটা শুনছি, আমাদের জানা নেই, তাহলে তো তার দায় আপনাদেরও, ইউপিতে কত, কেরালাতে কত, ইউপি আপনার প্রিয় রাজ্য বলে?’’ জিএসটির টাকা সময়ে না পাওয়া নিয়েও অভিযোগ তোলেন মমতা। বন্দে ভারতে ঢিল ছোঁড়া প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, ‘‘বাংলার নাম বদনাম করা হচ্ছিল। এটা বাংলাতে হয়নি বিহারে হয়েছে। বিহারের মানুষের ক্ষোভ থাকতেই পারে। তাঁরা যদি এই ঘটনা ঘটিয়ে থাকে, কিন্তু তার জন্য গোটা বিহারকে তো অপমান করা যায় না। আমি মনে করি তাঁদেরও পাওয়ার অধিকার আছে। আজ বিজেপি নেই বলে তারা পাবে না কেন? আর বন্দে ভারত একটা পুরনো ট্রেনকে রং করে দিয়েছে। শুধু ইঞ্জিনটা ছাড়া।’’ মুখ্যমন্ত্রী আরও বলেন, ‘‘অনেক পুরনো ট্রেন এখান থেকে তুলে নেওয়া হয়েছে। আমার সময়ে আমি বছরে ১০০টা করে নতুন ট্রেন দিতাম। আর এই ১১ বছর একটাও নতুন ট্রেন দেওয়া হয়নি। এই একটা ছাড়া। বাংলার নাম বদনাম করা আপনাদের কাজ। বাংলাকে বদনাম করার যে চেষ্টা হয়েছিল, তা আমি নিন্দা করছি।’’

১৪০ জনের পর আরও ৫৯ জনের চাকরি বাতিলের নির্দেশ হাইকোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারিঃ প্রাথমিকে আরও ৫৯ জনের চাকরি বাতিলের সিদ্ধান্ত বহাল রাখল কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবার বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাসে মামলার শুনানি ছিল। বিচারপতি গঙ্গোপাধ্যায় এদিন এই নির্দেশ দেন। এর আগে বুধবারই ১৪০ জনের চাকরি বাতিল করার নির্দেশ বহাল রেখেছিলেন তিনি। ২৬৮ জনের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্টের একক বেঞ্চ। ডিভিশন বেঞ্চ সেই নির্দেশকেই মান্যতা দেয়। এরপরই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন চাকরি প্রার্থীরা। সুপ্রিম কোর্ট এই মামলায় চাকরি থেকে বরখাস্ত হওয়া প্রার্থীদের পার্টি করার নির্দেশ দেয়। সেইমতো ফের সিঙ্গল বেঞ্চে চাকরি প্রার্থীদের আর্জি জমা পড়ে। বুধবার ১৪০ জনের মামলা শোনা হয়। ১৪০ জনেরই চাকরি বাতিলের নির্দেশ বহাল রাখে হাইকোর্ট। বুধবারই ৫৯ জনকে হলফনামা দিতে বলা হয়েছিল। এদিন সেই ৫৯ জনের মামলা শোনা হয়। তাঁদের চাকরি বাতিলের সিদ্ধান্ত বহাল রাখে আদালত। এই প্রার্থীদেরও কারও বিরুদ্ধে র‍্যাঙ্ক জাম্প-এর অভিযোগ, কারও বিরুদ্ধে বেআইনিভাবে নিয়োগের অভিযোগ। এখনও আরও তিনজনের মামলার শুনানি বাকি রয়েছে। মঙ্গলবার কলকাতা হাইকোর্টে প্রাথমিক নিয়োগে ৫৪ জন ‘অযোগ্য’ শিক্ষক নিজেদের চাকরির পক্ষে যুক্তি দিয়েছিলেন। এই চাকরি প্রার্থীদের যুক্তিতে সন্তুষ্ট হয়নি কোর্ট। এরপরই তাঁদের চাকরি বাতিল করেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। বুধবার আরও ১৪০ জনের হলফনামা জমা পড়ে। তাঁদের বক্তব্যেও সন্তুষ্ট হতে পারেননি বিচারপতি। পর্ষদ এক নম্বর বাড়িয়ে তাঁদের চাকরি দিয়েছেন বলেও অভিযোগ ওঠে। সমস্ত নথি দেখে বিচারপতি ১৪০ জনেরও চাকরি বাতিলের সিদ্ধান্ত বহাল রাখে। আরও যে ৫৯ জনকে বৃহস্পতিবার হলফনামা দিতে বলা হয়েছিল, তাঁদেরও এদিন চাকরি বাতিলের সিদ্ধান্ত বহাল রাখল আদালত। এই নির্দেশের পর আবারও ডিভিশন বেঞ্চ এবং সুপ্রিম কোর্টে যাওয়ার পথ খোলা রয়েছে। তবে এখনও কোনও প্রার্থী এই নির্দেশকে চ্যালেঞ্জের পথে হাঁটেননি।

মমতার জন্মদিনে দীর্ঘায়ু কামনা করে টুইট মোদির

নয়াদিল্লি, ৫ জানুয়ারিঃ এমনিতে মোদি-মমতার আক্রমণ প্রতি-আক্রমণ লেগেই থাকে। রাজনীতির পরিসরে তাঁরা এক অপরের ঘোর বিরোধী। তবে বিরোধিতা দূরে সরিয়ে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে জন্মদিনের শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মোদি এদিন মমতার দীর্ঘ ও সুস্থ জীবন কামনা করেছেন এবং টুইটে তাঁকে উষ্ণ শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন। নরেন্দ্র মোদি টুইটে লিখেছেন, ‘মমতা দিদিকে জন্মদিনের শুভেচ্ছা। তাঁর দীর্ঘ ও সুস্থ জীবনের কামনা করছি।’ প্রসঙ্গত, সরকারি হিসেব অনুযায়ী আজ ৬৮ বছরে পা দিলেন বাংলার মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। মোদির টুইটের জবাব দিতে এখনও দেখা যায়নি মমতাকে। তবে এবারই প্রথম নয়। রাজনৈতিক বিরোধিতা ভুলে গতবছরও জন্মদিনে মমতাকে

শুভেচ্ছা জানিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গতবারও একই কামনা করেছিলেন তিনি। তাঁর টুইটের জবাবে মুখ্যমন্ত্রী মোদিকে ধন্যবাদও জানিয়েছিলেন। প্রসঙ্গত, এই নিয়ে তৃতীয় মেয়াদের জন্য পশ্চিমবঙ্গে ক্ষমতায় এসেছে মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল। ২০১১ সালে প্রথম সিপিএমের লাল দুর্গ ভেঙে রাজ্যে ঘাসফুল ফুটিয়েছিলেন মমতা। তারপর ২০১৬ সালেও নিজের জয়রথ অব্যাহত রেখেছেন। এরপর সোজা ২০২১ সাল। বিজেপির আশাভঙ্গ করে ফের বিপুল ভোটে রাজ্য জয়ী হয় তৃণমূল। আর মুখ্যমন্ত্রীর আসন পেয়েছেন তিনি। হ্যাটট্রিকের পালক উঠেছে মমতার মুকুটে। আর সেই মমতার জন্মদিনে শুধুমাত্র নরেন্দ্র মোদিই নয়। দেশের বিভিন্ন নেতা শুভেচ্ছা জানিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়কে। অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা মমতা বন্দ্যোপাধ্যায়ের দীর্ঘ জীবনের কামনা করেছেন। তিনি টুইটে লিখেছেন, ‘পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে জন্মদিনের শুভেচ্ছা। তিনি দীর্ঘ ও সুস্থ জীবন পাক তাই কামনা করি।’ তামিলনাড়ু মুখ্যমন্ত্রী এমকে স্ট্যালিন ও এনসিপি প্রধান শরদ পাওয়ারও মমতাকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন।

লোকসভা নির্বাচনের আগেই রাম মন্দির, তারিখ ঘোষণা করলেন স্বরাষ্ট্রমন্ত্রী

আগরতলা, ৫ জানুয়ারিঃ রাম মন্দির নিয়ে অবশেষে অপেক্ষা শেষ তীর্থযাত্রী। বৃহস্পতিবার ত্রিপুরায় জনসভা থেকেই রাম মন্দির উদ্বোধনের তারিখ ঘোষণা করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। লোকসভা নির্বাচনের আগেই খুলে যাচ্ছে রাম মন্দিরের দ্বার। এ দিন অমিত শাহ জানিয়েছেন, ২০২৪ সালের ১ জানুয়ারি অযোধ্যায় রাম মন্দিরের উদ্বোধন হবে। ২০২৩ সালেই নির্বাচন আসন্ন উত্তর-পূর্বের রাজ্য ত্রিপুরায়। এই রাজ্যে ক্ষমতা টিকিয়ে রাখতে মরিয়া বিজেপি। তাই এখন থেকেই নির্বাচনী প্রচারে জোর দিচ্ছে গেরুয়া শিবির। সেই উদ্দেশ্যেই মানুষের সঙ্গে জনসংযোগ বাড়াতে এবং কেন্দ্র ও সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প সম্পর্কে জনগণকে অবগত করতে ত্রিপুরায় বৃহস্পতিবার থেকে ‘জন বিশ্বাস যাত্রার’ সূচনা করল বিজেপি। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এ দিন দুটি রথযাত্রার সূচনা করেন। তারপর এক জনসভায় বক্তৃতা দেওয়ার সময় তিনি বলেন, ‘‘কংগ্রেস ও সিপিএম মন্দিরের নির্মাণ কাজে বাধা সৃষ্টি করেছে। তাদের জন্য এই বিষয়টি দীর্ঘদিন ধরে বিচারাধীন ছিল।’’ তিনি বলেছেন, ‘‘সুপ্রিম কোর্টের রায়ের পর মোদিজি মন্দিরের নির্মাণ কাজ শুরু করেন।’’ তিনি আরও বলেন, ‘‘রাহুল বাবা সাবরুম থেকে শুনুন, ২০২৪ সালের ১ জানুয়ারি রাম মন্দির তৈরি হয়ে যাবে।’’ প্রসঙ্গত, জনসাধারণের জন্য রাম মন্দিরের দ্বার কবে খোলা হবে তা নিয়ে জিজ্ঞাসা অনেকদিন থেকেই ছিল। এর আগে বিজেপির তরফে বেশ কয়েকবার জানানো হয়েছিল ২০২৪ সালের প্রথম দিকেই রাম মন্দিরের উদ্বোধন হবে। তবে নির্দিষ্ট করে কোনও দিনের কথা সেই সময় জানানো হয়নি। তবে আজ ত্রিপুরার সভা থেকে সেই দিনের কথা ঘোষণা করেই দিলেন অমিত শাহ। উল্লেখ্য, বৃহস্পতিবার ত্রিপুরায় দুটি বিজেপির রথযাত্রার সূচনা করেন অমিত শাহ। আটদিন ধরে চলবে এই রথযাত্রা। এই রথযাত্রার মাধ্যমে রাজ্যে উন্নয়নের বার্তা দিতে চায় বিজেপি। এদিকে বুধবারই রাজ্য সরকারের তরফে গত পাঁচ বছরে নিজেদের পারফরমেন্সের একটি রিপোর্ট কার্ড প্রকাশ করা হয়েছে। মোট ১০টি হেডিংয়ের অধীনে ৮৪ টি পয়েন্ট তুলে ধরে রাজ্য সরকার। বিজেপি সরকার দাবি করেছে, ২০১৮ সালে দেওয়া সমস্ত নির্বাচনী প্রতিশ্রুতি তাঁরা পূরণ করেছে। এদিন অমিত শাহ আরও বলেছেন, ‘‘আমরা এনএলএফটি (ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অফ ত্রিপুরা) এর সঙ্গে শান্তি আলোচনার মাধ্যমে সন্ত্রাসবাদের অবসান ঘটিয়েছি এবং রাজ্যে অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত ব্রাসকে পুনর্বাসিত করেছি।’’ স্বরাষ্ট্রমন্ত্রী এ দিন আরও বলেছেন, ‘‘ত্রিপুরা একসময় মাদক পাচার, সহিংসতা ও ব্যাপক দেশবিরোধী কার্যকলাপের জন্য পরিচিত ছিল। এখন তা উন্নয়ন, উন্নত পরিকাঠামো, খেলাধুলোয় সাফল্য, ক্রমবর্ধমান বিনিয়োগ ও জৈব কৃষি কার্যক্রমের জন্য পরিচিত।’’ তিনি বলেছেন, ‘‘ত্রিপুরায় কমিউনিস্টদের কুশাসন থেকে

মুক্তির জন্য পাঁচ বছর আগে বিজেপি ‘চলো পাল্টাই’র যে ডাক দিয়েছিল ত্রিপুরার জনগণ তাকে সার্থক রূপ দিয়েছে।’’ তিনি ত্রিপুরায় কমিউনিস্ট শাসনের প্রসঙ্গ তুলে ক্ষোভ উগরে দেন। তিনি বলেন, ‘‘কয়েক দশক ত্রিপুরায় কমিউনিস্টরা শাসন করেছে কিন্তু সমস্যার সমাধান করেনি। আগে ত্রিপুরার জনগণের কোন সমস্যা হলে কমিউনিস্টদের ক্যাডারদের কাছেই যেতে হতো, কিন্তু বিজেপি ত্রিপুরার সেই ক্যাডাররাজকে ধ্বংস করে সুশাসন প্রতিষ্ঠা করেছে।’’ তিনি প্রধানমন্ত্রীর প্রশংসা করে এ দিন বলেন, ‘‘প্রধানমন্ত্রীজির নেতৃত্বে বিজেপি সরকার ত্রিপুরায় অন্ধকারের স্থানে অধিকার, বিনাশের স্থানে বিকাশ, বিবাদের স্থানে বিশ্বাস, কুশাসনের স্থানে সুশাসন এবং দ্বিধার স্থানে সুবিধা প্রদানের কাজ করেছে।’’

৪৮ ঘণ্টার মধ্যে ক্ষমা চাইতে হবে, কুণালকে নোটিস শুভেন্দুর

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারিঃ নলহাটির সভায় তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষের বক্তব্য নিয়ে মানহানির মামলা রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। ৪৮ ঘণ্টার মধ্যে ক্ষমা চাইতে হবে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। প্রসঙ্গত, গত মঙ্গলবার নলহাটির স্কুল মাঠে সভা করেন কুণাল ঘোষ। সেই জেলার দাপুটে নেতা অনুব্রত মণ্ডল এখন হাজতে। সামনেই পঞ্চায়েত নির্বাচন। তার আগে সেখানকার দলীয় কর্মীরা যাতে অভিভাবকত্বহীনতায় না ভোগেন, তারই পাঠ পড়ান কুণাল ঘোষ। সেদিন মঞ্চ থেকে একটি অডিয়ো ক্লিপ শোনান কুণাল ঘোষ। তৃণমূলে থাকাকালীন শুভেন্দুর বিজেপির বিরুদ্ধে বিষোদ্গারের অডিয়ো টেপ শোনান। কর্মী সমর্থকদের সামনে কুণাল ঘোষ বলেন, ‘কে গদ্দার?’ অনুব্রত মণ্ডলের জেলায় আসার পথে শুভেন্দু নাকি গুড় বাতাসা, নকুলদানা দেখতে

পাননি বলে জানিয়েছিলেন। তাই কর্মী সমর্থকদের তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক বলেন, ‘‘কোনও পাতলা গুড় বা ঝোলা গুড় নয়, একেবারে পাটালি, মোটা দেখে পাটালি তুলে রাখবেন।’’ কুণালের বক্তব্য নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। কুণাল ঘোষ সেদিন আরও বলেছিলেন, বিজেপির ট্রেনি রাজ্য সভাপতি একটা লাউডগাকে কেউটে বলে বাজারে ছাড়তে চাইছে। জেলা থেকে বিজেপিকে হারিয়ে অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে মিথ্যা মামলায় গ্রেপ্তারের জবাব দিতে হবে।’’ কুণাল ঘোষের বক্তব্য ছিল, অনুব্রত মণ্ডলের মতো একটা সুদক্ষ সাংগঠনিক নেতাকে জেলে ঢুকিয়ে পঞ্চায়েত পার করতে চাইছে বিজেপি। সেটা যাতে না হয়, তার জন্য দলীয় কর্মীদের সচেতন করেন তিনি। বিজেপিকে লোকসভায় ক্ষমতাচ্যুত করারও ডাক দেন তিনি। এই বিষয়টি বলতে গিয়ে কুণাল ঘোষ বলেন, ‘‘বাঘকে খাঁচায় রেখে দুটো শিয়ালকে পাঠিয়েছে এখানে।’’ এই মন্তব্য নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। তারপরই শুভেন্দু অধিকারী মানহানির নোটিস দেন।

এফআইআর না নিলে পুলিশ সুপারদের বিরুদ্ধে হবে তদন্ত হাইকোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারিঃ পশ্চিম মেদিনীপুরের আনন্দপুর থানায় গণধর্ষনের অভিযোগে পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠল আদালতে। চরম উদাসীনতার কথা উল্লেখ করে রাজ্যের সব জেলার পুলিশ সুপারদের বিরুদ্ধে কড়া নির্দেশ দিল হাইকোর্ট। বৃহস্পতিবার ওই মামলার শুনানিতে নির্দেশ দেওয়া হয়েছে, এখন থেকে গুরুতর ফৌজদারি অপরাধের অভিযোগ এলে কোনওরকম দেরি না করে দ্রুত এফআইআর করে তদন্ত শুরু করতে হবে। যদি সে ক্ষেত্রে কোনও গাফিলতি হয়, তাহলে তৎক্ষণাৎ জেলা পুলিশ সুপার বা বিভাগীয় কমিশনারদের বিরুদ্ধে স্বতঃপ্রণোদিতভাবে বিভাগীয় তদন্ত শুরু করতে হবে রাজ্যকে। এমনই নির্দেশ দিয়েছেন বিচারপতি রাজা শেখর মান্থা। বিচারপতির আরও নির্দেশ, আদালতের এই নির্দেশের কথা বিজ্ঞপ্তি দিয়ে বা নির্দেশ জারি করে সব জেলার পুলিশ সুপারদের জানাতে হবে ডিজিকে। সেই নির্দেশ নিজেরা পড়ে তাতে স্বাক্ষর করে সেটি ডিজির কাছে পাঠাবেন পুলিশ সুপাররা। একই সঙ্গে পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপারের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ নিয়ে তাঁকে সতর্ক করবে রাজ্য। আর সেই সতর্কতার কথা তার সার্ভিস বুকে লিখে দিতে হবে বলে কার্যত নজিরবিহীন নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আনন্দপুরের ওই গণধর্ষনের অভিযোগ নেওয়া হয়নি বলে মামলা হয়। সেই ঘটনায় ইতিমধ্যে আদালতের নির্দেশে, ওই থানার ওসি এবং বিভাগীয় ডিএসপি-র বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়েছে।

গাইডলাইন অমান্য করেন কীভাবে? পর্ষদকে প্রশ্ন প্রধান বিচারপতির

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারিঃ ডিএলএড কোর্সে ভর্তির ক্ষেত্রে অন্তর্বর্তী স্থগিতাদেশের মেয়াদ বাড়ল আরও। বৃহস্পতিবার ওই মামলায় প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের নির্দেশ, আগামী ১৯ জানুয়ারি পর্যন্ত স্থগিতাদেশ জারি রাখা হবে, অর্থাৎ তার মধ্যে নতুন করে আর কেউ ভর্তির জন্য আবেদন করতে পারবেন না। বেনিয়মের অভিযোগে মামলা হওয়ায় ২০২১-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়ায় আগেই স্থগিতাদেশ জারি করা হয়েছিল। ওই শিক্ষাবর্ষে ভর্তির মেয়াদ শেষ হয়ে গেলেও কীভাবে আবার নতুন করে বিজ্ঞপ্তি দেওয়া হল, তা নিয়ে প্রশ্ন তুলেই মামলা হয়েছিল হাইকোর্টে। কলকাতা হাইকোর্টে প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তবের ডিভিশন বেঞ্চ এদিন প্রাথমিক শিক্ষা পর্ষদকে প্রশ্ন করেন, ‘‘এনসিটিই গাইডলাইন কীভাবে অমান্য করেন? পিছনের দরজা দিয়ে কি ভর্তি করা হচ্ছে?’’ দু’ বছরের এই কোর্সে ২০২১-২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য গত ২৮ ডিসেম্বর

প্রাথমিক শিক্ষা পর্ষদ একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল। সেখানে বলা হয়, ২ জানুয়ারি থেকে ৬ জানুয়ারি ডিএলএডের জন্য ফর্ম পূরণ করা যাবে। অর্থাৎ ২০২১-২৩ শিক্ষাবর্ষের জন্যই ভর্তি নেবে পর্ষদ। মামলাকারীদের প্রশ্ন ছিল, দেড় বছর কোর্স হয়ে যাওয়ার পর কীভাবে এই ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হল? একইসঙ্গে কোর্সের ফি নিয়েও মামলাকারী অভিযোগ তোলেন। এই কোর্সে আবেদনের জন্য জেনারেল প্রার্থীর ক্ষেত্রে ৩০০ টাকা লাগে। তফশিলি জাতি ও উপজাতির ক্ষেত্রে লাগে ১৫০ টাকা। কিন্তু মামলাকারীর বক্তব্য, পর্ষদ সম্প্রতি যে বিজ্ঞপ্তি দিয়েছে তাতে আবেদনের জন্য ৩ হাজার টাকা ফি দিতে হবে। অন্যদিকে, এনসিটিই-র কাছে জানতে চাওয়া হয়েছিল, কতদিন ক্লাস করা বাধ্যতামূলক? উত্তরে জানানো হয়, ২০০ দিন ক্লাস করতেই হবে। এরপরই আদালতে প্রশ্ন ওঠে, আর কয়েক মাস এই কোর্স শেষ হওয়ার বাকি। সেখানে কীভাবে এই বিজ্ঞপ্তি পর্ষদ দিল? আবেদনের ফি নিয়েও ওঠে প্রশ্ন। হিসেব মতো এখন যদি কেউ ভর্তি হয়, তাহলে কোর্স শেষ হওয়া অবধি তাঁর ২০০ দিন সম্পূর্ণ হচ্ছে না। এদিন তাই বিচারপতি জানতে চান এনসিটিই-র গাইডলাইন মানা হচ্ছে না কেন? তবে কি পিছনের দরজা দিয়ে ভর্তি নেওয়া হচ্ছে? সেই প্রশ্নও তুলেছে আদালত।

চলতি মাসেই রাজ্য সফরে জেপি নাড্ডা, আসবেন প্রধানমন্ত্রী-স্বরাষ্ট্রমন্ত্রীও

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারিঃ জল্পনার অবসান! বঙ্গ সফর বাতিল করছেন না কেন্দ্রীয় বিজেপি নেতৃত্ব। দলের জাতীয় কর্মসমিতির বৈঠকের পরই রাজ্যে আসছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা। বৃহস্পতিবার কলকাতায় সাংবাদিক সম্মেলন করে একথা স্পষ্ট করে দিলেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। শুধু জেপি নাড্ডা নন, তাঁর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও রাজ্য সফরে আসবেন বলে জানিয়েছেন সুকান্ত মজুমদার। এদিন কলকাতায় বিজেপির রাজ্য সদর দফতরে সাংবাদিক সম্মেলন করেন সুকান্ত মজুমদার। সেখানেই তিনি জানান, আগামী ১৯ জানুয়ারি, বৃহস্পতিবার রাজ্যে আসছেন জেপি নাড্ডা। এরপর অমিত শাহ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাজ্যে আসবেন। অর্থাৎ কেন্দ্রীয় বিজেপি নেতৃত্ব বঙ্গ সফর বাতিল করছেন বলে যে গুঞ্জন শোনা যাচ্ছিল, তা কার্যত খারিজ করে দেন রাজ্য বিজেপি সভাপতি। প্রসঙ্গত, প্রাথমিকভাবে বিজেপি সূত্র মারফত জানা গিয়েছিল, আগামী ৭ ও ৮ জানুয়ারি দু-দিনের রাজ্য সফরে আসবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা। তারপর ১৭ জানুয়ারি স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং ১৯ জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাজ্যে আসবেন বলে শোনা যাচ্ছিল। প্রধানমন্ত্রী শিলিগুড়িতে সভা করতে পারেন বলেও বিজেপি সূত্র মারফত জানা গিয়েছিল। কিন্তু সম্প্রতি সেই কর্মসূচি বাতিল করা হয়েছে। মূলত, ২০২৪-এর লোকসভা নির্বাচনকে পাখির চোখ করেই রাজ্যবাসীর মন বুঝতে এবং দলীয় কর্মীদের ‘ভোকাল টনিক’ দিতে প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী সহ বিজেপির শীর্ষ নেতৃত্বের বঙ্গ সফরে আসছিলেন বলে বিজেপি সূত্রে প্রাথমিকভাবে জানা যায়। তারপর হঠাৎ করেই কর্মসূচি বাতিল হয়ে যাওয়ার কারণ দলের তরফে স্পষ্ট করে কিছু জানানো না হলেও দিল্লিতে বিজেপির জাতীয় কর্মসূচির বৈঠক রয়েছে বলে জানা যায়। আগামী ১৬ ও ১৭ জানুয়ারি দিল্লিতে বিজেপির জাতীয় কর্মসমিতির বৈঠক রয়েছে। তার জেরেই নাড্ডা সহ প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রীর বঙ্গ সফর বাতিল হয় বলে রাজনৈতিক মহলের একাংশের অনুমান। যদিও প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী এবং বিজেপির সর্বভারতীয় সভাপতির বঙ্গ সফর এবং এরাজ্যে তাঁদের কর্মসূচি বাতিল হচ্ছে না, কেবল পিছিয়ে যাচ্ছে বলে আগেই জানিয়েছিলেন বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য। পরবর্তীতে নতুন সময় জানানো হবে বলেও জানান তিনি। এবার দলের তরফে জেপি নাড্ডার বঙ্গ সফরের দিন ঘোষণা করলেন রাজ্য বিজেপি সভাপতি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও শীঘ্রই রাজ্য সফরে আসবেন বলে তিনি জানিয়েছেন।

অঙ্কিতার থেকে পাওয়া টাকা আলাদা করে রাখার নির্দেশ ববিতাকে, চাকরি নিয়ে রয়ে যাচ্ছে জট

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারিঃ ববিতা সরকারের চাকরি নিয়ে জট রয়েই গেল। মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পরেশ অধিকারীর মেয়ে অঙ্কিতার কাছ থেকে পাওয়া টাকা আলাদা অ্যাকাউন্টে রাখতে হবে। বৃহস্পতিবার এমনই নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। মামলায় জয়ী হয়ে হাইকোর্টের নির্দেশে অঙ্কিতার পদে চাকরি পেয়েছিলেন ববিতা। তাঁর চাকরি নিয়ে প্রশ্ন তুলে এবার আদালতের দ্বারস্থ হয়েছে অনামিকা রায়। শিক্ষাগত যোগ্যতার নিরিখে ববিতা যে নম্বর পেয়েছেন, তা সঠিক নয় বলে দাবি করেছেন অনামিকা। তাঁর দাবি, আসলে ববিতার নয়, অঙ্কিতার জায়গায় চাকরি পাওয়ার কথা তাঁর। সেই মামলাতেই এবার ববিতাকে টাকা জমা রাখার নির্দেশ দিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। আগামী সোমবার, ৯ জানুয়ারি ফের এই মামলার শুনানি রয়েছে। ববিতা ও অনামিকা, উভয়ের বিষয় ছিল রাষ্ট্রবিদ্যা, অনামিকা রায়ের র‍্যাঙ্ক ছিল ২১। ২৪ জুলাই মন্ত্রী কন্যা অঙ্কিতার চাকরি যায় আদালতের নির্দেশে। কমিশনের চেয়ারম্যান ও সচিবকে আদালতের তরফে ভার্চুয়ালি জিজ্ঞেস করা হলে, তাঁরা জানান, ববিতার অ্যাকাডেমিক স্কোর ৩৩, তাঁর পাওয়ার কথা ৩১। মেধা তালিকা দেখে অনামিকা মামলা দায়ের করেন ববিতা ও কমিশনের বিরুদ্ধে। এদিন কমিশন অনামিকা রায়ের মামলার বিরোধিতা করে। কমিশনের আইনজীবী সুতানু পাত্র জানান, নতুন আবেদন করতে পারতেন অনামিকা, কিন্তু কারও জায়গায় এভাবে তাঁর চাকরির আবেদন করা যায় না। রাজ্য জানায় ভুল তথ্য দিয়েছে ববিতা, তাই তাঁর চাকরি বাতিল হোক। অনামিকা রায়ের মামলায় এখনও কিছু সংশোধন প্রয়োজন বলে উল্লেখ করেছেন বিচারপতি। হাইকোর্টের নির্দেশে, অঙ্কিতা অধিকারীর থেকে প্রায় ১৫ লক্ষ টাকা পেয়েছিলেন ববিতা। সেই টাকা আলাদা করে অন্য অ্যাকাউন্টে জমা রাখার জন্যই ববিতা সরকারকে নির্দেশ দিয়েছে আদালত। আলাদা করে ফিক্সড ডিপোজিট করার জন্য ববিতাকে নির্দেশ দেন বিচারপতি। যদি মামলার রায় বিপক্ষে যায় তবে পুরো টাকা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলের কাছে জমা করতে হবে বলে জানিয়েছেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। শুধু তাই নয়, ববিতার প্রাপ্ত নম্বর ৬০ শতাংশ না হওয়া সত্ত্বেও কেন তিনি আবেদনে ৬০ শতাংশ লিখলেন, তার ব্যাখ্যা দিতে হবে বলে নির্দেশ দেওয়া হয়েছে আদালতের তরফে।

উত্তরাখণ্ডের হালদওয়ানিতে উচ্ছেদে সায় দিল না সুপ্রিম কোর্ট, পুষ্কর বললেন আদালতের নির্দেশ মতো এগোব

নয়াদিল্লি, ৫ জানুয়ারি ঃ উত্তরাখণ্ডের হালদওয়ানিতে বনভুলপুরা এলাকায় রেলের জমি থেকে কয়েক হাজার বাসিন্দাকে উচ্ছেদের জন্য সরকারি উদ্যোগে সম্মতি দিল না সুপ্রিম কোর্ট। বৃহস্পতিবার এ বিষয়ে উত্তরাখণ্ড হাইকোর্টের রায়ের উপর স্থগিতাদেশ জারি করে সর্বোচ্চ আদালত জানিয়েছে, ' ৫০ হাজার মানুষকে এক সঙ্গে রাতারাতি উখাত করা যায় না।' উত্তরাখণ্ড হাইকোর্টের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে জানানো আবেদনের ভিত্তিতে উত্তরাখণ্ড সরকার এবং ভারত রেলওয়েকে নোটিশ জারি করেছে সুপ্রিম কোর্ট। এই বিষয়ে পরবর্তী শুনানি হবে ৭ ফেব্রুয়ারি। সুপ্রিম কোর্টের রায় শোনার পর উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি বলেছেন, আমরা আগেই বলেছি এটি রেলের জমি। আদালতের নির্দেশ অনুযায়ী আমরা এগোব।

মনোহর আন্তর্জাতিক বিমানবন্দরে বিমানের অবতরণ, অর্থনীতি ও পর্যটনের বিকাশের আশা প্রমোদের

গোয়া, ৫ জানুয়ারি ঃ প্রতীক্ষার অবসান, হায়দরাবাদ থেকে উড়ে আসা প্রথম যাত্রীবাহী বিমান বৃহস্পতিবার সকালে অবতরণ করল গোয়ার মনোহর আন্তর্জাতিক বিমানবন্দরে। ২০২২ সালের ডিসেম্বর মাসে মনোহর আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন করেছিলেন প্রধানমন্ত্রী মোদী। বৃহস্পতিবার থেকে এই বিমানবন্দরে শুরু হয়েছে ঘরোয়া বিমান চলাচল।মোপার মনোহর আন্তর্জাতিক বিমানবন্দরে আগত যাত্রীদের এদিন উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। ফুল দিয়ে স্বাগত জানানো হয় যাত্রীদের। গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত বলেছেন, মনোহর আন্তর্জাতিক বিমান বন্দরের উদ্বোধন করেছিলেন প্রধানমন্ত্রী মোদী, বৃহস্পতিবার এখানে কমার্শিয়াল বিমান অবতরণ করেছে। এর ফলে এখানে অর্থনীতি এবং পর্যটনের বিকাশ ঘটবে।

দুর্ঘটনার শিকার মেঘালয় তৃণমূল নেতার গাড়ি, আহত বিধায়ক ভরতি শিলঙের হাসপাতালে

শিলং, ৫ জানুয়ারি ঃ দুর্ঘটনার শিকার হয়েছে মেঘালয়ের তৃণমূল নেতা তথা বিধায়কের গাড়ি। আহত বিধায়ক লাজারাস এম সাংমাকে ভরতি করা হয়েছে তুরার একটি হাসপাতালে।দুর্ঘটনাটি গত বুধবার রাতে দক্ষিণ গারোপাহাড় জেলার অন্তর্গত চোকপটের বিধায়ক বছর ৪৫-এ লাজারাস এম সাংমা তুরার উদ্দেশ্যে যাচ্ছিলেন। তখন তুরার উপকণ্ঠে বালোংগ্রেতে অবস্থিত আইসিএফএআই বিশ্ববিদ্যালয়ের দেওয়ালে তাঁর গাড়ি প্রচণ্ড জোরে ধাক্কা দিলে দুর্ঘটনাটি সংঘটিত হয়। সঙ্গে সঙ্গে চিড়ে-চ্যাপটা গাড়ি থেকে বিধায়ক এবং তাঁর সহযাত্রীকে বের করে আহত অবস্থায় তুরা সিভিল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। দুজনেই সংকটমুক্ত বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।জানা গেছে, এমএল ০৮ এইচ ৭৬৩৯ নম্বরের মাহিন্দা বলেরো জিপটি নিজেই চালাচ্ছিলেন। গাড়িতে আরও একজন যাত্রী দোবাসীপাড়ার তেংরাং সিএইচ মমিন (৪০)ও ছিলেন। তাঁকেও সিভিল হাসপাতালে নিয়ে ভরতি করা হয়েছে। পুলিশ জানিয়েছে, ঘন কুয়াশার মধ্যেও

উত্তরপ্রদেশঃশপথ নিলেন আরএলডি বিধায়ক মদন ভাইয়া

লখনউ, ৫ জানুয়ারি ঃ গত বুধবার মুজাফফরনগর জেলার খাতৌলি আসন থেকে নবনির্বাচিত রাষ্ট্রীয় লোকদল (আরএলডি) বিধায়ক মদন ভাইয়া উত্তরপ্রদেশ বিধানসভার সদস্যপদে শপথ নিলেন।বিধান ভবনে রাজশ্রী পুরুষোত্তম দাস ট্যান্ডন হলে মদন ভাইয়াকে শপথবাক্য পাঠ করান বিধানসভার স্পিকার সতীশ মহানা। স্পিকার এই অনুষ্ঠানে আরএলডি বিধায়ককে সংবিধানের একটি অনুলিপির বই উপহার দেন।অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিধানসভার মুখ্য সচিব প্রদীপ কুমার দুবে এবং অন্যান্য ব্যক্তিরা। প্রসঙ্গত, ভারতীয় জনতা পার্টির বিধায়ক বিক্রম সিং সাইনিকে বিধানসভার সদস্যপদ থেকে অযোগ্য ঘোষণা করার পরে ডিসেম্বরে খাতৌলি বিধানসভা আসনের উপনির্বাচন অনুষ্ঠিত হয়েছিল।

পরিকাঠামো প্রকল্পের জন্য প্রথম সিওরিটি বন্ড ইন্স্যুরেন্সের সূচনা

নয়াদিল্লি,৫জানুয়ারিঃকেন্দ্রীয় সড়ক উন্নয়ন প্রকল্পে ব। পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ৫৭ হাজার ২০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। সা।ক পরিবহণ ও যোগাযোগ মন্ত্রী শ্রী নীতিন গ।করি ২ লক্ষ ৩০ হাজার ৮০২ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। সারা দেশে ২৭টি গ্রিনফিল্ড এক্সপ্রেসওয়ে নির্মাণ করা হয়েছে। পর্বতমালার আওতায় রোপওয়ে প্রকল্পে বিশেষ চাহিদা লক্ষ্য করা গেছে। আরটিও না গিয়ে কাজ সম্পন্ন করতে অনলাইন পরিষেবা নম্বরের সংখ্যা ১৮ থেকে বাড়িয়ে ৫৮ করা হয়েছে। BS-VI যানবাহনে সিএনজি এবং এলপিজি কীট রাখার অনুমতি দেওয়া হয়েছে। সবুজ জ্বালানীতে উসাহ দেওয়া হয়েছে। পাশাপাশি, বৈদ্যুৎতিন যানবাহনে নিরাপত্তা বাড়াতে একাধিক পদক্ষেপ গৃহীত হয়েছে। গাড়ি দুর্ঘটনায় মৃতদের ক্ষতিপূরণ বাড়িয়ে ২ লক্ষ টাকা করা হয়েছে। কেন্দ্রীয় সড়ক যোগাযোগ সহ বিভিন্ন বিষয়ে পর্যালোচনার জন্য বেঙ্গালুরুতে মন্থন সম্মেলনের আয়োজন করা হয়।ভারতে প্রায় ৬৩.৭৩ লক্ষ কিলোমিটার সা।কপথ রয়েছে, যা বিশ্বের দ্বিতীয় বৃহত্তম। এর মধ্যে জাতীয় সড়ক ১ লক্ষ ৪৪ হাজার ৬৩৪ কিলোমিটার। রাজ্য সড়ক ১ লক্ষ ৮৬ হাজার ৯০৮ কিলোমিটার এবং অন্যান্য সড়ক ৫৯ লক্ষ ২ হাজার ৫৩৯ কিলো মিটার।জাতীয় সা।ক অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গত আট বছরে ভারতে জাতীয় সড়কের পরিকাঠামো উন্নয়নে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবর্ষে দেশের মোট জাতীয় সড়কের দৈর্ঘ্য ছিল ৯৭ হাজার ৮৩০ কিলোমিটার। ২০২২-২৩ অর্থবর্ষে ৩০ নভেম্বর পর্যন্ত তা বেড়ে হয়েছে ১ লক্ষ ৪৪ হাজার ৬৩৪ কিলোমিটার।দেশে পণ্য ও যানবাহন চলাচলের গতি বাড়াতে



ভারতমালা পরিযোজনার সূচনা হয়েছে। ২০১৭ সালের অক্টোবর মাসে প্রথম দফায় এই ভারতমালা পরিযোজনার সূচনা হয়। করিডরের মানোন্নয়ন করাই ছিল এর মূল লক্ষ্য। সীমান্ত ও আন্তর্জাতিক সড়ক এবং উপকূল ও বন্দর এলাকার পাশাপাশি এক্সপ্রেসওয়ের সঙ্গে বিভিন্ন সড়কের যোগাযোগ স্থাপন করাই এই যোজনার মূল লক্ষ্য ছিল।মন্ত্রক কোভিড-১৯ অতিমারীর কথা মাথায় রেখে সড়ক নির্মাণকারী ঠিকাদার ও এ সংক্রান্ত অন্যান্য কর্মীদের স্বস্তি দিতে কাজ সম্পন্ন করার নির্দিষ্ট সময়সীমা কিছুটা বা।িয়ে ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত করেছে। মন্ত্রক ইতিমধ্যেই সিকিউরিটি বাবদ জমা দেওয়া অর্থের পরিমাণও কিছু কমানোর সিদ্ধান্ত নিয়েছে।আজাদি কা অমৃত মহোসব - এর কথা মাথায় রেখে অমৃত সরোবর অভিযানের উদ্যোগ নেওয়া হয়েছে। এর আওতায় পুষ্করিণী গুলির পুনরুজ্জীবন ঘটানো হচ্ছে। এখান থেকে খনন করে পাওয়া মাটি ও অন্যান্য সামগ্রী ব্যবহার করা হচ্ছে জাতীয় সড়ক নির্মাণের কাজে। পরিকাঠামো প্রকল্পের জন্য সা।ক পরিবহণ ও যোগাযোগ মন্ত্রী শ্রী নীতিন গড়করি সিওরিটি বন্ড ইন্স্যুরেন্সের সূচনা করেছেন। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২০২২ সালের ২৪ এপ্রিল দিল্লি - অমৃতসর - কাটরা পথে তিনটি সা।ক নির্মাণের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উদ্বোধন করেন বাণীহাল - কাজীগুন্দ সুড়ঙ্গের। এছাড়াও, মে ও জুন মাসে তিনি চেন্নাই, বেঙ্গালুরু সহ বিভিন্ন জায়গায় বেশ কিছু সা।ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। ১২ জুলাই পশ্চিমবঙ্গের সীমান্ত এলাকা পর্যন্ত ৩২ নম্বর জাতীয় সড়ক সম্প্রসারণের কাজের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন তিনি। ১৭ ডিসেম্বর প্রধানমন্ত্রী আগরতলা বাইপাসের সম্প্রসারণ প্রকল্পের উদ্বোধন করেন।সা।ক পরিবহণ ও যোগাযোগ মন্ত্রী শ্রী গড়করি ২০২২ সালে একাধিক সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে উত্তর প্রদেশের ২৬ হাজার ৭৭৮ কোটি টাকা ব্যয়ে ৮২১ কিলোমিটার দীর্ঘ জাতীয় সড়ক প্রকল্প রয়েছে। শ্রী গ।করি গঙ্গা নদীর উপর ১৪.৫ কিলোমিটার দীর্ঘ রেল তথা সড়ক সেতু উদ্বোধন করেন ১১ ফেব্রুয়ারি। কর্ণাটক, মধ্যপ্রদেশ, হরিয়ানা, অন্ধ্রপ্রদেশ, মুম্বাই, ছত্তিশগড়, হায়দরাবাদ, রাজস্থান, বিহার ও পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন স্থানে একগুচ্ছ সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন।৮ ও ৯ সেপ্টেম্বর দেশে সা।ক যোগাযোগের সুযোগ এবং এ সংক্রান্ত অন্যান্য বিষয় পর্যালোচনার জন্য মন্থন এক্সপো সম্মেলনের আয়োজন করা হয়। বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির প্রতিনিধিরা এতে অংশ নেন। বলিউড অভিনেতা অক্ষয় কুমার অভিনীত সড়ক নিরাপত্তার উপর একটি স্বল্প দৈর্ঘ্যের সিনেমাও দেখানো হয়।সড়ক পরিবহণ ও যোগাযোগ মন্ত্রক দেশে বিশেষ প্রচারাভিযান কর্মসূচিতেও অংশ নেয়। এর মধ্যে টোল প্লাজাগুলিতে স্বচ্ছতা অভিযান বিশেষভাবে উল্লেখযোগ্য।পর্বতমালা প্রকল্পের আওতায় নিরাপদে ও দ্রুততার সঙ্গে পার্বত্য এলাকায় চলাচলের জন্য রোপওয়ে ব্যবস্থা চালু করা হচ্ছে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী গৌরীকুন্ড থেকে কেদারনাথ এবং গোবিন্দঘাট থেকে হেমকুন্ড সাহিব পর্যন্ত দুটি নতুন রোপওয়ে প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। হিমাচল প্রদেশে রোপওয়ে তৈরির জন্য রাজ্য সরকারের সঙ্গে একটি সমঝোতাপত্র স্বাক্ষর করেন কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও যোগাযোগ মন্ত্রী শ্রী গড়করি। মধ্যপ্রদেশেও ১৪টি নির্বাচিত স্থানে রোপওয়ে তৈরির জন্য সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে।এছাড়াও, দেশে চালক প্রশিক্ষণ কেন্দ্রগুলির মান্যতা সংক্রান্ত আইনে সংশোধন আনা হয়েছে। ভারতে ব্যক্তিগতভাবে বিদেশি যানবাহন চলাচলের জন্যও আইনি প্রক্রিয়া সংশোধন করা হয়েছে। এছাড়াও, যানবাহন চলাচল সংশোধনী আইন, ২০১৯ - এর ৪৪ নম্বর ধারাটি কার্যকর করেছে কেন্দ্রীয় সরকার। এতে বাধ্যতামূলকভাবে হেলমেট ব্যবহারের কথাও বলা হয়েছে। মন্ত্রক সারা ভারত পর্যটক যানবাহন চলাচল সংক্রান্ত আইন সংশোধনেরও সিদ্ধান্ত নিয়েছে।সা।ক নিরাপত্তার জন্য সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গাড়ি চালানোর সময় সিট বেল্ট বাধ্যতামূলক। মহিলা যাত্রীদের সুরক্ষা ও নিরাপত্তার জন্য ভারত সরকার একটি বিশেষ তহবিল গঠন করেছে। পথ দুর্ঘটনার ক্ষেত্রে বিস্তারিত তদন্তের সংস্থান রাখা হয়েছে।দেশে বর্তমানে ১২টি প্রধান বন্দর রয়েছে। এগুলির সঙ্গে যোগাযোগ স্থাপনের জন্য ২ হাজার ৭৭৯ কিলোমিটার দীর্ঘ সড়ক নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে।১৬ মার্চ হাইড্রোজেন ফুয়েল সেল বৈদ্যুৎতিন গা।রি উদ্বোধন করা হয়। এর ফলে, ভারতে সবুজ হাইড্রোজেন-ভিত্তিক যানবাহন চলাচলের ক্ষেত্রে উৎসাহ বাড়লো।২০২২ সালে একগুচ্ছ রেকর্ড তৈরি হয়েছে সড়ক পরিবহণ ও যোগাযোগ ক্ষেত্রে। এসেছে নানা সম্মান। মহারাষ্ট্র মেট্রো দল এবং এনএইচ এআই নাগপুরে ডবল ডেকার ফ্লাইওভার ও মেট্রো রেল চলাচলের পথ নির্মাণ করে বিশ্ব রেকর্ড গড়েছে।

গুয়াহাটি থেকে আগরতলার উদ্দেশ্যে যাত্রা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের

গুয়াহাটি, ৫ জানুয়ারিঃ গুয়াহাটি থেকে আগরতলার উদ্দেশ্যে যাত্রা করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। আজ বৃহস্পতিবার সকাল প্রায় সাড়ে এগারোটা নাগাদ বড়ঝাড়ে গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে বিদায় সম্ভাষণ জানান মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা, অসমের পুলিশ-প্রধান ভাস্বরজ্যোতি মহন্ত, কামরূপ মেট্রোর জেলাশাসক পল্লবলোচন ঝা সহ রাজ্য প্রশাসনের শীর্ষ আধিকারিকরা।আজ অনুষ্ঠেয় ' যাত্রা'য় অংশ নিতে গতকাল রাতে ত্রিপুরার রাজধানী আগরতলা বিমানবন্দরে অবতরণ করার কথা ছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের। কিন্তু ঘন কুয়াশা তথা প্রতিকূল আবহাওয়ার দরুন আগরতলার আকাশ থেকে ঘুরে সোজা অসমের রাজধানী গুয়াহাটির বড়ঝাড়ে গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দরে বুধবার রাত প্রায় সোয়া দশটা নাগাদ অমিত শাহকে নিয়ে অবতরণ করে বায়ুসেনার বিশেষ বিমান। বিমানবন্দরে তাঁকে অভ্যর্থনা জানান মুখ্যমন্ত্রী ড. শর্মা, সাংসদ পবিত্র মার্ঘেরিটা, বিজেপির প্রদেশ স্তরের কয়েকজন নেতা এবং রাজ্য প্রশাসনের শীর্ষ আধিকারিকরা। গতকাল রাতে রেডিসন ব্লু-তে কেন্দ্রীয় শীর্ষ নেতা তথা স্বরাষ্ট্রমন্ত্রী শাহের সঙ্গে বেশ কিছুক্ষণ একান্তে বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।গতরাতে হোটেল রেডিসন ব্লু-তে অবস্থান করে আজ সকালে তিনি আগরতলার উদ্দেশ্যে যাত্রা করেছেন। গুয়াহাটি বিমানবন্দরে যাওয়ার আগে আজ সকালেও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে রেডিসন ব্লু-তে যান মুখ্যমন্ত্রী। সেখান থেকে দুজনে একসাথে গুয়াহাটি বিমান বন্দরের উদ্দেশ্যে রওয়ানা হন।

জামিন সংক্রান্ত মামলা প্রত্যাহার করে নিলেন কল্যাণময় গঙ্গোপাধ্যায়

কলকাতা, ৫ জানুয়ারি ঃ নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত কল্যাণময় গঙ্গোপাধ্যায়ের জামিনের আবেদন প্রত্যাহার করা হল হাইকোর্ট থেকে। গতকালই তাঁকে আবেদন প্রত্যাহারের সুযোগ দিয়েছিল হাইকোর্ট । কল্যাণময় বাবুর জামিনের আবেদন প্রত্যাহার নিয়ে ইচ্ছাপ্রকাশের কথা হাইকোর্টে জানানো হয়েছে।বুধবার মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়ের জামিনের আবেদন খারিজ করে দেয় কলকাতা হাই কোর্ট। এর পর বৃহস্পতিবার জামিন সংক্রান্ত মামলা প্রত্যাহার করে নেন কল্যাণময়। বুধবার তাঁর জামিনের আর্জি খারিজ করে দিলেও হাই কোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি অজয়কুমার গুপ্তের ডিভিশন বেঞ্চ জানিয়েছিল, বৃহস্পতিবার আবার তাঁরা মামলাটি শুনবেন।গত ১৩ ডিসেম্বর কলকাতা হাই কোর্টে জামিনের আবেদন করেন কল্যাণময়। আদালত এ প্রসঙ্গে সিবিআইয়ের বক্তব্য জানতে চেয়েছিল। কিন্তু গত ২২ ডিসেম্বর জামিন মামলার পরবর্তী শুনানিতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার জবাবে অসন্তোষ প্রকাশ করে আদালত। বুধবারও সিবিআইকে বিচারপতি বাগচী পরামর্শের সুরে বলেন, ' দুর্নীতিতে আর্থিক লেনদেনের তদন্ত ভাল করে করুন। অযোগ্যদের তো আর ভালবেসে চাকরি দেওয়া হয়নি!'' একই সঙ্গে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার উদ্দেশে বিচারপতি প্রশ্ন করেন, ' যুক্তি না থাকলে এক জনকে কত দিন বন্দি করে রাখতে পারবেন?'' নিয়োগ দুর্নীতি মামলায় পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ অর্পিতা মুখোপাধ্যায়ের দুটি ফ্ল্যাট থেকে উদ্ধার হওয়া টাকার পাহাড় দেখে চোখ কপালে উঠেছিল বাঙালির! এসএসসি-র নিয়োগ দুর্নীতিতে ধৃত মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়ের ভূমিকা এবং আর্থিক লেনদেনের সঙ্গে তিনি যুক্ত কিনা, তা খুঁজে দেখার জন্য সিবিআইকে নির্দেশ দিল হাইকোর্ট। গত বছরের ১৫ সেপ্টেম্বর, কল্যাণময় গঙ্গোপাধ্যায়কে গ্রেফতার করে সিবিআই। অযোগ্য প্রার্থীদের নিয়োগপত্র দেওয়ার ক্ষেত্রে অন্যতম প্রধান ভূমিকা ছিল কল্যাণময়ের। প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতি কাণ্ডে কল্যাণময় ১১৩ দিন ধরে জেলে রয়েছেন। তাঁর বিরুদ্ধে চার্জশিটও পেশ হয়েছে। এ প্রসঙ্গে কল্যাণময়ের আইনজীবী বলেছিলেন, তাঁর মক্কেলের শারীরিক সমস্যা রয়েছে। তা ছাড়া স্কুল সার্ভিস কমিশনের নিয়োগ কমিটির উপদেষ্টা ছিলেন শান্তিপ্রসাদ সিনহা। তাঁর দেওয়া সুপারিশপত্র মেনেই নিয়োগ করা হয়েছে। বুধবার এ ব্যাপারে আদালতের প্রশ্নের জবাবে সিবিআই জানিয়েছে, প্যানেলের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরও প্রচুর অযোগ্যকে নিয়োগ করা হয়েছে। তদন্তে বেনিয়ম দেখেই গ্রেফতার করা হয়েছিল। উল্লেখ্য, এর আগেও আদালত কল্যাণময়ের মামলায় সিবিআইয়ের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে ভর্সনা করেছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে। বিচারপতি বাগচী সিবিআইয়ের কাছে জানতে চেয়েছিলেন, এই মামলায় কল্যাণময়ের ভূমিকা ঠিক কী? ২০১০ সাল থেকে টানা প্রায় ১০ বছর মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি থাকাকালীন শিক্ষক নিয়োগের দুর্নীতিতে কল্যাণময়ের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল বলে সিবিআই অভিযোগ করে। এর আগে বিশেষ সিবিআই আদালত এবং হাই কোর্টে কল্যাণময়ের জামিনের আবেদন খারিজ হয়ে যায়।

লালন শেখের মৃত্যু-মামলা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্তের একক বেঞ্চে

কলকাতা, ৫ জানুয়ারি ঃ লালন শেখের মৃত্যু-মামলা থেকে অব্যাহতি নিলেন বিচারপতি রাজা শেখর মান্থা। মামলা শুনবে কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্তের একক বেঞ্চ। বৃহস্পতিবার প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব জানান, তিনি এই মামলা শোনার জন্য বিচারপতি সেনগুপ্তকে জানিয়েছেন। সিবিআই হেফাজতে লালন শেখের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় রাজ্য পুলিশের করা এফআইআর-কে চ্যালেঞ্জ করে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল সিবিআই। লালনের স্ত্রী রেশমা বিবি স্বামীর মৃত্যুর জন্য সিবিআইয়ের তিন অফিসারকে দায়ী করে এফআইআর করেন। তার ভিত্তিতেই মমলা হয়। সেই সময় বিচারপতি রাজা শেখর মান্থার অনুপস্থিতিতে মামলাগুলি শুনছিলেন বিচারপতি জয় সেনগুপ্ত। তিনি সিবিআইকে একটি রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছিলেন।বৃহস্পতিবার সিবিআইয়ের আইনজীবী ডি পি সিং মামলার দ্রুত শুনানির জন্য বিচারপতি মান্থার দৃষ্টি আকর্ষণ করেন। বিচারপতি মান্থা ওই মামলা থেকে অব্যাহতি নেন। তিনি জানান, এই মামলার শুনানি বিচারপতি সেনগুপ্তের এজলাসেই হওয়া উচিত। সিবিআইয়ের আইনজীবী প্রধান বিচারপতি এবং বিচারপতি সেনগুপ্তের দৃষ্টি আকর্ষণ করেন মামলার দ্রুত শুনানির জন্য।

দৈনিক সংক্রমণ ২০০-র নীচেই ভারতে কোভিডে মৃত্যু আরও ৩ জনের, সক্রিয় রোগী কমে ২,৫৫৪

নয়াদিল্লি, ৫ জানুয়ারি ঃ ভারতে করোনাভাইরাসের দৈনিক সংক্রমণ আপাতত ২০০-র নীচেই রয়েছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১৮৮ জন, এই সময়ে মৃত্যু হয়েছে ৩ জনের। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় কেরলে নতুন করে ৩ জনের মৃত্যুর পর বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট করোনায় মৃত্যু হয়েছে ৫,৩০,৭১০ জনের। দেশে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ২ হাজার ৫৫৪-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৪৬,০৫৫ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ। ভারতে মোট করোনায় সংক্রমিত হয়েছেন ৪,৪৬,৭৯,৩১৯ জন।এদিকে, দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ৬১ হাজার ৮২৮ জন প্রাপক, ফলে ভারতে বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ২২০.১২-কোটির বেশি টিকাকরণ সম্পন্ন হয়েছে। মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,১২, ৩৩,৭৬২। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসি এমআর) জানিয়েছে, ৪ জানুয়ারি সারা দিনে ভারতে ১,৯৩,০৫১ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

জল সংরক্ষণের জন্য শুধুমাত্র সরকারের প্রচেষ্টাই যথেষ্ট নয়, জনগণের অংশগ্রহণও অত্যন্ত জরুরিঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

নয়াদিল্লি, ৫ জানুয়ারি ঃ জল সংরক্ষণের জন্য শুধুমাত্র সরকারের প্রচেষ্টাই যথেষ্ট নয়, জনগণের অংশগ্রহণও অত্যন্ত জরুরি। এই মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, জল সংরক্ষণের জন্য জনগণের অংশগ্রহণের নতুন অধ্যায় সমাজের সকল স্তরের একাধিক স্টেকহোল্ডারকে নিয়ে শুরু করতে হবে। বৃহস্পতিবার সকালে মধ্যপ্রদেশের ভোপালে, জল সংক্রান্ত সর্বভারতীয় বার্ষিক রাজ্য মন্ত্রীদের সম্মেলনে অংশ নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সম্মেলনে অংশ নিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, জল সংরক্ষণের জন্য জনগণের অংশগ্রহণের চিন্তা জনমনে জাগ্রত করতে হবে। আমরা এই লক্ষ্যে যত বেশি প্রচেষ্টা করব, তত বেশি ফলাফল পাওয়া যাবে।উদ্বেগ প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেছেন, আমাদের দেশে দ্রুততার সঙ্গে নগরায়ন বাড়ছে এবং নগরায়নের গতি যখন এমন হয়, তখন আমাদের জলের বিষয়ে খুব গুরুত্ব সহকারে ভাবা উচিত। তিনি বলেছেন, শিল্প ও কৃষি সেক্টরে প্রচুর পরিমাণে জলের প্রয়োজন, তাই আমাদের উচিত এই দু'টি সেক্টরে সচেতনতা তৈরি করা। প্রধানমন্ত্রী এদিনের সম্মেলনে আরও বলেছেন, সরকার এবারের বাজেটে সার্কুলার ইকোনমিতে ব্যাপক জোর দিয়েছে। জল সংরক্ষণে বৃত্তাকার অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

উৎসাহ ও উদ্দীপনা ভরপুর, উত্তর প্রদেশে উৎসাহের সঙ্গে এগিয়ে চলছে ভারত জোড়ো যাত্রা

শামলি, ৫ জানুয়ারি ঃ উৎসাহ ও উদ্দীপনায় ভরপুর কংগ্রেসের ভারত জোড়ো যাত্রা। উত্তর প্রদেশে প্রবল উৎসাহের মধ্যে দিয়ে এগিয়ে চলেছে কংগ্রেসের ভারত জোড়ো যাত্রা। এবার ভারত জোড়ো যাত্রার গন্তব্য হরিয়ানা। প্রবল শীতকে উপেক্ষা করেই বৃহস্পতিবার সকাল ৬টা থেকে উত্তর প্রদেশের শামলি জেলার আইলুম গ্রাম থেকে শুরু হয় ভারত জোড়ো যাত্রা।বিপুল সংখ্যক মানুষ এদিনও রাহুল গান্ধীর সঙ্গে পদযাত্রায় পা মেলান। শামলি জেলার আইলুম গ্রাম থেকে এই পদযাত্রা এগিয়ে যেতে থাকে হরিয়ানার দিকে। কংগ্রেসের পক্ষ থেকে এদিন টুইট করে জানানো হয়, ভারতকে একত্রিত করাই ভারত জোড়ো যাত্রার লক্ষ্য, উত্তর প্রদেশও সেই লক্ষ্যে ধাপে ধাপে এগোচ্ছে, ভারতকে একত্রিত করছে এবং রাহুল গান্ধীর সঙ্গে হাঁটছে।

পশ্চিমবঙ্গ নয় বিহার থেকে পাথর ছোড়া হয়েছিল বন্দে ভারত এক্সপ্রেসে, জানিয়ে দিল রেল

কলকাতা, ৫ জানুয়ারি ঃ পশ্চিমবঙ্গ নয়, হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেসে পাথর ছোড়া হয়েছিল আসলে বিহার থেকে। বৃহস্পতিবার এমনটাই জানাল পূর্ব রেল। বন্দে ভারত এক্সপ্রেসে পাথর ছোড়ার ঘটনায় দোষীদের চিহ্নিত করেছে রেল। হাওড়া-নিউ জলপাইগুড়িগামী বন্দে ভারত ট্রেনের রেকে লাগানো সিসিটিভি ফুটেজের সাহায্যে অভিযুক্তদের চিহ্নিত করা হয়েছে।প্রসঙ্গত, উদ্বোধনের এক সপ্তাহের মধ্যেই পরপর দু'বার বন্দে ভারত এক্সপ্রেসে পাথর ছোড়ার ঘটনা ঘটেছে। স্বাভাবিকভাবেই পাথর ছো।ার ঘটনায় চিন্তিত ছিল রেল। রেলের তরফে নিশ্চিত করা হয়েছে, এই পাথর পশ্চিমবঙ্গ থেকে নয়, ছোড়া হয়েছিল বিহার থেকে। বৃহস্পতিবার এই কথা জানান, পূর্ব রেলের জনসংযোগ আধিকারিক একলব্য চক্রবর্তী। একলব্য চক্রবর্তী বলেন, ' বিহার থেকে ছোড়া হয়েছে। সেই ছবি সিসিটিভি ফুটেজে ধরা পড়েছে। অভিযুক্ত চার ব্যক্তির গতিপ্রকৃতি দেখেই বোঝা যাচ্ছে যে, ওঁরা পাথর ছুড়তেই ওখানে দাঁড়িয়েছিল। প্রতিটি কামরায় সিসিটিভি রয়েছে। সেখানেই এই ছবি ধরা পড়েছে।''সিসিটিভি ফুটেজে পাথর ছোড়ার সময় দেখেই এ বিষয়ে অনুমান করা হয়েছে বলে তিনি জানিয়েছেন। অভিযুক্তদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলেও বৃহস্পতিবার সকালে রেল কর্তৃপক্ষের তরফে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে। এ বিষয়ে রেলের তরফে বিহারের প্রশাসনের কাছে চিঠি পাঠানো হবে বলেও জানান একলব্য চক্রবর্তী।

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ সত্য নাদেলার, টুইটে লিখলেন ভারতের ডিজিটাল রূপান্তর অনুপ্রেরণাদায়ক

নয়াদিল্লি, ৫ জানুয়ারি ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করলেন মাইক্রোসফটের সিইও সত্য নাদেলা। বৃহস্পতিবার প্রধানমন্ত্রী মোদী ও সত্য নাদেলার মধ্যে সাক্ষা ও বৈঠক হয়েছে। প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর একটি টুইট করে সত্য নাদেলা জানিয়েছেন, ভারতের ডিজিটাল রূপান্তর সত্যিই অনুপ্রেরণাদায়ক।প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের একটি ছবি নিজের টুইটার হ্যান্ডেলে আপলোড করে সত্য নাদেলা জানিয়েছেন, একটি অন্তর্দৃষ্টিপূর্ণ বৈঠকের জন্য ধন্যবাদ প্রধানমন্ত্রী মোদী। ডিজিটাল রূপান্তরের মাধ্যমে টেকসই এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধির উপর সরকারের গভীর মনোনিবেশ সত্যিই অনুপ্রেরণাদায়ক এবং আমরা ভারতকে ডিজিটাল ইন্ডিয়ার দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে এবং বিশ্বের জন্য আলোকিত হতে সাহায্য করার জন্য মুখিয়ে আছি।

দিল্লির সফদরজংয়ে তাপমাত্রা কমে ৩.০ ডিগ্রি, ঠাণ্ডায় রীতিমতো জমে যাচ্ছে উত্তর পশ্চিম ভারত

নয়াদিল্লি, ৫ জানুয়ারি ঃজাঁকিয়ে ঠান্ডায় কাবু দিল্লি-সহ গোটা উত্তর পশ্চিম ভারত। কড়া শীতে কাঁপছে দিল্লি, উত্তর প্রদেশ, পঞ্জাব, হরিয়ানা ও রাজস্থান। ঠাণ্ডায় জবুথবু বিহার ও মধ্যপ্রদেশও। কোথাও কোথাও পারদ ৪-৫ ডিগ্রি সেলসিয়াসের পৌঁছে গিয়েছে। বৃহস্পতিবার দিল্লিতে একধাক্কায় অনেকটাই কমেছে তাপমাত্রার পারদ। ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) জানিয়েছে, দিল্লির সফদরজংয়ে বৃহস্পতিবার সকালে তাপমাত্রা কমে ৩.০ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে, চলতি মরশুমে এই প্রথম এতটা তাপমাত্রা নামল দিল্লিতে।যেমন শীত, তেমন কুয়াশাও। বৃহস্পতিবারও কুয়াশার চাদরে মোড়া ছিল দিল্লি। যার ফলে কমেছে দৃশ্যমানতা। তার প্রভাব পড়েছে যানবাহন চলাচলেও। ঘন কুয়াশার কারণে উত্তর রেলওয়ে রিজিওনে এদিন ১২টি ট্রেন দেরিতে চলেছে এবং দু'টি ট্রেনের সময়সূচী পরিবর্তন করা হয়েছে। দিল্লি বিমানবন্দরে অবশ্য বিমান চলাচলে কোনও প্রভাব পড়েনি।শুধু দিল্লিই নয়, হাড়কাঁপানো ঠান্ডা জম্মু-কাশ্মীর, হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড, পঞ্জাব, হরিয়ানা, রাজস্থান, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, বিহার এবং ঝাড়খণ্ডে। ওই সব রাজ্যগুলিতে ঠান্ডার পাশাপাশি বজায় রয়েছে কুয়াশার দাপটও। এদিন সকালে ঘন কুয়াশার চাদরে ঢাকা ছিল উত্তর প্রদেশের মথুরা। শীতের পোশাক পরেও ঠাণ্ডা থেকে রেহাই মেলেনি, তাই অনেকে আগুনের উত্তাপে উষ্ণ হওয়ার চেষ্টা করেন।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৬জানুয়ারি ঃ বৃহস্পতিবার, ২১পৌষ ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ২১জানুয়রিঃ ২০২২, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ ৫১২৩, সৌরঃ২১ পৌষ, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২১ পৌষ মাস ১৪২৯, ভারতীয় সিভিলঃ ২১ পৌষমাস ১৯৪৪, মৈতৈঃ৮ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫

আবহাওয়া

অংশত, মেঘলা আকাশ। ঝোড়ো হাওয়া সহ বৃষ্টি হতেপারে। তাপমাত্রা সর্বোচ্চ ২১.০৬ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৩.০৪ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে৯৬শতকরা এবং ৬১শতকরা। বৃষ্টিহয়নি বুধবার। জোয়ার-সকাল ৭টা ২০ মিনিট এবং রাত-৭টা ২০মিনিট। ভাটা-সকাল-৭টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৬ টা ৭মিনিট এবং সূর্য অস্ত যাবে আজঃ ৫ টা -০৯মিনিটের মধ্যে হবেই আজকের দিনে আবহাওয়া।

রাশিফল

মেষ রাশিঃস্বাস্থ্য সুন্দর থাকবে। কোনও পুরানো বন্ধু আজ আপনাকে আর্থিক সাহায্য চাইতে
বৃষ রাশিঃযেহেতু আপনি ভয়রূপী এক ভয়ঙ্কর দৈত্যের সাথে লড়ছেন, কাজেই কিছু ইতিবাচক চিন্তার ছাঁচে নিজের ভাবনাকে গড়ে নিন অন্যথায় আপনি এই ঘোর দৈত্যের নিষ্ক্রিয় এবং নির্মম শিকারে পরিণত হবেন। শুভদিন
মিথুন রাশিঃআপনার রাগের ফলে তুচ্ছ কারণ ব। হয়ে দেখা দেবে- যা শুধুমাত্র আপনার পরিবারের সদস্যদের বিপর্যস্ত হবে
কর্কট রাশিঃআপনার মধ্যে শক্তির প্রাচুর্যতা থাকবে- কিন্তু কাজের চাপ আপনার বিরক্তের কারণ হবে। আর্থিক সংকট হবে
সিংহ রাশিঃনিজেকে অপ য়োজনীয় দোষারোপ আপনার উদ্দীপনা কমিয়ে দিতে পারে।
কন্যা রাশিঃআজ স্বাস্থ্য সুন্দর থাকবে। আপনি একটি উত্তেজনাপূর্ণ নতুন পরিস্থিতির সম্মুখীন হতে পারেন-শুভদিন
তুলা রাশিঃহাওয়ায় প্রাসাদ বানিয়ে সময় নষ্ট করবেন না। তার চেয়ে উপযুক্ত কাজ করার জন্য শক্তি সঞ্চয় করুন।শুভদিন
বৃশ্চিক রাশিঃযেমন খাবার তার স্বাদ নুন থেকে আহরণ করে- ।
ধনু রাশিঃআর্থিক সঞ্চয় হবে।সংসারে শান্তি। সন্তান হবে
মকর রাশিঃযেহেতু আপনার নিরন্তর উদ্যমের সাথে সাধারণ বুদ্ধি এবং বোধশক্তি মিলিত হয়ে আপনার সাফল্য নিশ্চিত করবে
কুম্ভ রাশিঃবাড়ির চিন্তায় আপনি আশঙ্কিত থাকবেন। আজ, আপনি আপনার ব্যবসা জোরদার করতে কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারেন,। অর্থের ব্যয় হবে।
মীন রাশিঃবয়স্করা তাঁদের বা।তি শক্তি কোনো ইতিবাচক কাজে লাগালে শুভ ফল পাবেন। যে কোনও নিমন্ত্রিত অতিথি আপনার বাড়িতে আজ আসতে

সারা রাজ্যের পাশাপাশি হাওড়া জেলাতেও হাম এবং রুবেলা ভাইরাসের টিকাকরণ প্রক্রিয়া আগামী সোমবার থেকে শুরু হতে চলেছে

শ্রেয়া আদক, হাওড়া, ৫ জানুয়ারি ঃ সারা রাজ্যের পাশাপাশি হাওড়া জেলাতেও হাম এবং রুবেলা ভাইরাসের টিকাকরণ প্রক্রিয়া আগামী সোমবার থেকে শুরু হতে চলেছে। প্রস্তুতি প্রায় সম্পূর্ণ। বৃহস্পতিবার সাংবাদিক বৈঠক করে জানালেন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক। হাম এবং রুবেলা ভাইরাসের টিকাকরণ প্রক্রিয়া শুরু করতে চলেছে স্বাস্থ্য দপ্তর। হাওড়া জেলাতেও শুরু হয়েছে তৎপরতা। আগামী ৯ জানুয়ারি, ২০২৩ থেকে শুরু হচ্ছে গোটা রাজ্য জুড়ে হাম- রুবেলা টিকাকরণ অভিযান। হাওড়া শহরে বসবাসকারী সকল শিশু, কিশোর ও কিশোরীদের এই মারণ রোগের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতেই এই টিকাকরণ কর্মসূচি গৃহীত হয়েছে। সব স্কুলের পাশাপাশি সব অঙ্গনওয়াড়ি কেন্দ্র, সরকারি হাসপাতাল, সরকারি স্বাস্থ্যকেন্দ্র এবং পথশিশুদের জন্য আনুমানিক ২ লক্ষেরও বেশি টিকাকরণের লক্ষ্যমাত্রা নিয়ে প্রয়োজনীয় পরিকাঠামো গড়ে তোলা হয়েছে। এই পরিকল্পনা নিয়ে বৃহস্পতিবার বিকেলে এক সাংবাদিক বৈঠক করা হয় জেলা স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে। উল্লেখ্য, ৯ মাস বয়স থেকে ১৫ বছর পর্যন্ত সব শিশুদের এই টিকা দেওয়া হবে বিনামূল্যে। এদিনের সাংবাদিক বৈঠকে হাওড়া জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ নিতাই চন্দ্র মন্ডল বলেন, হাম এবং রুবেলা দুই ভাইরাস জনিত সংক্রামক মারণ রোগ। কিন্তু এই দুই রোগই টিকাকরণের দ্বারা আটকানো সম্ভব। এই টিকা সারা পৃথিবীতে বহু বছর যাবত সমস্ত শিশুদের নিয়মিত টিকাকরণের মাধ্যমে দেওয়া হয়। ভারতবর্ষ ও সারা পৃথিবীতে হাম শিশুমৃত্যু তথা শিশুর অসুস্থতার এক প্রধান কারণ। রুবেলা সংক্রমণ থেকে সরাসরি মৃত্যু না ঘটলেও গর্ভবতী মায়েদের রুবেলা সংক্রমণ হলে ৯০ শিশুর বিকলাঙ্গ হওয়ার সম্ভাবনা থাকে। তাই ভারতবর্ষ তথা পৃথিবী থেকে হাম ও রুবেলা দূর করতে নিয়মিত টিকাকরণের মাধ্যমে হাম ও রুবেলা টিকার সঙ্গে সঙ্গে নয় মাস থেকে পনেরো বছর পর্যন্ত শিশুদের একটি অতিরিক্ত টিকার ডোজ দেওয়া খুবই জরুরী। আগামী ৯ জানুয়ারি থেকে সারা রাজ্যে ৯ মাস বয়স থেকে ১৫ বছরের কম বয়সী শিশুদের এমআর এর একটি অতিরিক্ত ডোজ দেওয়া হবে। এই এমআর টিকা পাওয়া যাবে নিকটবর্তী বিদ্যালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং সরকারি স্বাস্থ্য কেন্দ্রগুলিতে। টিকা দেবেন প্রশিক্ষণপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীরা। এই টিকার কোনও মারাত্মক পার্শ্বপ্রতিক্রিয়া নেই। হাওড়ায় এই টিকা দেওয়া হবে ১১ লক্ষ ৭৭ হাজার ১২৩ জনকে। স্কুলে পড়ে এমন ৭ লক্ষ ২৩ হাজার ৭৬৪ জন বাচ্চাকে এই টিকা দেওয়া হবে। ৩,৯২৮ টি স্কুলে টিকা দেওয়া হবে। ৪,৩৬৬ টি স্কুল সেশন হবে। টোটাল সেশন হবে ৯,৫১০ টি। ভ্যাকসিনেটরের সংখ্যা ৯৪২ এবং সুপারভাইজারের সংখ্যা এখানে ৪০৬ জন। আমাদের লক্ষ্য এই রোগ সম্পূর্ণ নিরাময় করা।

উত্তরবঙ্গের জল সমস্যা মেটাতে কেন্দ্রের বরাদ্দ আটশো কোটি

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারি ঃ কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গের দার্জিলিং এবং শিলিগুড়ির প্রতিটি বাড়িতে পানীয় জল পৌঁছে দেওয়া ও সেখানকার নিকাশির উন্নয়নে প্রায় আটশো কোটি টাকা বরাদ্দ করেছে। অমরুত মিশন দুই এর আওতায় হর ঘর জল প্রকল্পে ৭৮৫ কোটি ২৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এরমধ্যে পানীয় জল প্রকল্পের জন্য বরাদ্দ হয়েছে ৫১২ কোটি টাকা। খুব শীঘ্রই এই প্রকল্পের কাজ শুরু হবে।

টেলি মেডিসিন পরিষেবা শুরু হচ্ছে

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারি ঃ দূরদূরান্তের জেলার রোগীদের সুবিধার্থে জাতীয় স্বাস্থ্য মিশন প্রকল্পের আওতায় রাজ্যের পাঁচ হাজারের বেশি সুস্বাস্থ্য কেন্দ্রের টেলি মেডিসিন পরিষেবা শুরু করা হচ্ছে। বিভিন্ন জেলার মোট ৫ হাজার ২৩৫ টি সুস্বাস্থ্য কেন্দ্রে টেলি মেডিসিন পরিকাঠামো তৈরির কাজ শেষ হয়েছে । খুব শীঘ্রই ওই সব কেন্দ্রে টেলি মেডিসিন পরিষেবা শুরু করা হবে বলে স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে। উল্লেখ্য রাজ্য সরকার বিভিন্ন জেলার ১৫ হাজারের বেশি সুস্বাস্থ্য কেন্দ্রকে চিহ্নিত করে সেখানে টেলি মেডিসিন পরিষেবা শুরু করার উদ্যোগ নিয়েছে। ধাপে ধাপে ওই পরিকাঠামো তৈরি করা হবে।

ইন্টারন্যাশনাল ভেদান্ত সোসাইটি কর্তৃক শ্রী শ্রী ভগবান-এর ৮২তম জন্মদিন পালিত হল সায়েন্সসিটিতে। শুধু কলকাতাতেই নয়, সংস্থার সদর দপ্তর গুয়াহাটি সহ বনগাইগাও, শিলিগুড়ি, পুরী, বারানসি এবং বিশ্বের অন্যান্য প্রান্তেও পালিত হয় এই উৎসব। গুরু বন্দনা এবং বেদের স্ত্রোত পাঠের মাধ্যমে এই অনুষ্ঠানের সূচনা হয়। বই, ক্যালেন্ডার প্রকাশ করা হয়। উপস্থিত ছিলেন ইন্টারন্যাশনাল ভেদান্ত সোসাইটির সেলিব্রেশন কমিটির সভাপতি স্বামী নিগুনানন্দ, সহ সভাপতি স্বামী শঙ্করানন্দ।

আবাস যোজনা প্রকল্পে দুর্নীতির অভিযোগ তুলে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে অভিযোগ তৃণমূলের

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারি ঃ প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পে দুর্নীতির অভিযোগ তুলে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। কলকাতা তৃণমূল কংগ্রেস ভবনে আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য বলেন, আবাস যোজনার সুবিধা প্রাপকদের যে তালিকা নিয়ে বিতর্ক চলছে তা ২০১৮ সালে তৈরি করা হয়েছিল। সেই তালিকায় ৫৬ লক্ষের বেশি নাম ছিল। রাজ্য সরকার নিজের সমীক্ষা করে ১৭ লক্ষ নাম সেই সময় তালিকা থেকে বাদ দেয়। তারপরে নিয়মিত সমীক্ষার কাজ করা হয়েছে। রাজ্য সরকার আবাস যোজনা কাজ স্বচ্ছতার সঙ্গে করতে বদ্ধপরিকর। কারণ ওই প্রকল্প রাজ্যের ও আর্থিক দায়িত্ব রয়েছে। কেন্দ্রীয় সরকার আবাস যোজনার ষাট শতাংশ টাকা দিলে বাকি ৪০ শতাংশ টাকা রাজ্য সরকারকে জোগাতে হয়।

উত্তর কলকাতা জেলা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে দিদির মস্তিষ্ক প্রসূত সুরক্ষা কবজ ও দিদির দূত কর্মসূচীর বিস্তারিত আলোচনা করছেন সুদীপ বন্দ্যোপাধ্যায় , উপস্থিত ছিলেন ডঃ শশী পাঁজা (মন্ত্রী-শিশু ও নারী কল্যাণ দপ্তর) এছাড়াও আরও অন্যান্যরা।

উত্তরপাড়া পৌরসভা এলাকায় নিবিড় প্রচার অভিযান আনুষ্ঠানিক সূচনা হল

বনস্পতি দে, হুগলি, ৫ জানুয়ারি ঃ উত্তরপাড়া পৌরসভা এলাকায় নিবিড় প্রচার অভিযান আনুষ্ঠানিক সূচনা হল, হুগলির উত্তরপাড়া পৌরসভা এলাকায় পৌরপ্রধান দিলীপ যাদব ও উত্তরপাড়া রেশনিং অফিসের ভারপ্রাপ্ত আধিকারিকদের উপস্থিতিতে উত্তরপাড়া কাঁঠাল বাগান বাজার এলাকা থেকে রাজ্য সরকারের সংভাগ অধিকার ও খাদ্য সরবরাহ বিভাগের পক্ষ থেকে নিবিড় প্রচার অভিযানের আনুষ্ঠানিক সূচনা হয়। কাঁঠাল বাগান বাজার এলাকায় এর শুভ সূচনা করেন উত্তরপাড়া পৌরসভার পৌরপ্রধান দিলীপ যাদব এবং উত্তরপাড়া রেশনিং অফিসের ভারপ্রাপ্ত আধিকারিক এছাড়াও উপস্থিত ছিলেন কাউন্সিলর অর্ণব রায়, উত্তরপাড়া পৌরসভার পৌর প্রতিনিধি সহ অন্যান্য বহু বিশিষ্ট ব্যক্তিরা। এই প্রসঙ্গে বক্তব্য রাখতে গিয়ে উত্তরপাড়ার পুরচেয়ারম্যান দিলীপ যাদব বলেন, খাদ্য সরবরাহ দপ্তরের রেশনিং অফিসের অফিসাররা ভ্রাম্যমান প্রচার গাড়ি

উত্তরপাড়া পুরসভার ২৪ টি ওয়ার্ডে ঘোরার ব্যবস্থা করেছেন সাধারণ মানুষের যা যা সমস্যা আছে রেশন কার্ড নিয়ে বা ঠিকমতো জিনিসপত্র পাচ্ছেন কিনা যা যা সমস্যা আছে অনলাইনেও জানাতে পারেন বা রেশন অফিসে গিয়েও জানাতে পারেন। বেশ কয়েকদিন ধরে এই মোবাইল ভ্যান ঘুরবে চারিদিকে। মুখ্যমন্ত্রী সবসময় আপনাদের পাশে আছেন থাকবেন কোন কার্ডে কার কি কি প্রাপ্য সেটাও বোঝানো হচ্ছে সাধারণ মানুষকে সরকারের পক্ষ থেকে। এই প্রসঙ্গে হুগলির ভদ্রকালী উত্তরপাড়ার রেশনিং অফিসার সুচন্দ্রা পাল জানালেন পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ দপ্তরের নির্দেশে মোবাইল গাড়ি উত্তরপাড়ার সব ওয়ার্ডে ঘুরবে সাধারণ মানুষের রেশন নিয়ে কি কি সমস্যা হচ্ছে সেসব শোনা হবে ও যাদের যা সমস্যা আছে তারা অনলাইনে জানাতে পারেন বা সরাসরি রেশন অফিসে গিয়েও জানাতে পারেন। এই রেশন অফিসের মোবাইল ভ্যান কয়েকদিন ধরে সব ওয়ার্ডে ঘুরবে।

ক্যানিংয়ে আগুনে ভস্মীভূত চানাচুর কারখানা

দুরন্ত বার্তা, ক্যানিং, ৫ জানুয়ারি ঃ বিধ্বংসী আগুনে ভস্মীভূত হয়ে গেল একটি চানাচুর তৈরির কারখানা। বৃহস্পতিবার ভোরে ঘটনাটি ঘটেছে ক্যানিংয়ের আমড়াবেরিয়া মোড়ে। এদিন ভোরে আচমকাই আগুন লাগে ওই কারখানায়। স্থানীয়রাই প্রথমে আগুন দেখতে পান। তাঁরা আগুন নেভানোর কাজে হাত লাগান। কিন্তু আগুন দ্রুত গোটা কারখানা চত্বরে ছড়িয়ে পড়ে। সাথে সাথে দমকলকে খবর দেওয়া হলেও দমকল অনেক দেরিতে ঘটনাস্থলে আসে বলে অভিযোগ স্থানীয়দের। পাঁচ মিনিটের দূরত্বে দমকল থাকলেও তাঁরা আসতে ঘণ্টা খানেকের বেশি সময় নেয় বলে অভিযোগ। দমকলের তিনটি ইঞ্জিনের প্রায় ঘণ্টা তিনেকের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। দমকলের চেষ্টায় আগুন আশপাশের এলাকায় না ছড়ালেও গোটা কারখানাটাই কার্যত ভস্মীভূত হয়ে যায়। কয়েক কোটি টাকার সম্পত্তি ক্ষতি হয়েছে বলে অনুমান করা যাচ্ছে। দমকলের প্রাথমিক অনুমান ইলেকট্রিক শট সার্কিট থেকেই আগুন লেগেছে। ঘটনার তদন্ত শুরু করেছে দমকল ও ক্যানিং থানার পুলিশ।

বৃদ্ধার লক্ষাধিক টাকা প্রতারণার অভিযোগে সংস্থার কর্মী গ্রেফতার

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারি ঃ কন্যা প্রবাসী চিকিৎসক। মেয়ে কলকাতাবাসী বৃদ্ধা মায়ের দেখাশোনার দায়িত্ব দিয়েছিলেন একটি সেবা সংস্থাকে। কিন্তু বৃদ্ধার অসহায়তার সুযোগ নিয়ে লক্ষাধিক টাকা প্রতারণার অভিযোগ উঠল। গ্রেফতার করা হয়েছে ওই সংস্থার ম্যানেজার তথা মূল অভিযুক্তকে। লেক টাউন থানার সূত্রে জানা গিয়েছে, কালিন্দী এলাকার বাসিন্দা পেশায় ব্রিটেনে কর্মরত চিকিৎসক লিজা মুখোপাধ্যায় এব্যাপারে পুলিশে অভিযোগ করেন। অভিযোগ ওই চিকিৎসকের মা ৭৩ বছরের বৃদ্ধা জয়শ্রী গোস্বামী কালিন্দী এলাকায় থাকেন। পেশার সূত্রে বিদেশে থাকায় মায়ের দেখাশোনার জন্যে তিনি ২০১৮ সালে একটি সংস্থার সঙ্গে যোগাযোগ করেন। সেখান থেকে মাসিক ৮ হাজার টাকা বেতনে একজন কেয়ার ম্যানেজারকে জয়শ্রী দেবীর দেখাশোনার জন্যে নিয়োগ করা হয়। ২০২০ সালে আবার সেই কেয়ার ম্যানেজারকে বদলে সুদীপ্ত বিশ্বাস নামে এক ব্যক্তিকে কেয়ার ম্যানেজার হিসেবে নিয়োগ করে। পুলিশ সূত্রে খবর, চলতি মাসে লিজা মুখোপাধ্যায় কলকাতায় ফিরে দেখেন তার মায়ের ব্যাংক অ্যাকাউন্ট থেকে ১৯ লক্ষ টাকা উধাও হয়েছে। সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করে জানতে পারে ওই বৃদ্ধা বিভিন্ন সময় ব্যাংক থেকে টাকা তোলার জন্যে সুদীপ্ত বিশ্বাস নামে ওই কেয়ার ম্যানেজারকে চেক লিখে দিতেন। কিন্তু ওই ব্যক্তি চেকে সই ভুল আছে বলে অন্য ব্ল্যাঙ্ক চেকে সই করিয়ে নিতেন। আর সেই চেক দিয়ে নিজের অ্যাকাউন্টে টাকা সরিয়ে ফেলতেন অভিযুক্ত। এছাড়াও বৃদ্ধার এটিএম কার্ডের পিন নম্বর জেনে সেখান থেকেও টাকা তোলা হত বলে পুলিশ সূত্রে খবর। অভিযোগ পেয়ে বুধবার ওই কেয়ার ম্যানেজার সুদীপ্ত বিশ্বাসকে গ্রেফতার করে লেকটাউন থানার পুলিশ। ওই প্রতারণার সঙ্গে আরও কারও যোগ রয়েছে কিনা সেই বিষয়টি তদন্ত করে দেখছে লেকটাউন থানার পুলিশ।

কাঁপছে তিলোত্তমা, পারদ-পতন হতেই ঠাণ্ডায় কম্পমান বঙ্গভূমি

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারি ঃ অনেক প্রতীক্ষার পর অবশেষে জমজমাট শীতের আমেজ উপভোগ করল তিলোত্তমা। কলকাতার পাশাপাশি ঠাণ্ডায় কম্পমান উত্তর ও দক্ষিণবঙ্গ। বৃহস্পতিবার কলকাতায় একধাক্কায় অনেকটাই কমল তাপমাত্রার পারদ, এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি কম। এদিন মহানগরীর সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২১.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি কম। উত্তুরে হাওয়ার সৌজন্যে কলকাতার তাপমাত্রা নামতে শুরু করেছিল বুধবার থেকেই, ওই দিন মহানগরীর সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.১ ডিগ্রি সেলসিয়াস। বৃহস্পতিবার তাপমাত্রা একলাফে কমে ১২.৭ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে। আর পারদ পতন হতেই জমাটি ঠাণ্ডায় কাঁপতে শুরু করেছে গোটা বঙ্গভূমি। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী কয়েকদিন শীত উপভোগ করতে পারবেন বঙ্গবাসী। সপ্তাহান্তে ঝাড়খণ্ড লাগোয়া রাজ্যের জেলাগুলিতে শৈত্যপ্রবাহের পরিস্থিতি তৈরি হতে পারে। তবে, আগামী সপ্তাহের গোড়ায় ফের উর্ধ্বমুখী হবে পারদ। পশ্চিমী ঝঞ্ঝার কারণে উত্তুরে হাওয়া কিছুটা গতি হারাবে। তাতে শীতের আমেজে কিছুটা কমবে।

পন্ডিত দীনদয়াল উপাধ্যায় সেকশন দীর্ঘতম সম্পূর্ণ স্বয়ংক্রিয় ব্লক সিগন্যালিং সেকশনে পরিণত হয়েছে

কলকাতা, ৫ জানুয়ারি ঃ পন্ডিত দীনদয়াল উপাধ্যায় সেকশন (৭৬২ কিমি) ভারতীয় রেলওয়ের দীর্ঘতম সম্পূর্ণ স্বয়ংক্রিয় ব্লক সিগন্যালিং সেকশনে পরিণত হয়েছে। উত্তর সেন্ট্রাল রেলওয়েতে FY- ২০২২-২৩ (৩০ ডিসেম্বর ২০২২) মোট অটো সিগন্যাল চালু হয়েছে ১৩৯.৪২ RKM। ট্রেন পরিচালনায় ডিজিটাল প্রযুক্তির সুবিধা পেতে এবং নিরাপত্তা বাড়াতে ইলেকট্রনিক ইন্টারলকিং বৃহৎ পরিসরে গৃহীত হচ্ছে।

পূর্ব রেলওয়ের ৪৮ তম বার্ষিক বৈজ্ঞানিক সেমিনার

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারিঃ ইন্ডিয়ান রেলওয়ে মেডিকেল সার্ভিস অ্যাসোসিয়েশন, পূর্ব রেলওয়ে তার ৪৮তম বার্ষিক বৈজ্ঞানিক সেমিনার এবং সিএমই (চলমান চিকিৎসা শিক্ষা) প্রোগ্রাম ৭ থেকে ৮ জানুয়ারি আয়োজন করতে চলেছে, যার উদ্বোধনী অধিবেশনটি বেলভেডিয়ার পার্ক রেলওয়ে অফিসার্স ক্লাব, আলিপুরে অনুষ্ঠিত হবে ৭ জানুয়ারি বিকাল ৪টে ৪৫-এ। ডঃ প্রসন্ন কুমার, মহাপরিচালক, রেলওয়ে স্বাস্থ্য পরিষেবা, রেলওয়ে বোর্ড এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং অরুণ অরোরা, জেনারেল ম্যানেজার, পূর্ব রেলওয়ে উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করবেন।

ক্যানিংয়ে দিদির রক্ষা কবচ কর্মসূচির সূচনা করলেন বিধায়ক

দুরন্ত বার্তা, ক্যানিং, ৫ জানুয়ারি ঃ কন্যাশ্রী, রুপশ্রী, যুবশ্রী সহ মোট ১৫ টি সরকারি প্রকল্পের সুযোগ সুবিধা এলাকার সাধারণ মানুষ ঠিকমতো পাচ্ছেন কিনা তা ক্ষতিয়ে দেখতে নতুন কর্মসূচি গ্রহণ করেছে তৃণমূল। গত ২ জানুয়ারি কলকাতার নজরুল মঞ্চে এই কর্মসূচি ঘোষণা করেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার সকাল থেকে জেলায় জেলায় সেই কর্মসূচি শুরু করে দিলেন এলাকার বিধায়ক ও জন প্রতিনিধিরা। এদিন ক্যানিং পশ্চিম কেন্দ্রের বিধায়ক পরেশ রাম দাস এই কর্মসূচির সূচনা করেন এলাকার সমস্ত জন প্রতিনিধি ও নেতৃত্বকে সাথে নিয়ে। সমস্ত সরকারি প্রকল্পের সুবিধা যাতে এলাকার সাধারণ মানুষ সঠিক ভাবে পেতে পারেন সেই বিষয়টি নিশ্চিত করার বার্তা দেন বিধায়ক। আগামী পঞ্চায়েত নির্বাচনের আগেই যাতে বাংলার দশ কোটি মানুষ রাজ্য সরকারের সমস্ত সরকারি প্রকল্পের যথাযথ সুবিধা পেতে পারেন সেই কারণে এই দিদির রক্ষা কবচ কর্মসূচির মধ্যে দিয়ে মানুষের কাছে পৌঁছাবে তৃণমূল। বিধায়ক বলেন, ৬ টি ক্ষেত্রে ১৫ টি সর্বাঙ্গীণ প্রকল্প রয়েছে সরকারের। সেই সমস্ত প্রকল্পের সুবিধা যাতে এলাকার সমস্ত মানুষ পান। তাঁদের জীবন, জীবিকা যাতে সুরক্ষিত হয় তাঁরা যাতে দিদির এই সুরক্ষা কবচের মধ্যে থেকে নিজেদের জীবন অতিবাহিত করতে পারেন সেটা নিশ্চিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী ১২ থেকে ২২ জানুয়ারি এবং ৫ থেকে ১৫ ফেব্রুয়ারি এই কর্মসূচি পালিত হবে সমস্ত গ্রাম পঞ্চায়েত এলাকায়। প্রতিটি বুথে ৫ জন করে দিদির দূত নিয়োগ করা হবে। যারা প্রতিটি বাড়ি বাড়ি গিয়ে সেখানকার মানুষের সুবিধা অসুবিধা সমস্ত ক্ষতিয়ে দেখে সেই সমস্যার সমাধান করবেন। এই ক্ষেত্রেও জন প্রতিনিধিরা গ্রামে গ্রামে ঘুরে সেখানে সাধারণ মানুষের সুখ দুঃখের সঙ্গী হবেন, মানুষের পাশে থাকবেন, তাঁদের বাড়িতে খাওয়া দাওয়া থেকে শুরু করে রাত্রিযাপন করবেন। বিধানসভা ভোটের আগেও এই ধরনের কর্মসূচি করে রাজ্যবাসীর মন জয় করেছিল তৃণমূল। পঞ্চায়েত ভোটের আগে ফের একবার গ্রামে গ্রামে গিয়ে জন সংযোগ বৃদ্ধির মাধ্যমে রাজ্যবাসীর মন জয় করতে উদ্যোগ নিয়েছে তৃণমূল।

রাজ্যের স্কুলের মিড ডে মিলে থাকবে মাংস ও ফল, বরাদ্দ ৩৭২ কোটি

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারি ঃ এবার রাজ্যের স্কুলের মিড ডে মিলে ডাল-ভাত-তরকারির সঙ্গে থাকবে মুরগির মাংসও। পাশাপাশি ফলও দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মিড ডে মিলে মুরগির মাংস, ফলের জন্য ৩৭২ কোটি টাকা বরাদ্দ রাজ্যের। প্রতি সপ্তাহে পড়ুয়াপিছু অতিরিক্ত ২০ টাকা করে বরাদ্দ করছে রাজ্য সরকারের। মিড ডে মিল নিয়ে জেলা শাসকদের চিঠি দিয়ে জানিয়ে দিল রাজ্য সরকার। জানুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত মিড ডে মিলে নতুন খাবার দেওয়ার সিদ্ধান্ত। পড়ুয়াদের জন্য সুখবর। খুব শীঘ্রই বদলে যেতে চলেছে মিড ডে মিলের খাদ্যতালিকা। তার উদ্দেশ্য, পড়ুয়াদের বাড়তি পুষ্টি দেওয়া। সেই কারণে মিড ডে মিলের বরাদ্দও বাড়ানো হয়েছে। এই মর্মে রাজ্য সরকারের স্কুল শিক্ষা দফতরের তরফে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে রাজ্যের ২৪ টি জেলার জেলাশাসক, কলকাতা পুরনিগমের যুগ্ম কমিশনার, শিলিগুড়ি মহকুমার মহকুমাশাসক- সহ সংশ্লিষ্ট দফতরগুলিকে। ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ‘পিএম পোষণ প্রকল্প’-এর আওতায় পড়ুয়াদের অতিরিক্ত পুষ্টির জন্য রাজ্য সরকারের স্কুল শিক্ষা দফতর ৩৭১ কোটি ৯০ লক্ষ ৭৮ হাজার ৪০০ টাকা অতিরিক্ত তহবিল দিচ্ছে মিড-ডে মিল প্রকল্পে। পড়ুয়াদের খাদ্যতালিকায় ডিম, মুরগির মাংস এবং মরসুমি ফল রাখার জন্য ওই টাকা দেওয়া হচ্ছে বলেও লেখা হয়েছে বিজ্ঞপ্তিতে। যা পড়ুয়াদের বাড়তি পুষ্টি দিতে সাহায্য করবে বলে মনে করছে শিক্ষা দফতর। সে কারণেই এই উদ্যোগ বলেও লেখা হয়েছে ওই বিজ্ঞপ্তিতে। এই বরাদ্দ দেওয়া হয়েছে আগামী ২৩ জানুয়ারি থেকে ২৩ এপ্রিল এই ৪ মাস অর্থাৎ ১৬ সপ্তাহের জন্য। প্রসঙ্গত, মিড-ডে মিলের টাকার ৬০ শতাংশ বরাদ্দ করে কেন্দ্রীয় সরকার। বাকি ৪০ শতাংশ টাকা দেয় রাজ্য। মিড ডে মিলে বরাদ্দবৃদ্ধি নিয়ে মাধ্যমিক শিক্ষক এবং শিক্ষাকর্মী সমিতির সভাপতি অনিমেষ হালদার বলেন, ‘‘পৌষ্টিক আহারের জন্য সপ্তাহে যে ২০ টাকা বরাদ্দ হয়েছে তা অত্যন্ত কম। একটা ডিমের দাম ৭ টাকা। সেখানে মাংস বা ফল তো পরের কথা। বাজারদরের সঙ্গে সামঞ্জস্য রেখে এই বরাদ্দ বাড়ানোর দাবি জানাচ্ছি।’’

বাংলাকে তৃণমূল পাকিস্তান বানাতে চাইছে, সুশাসন চাইলে পঞ্চায়েতে রাজ্যের ক্ষমতায় বিজেপিকে আনতে হবেঃ শুভেন্দু

হাওড়া, ৫ জানুয়ারি ঃ বাংলাকে তৃণমূল পাকিস্তান বানাতে চাইছে। সুশাসন চাইলে পঞ্চায়েতে, রাজ্যের ক্ষমতায় বিজেপিকে আনতে হবে। হাওড়ায় বললেন শুভেন্দু। হাওড়া সদর বিজেপির ডাকে বৃহস্পতিবার সন্ধ্যায় জেবিপুর মণ্ডল ৪ এর অন্তর্গত উত্তর ঝাপড়দহ অঞ্চল কর্মী সম্মেলন উপলক্ষ্যে রাজাপুর দক্ষিণবাড়ি হাইস্কুল সংলগ্ন মাঠে মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এদিন উত্তর ঝাপড়দহের ওই রাজনৈতিক কর্মী সম্মেলনে এসে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসকে কার্যত তুলোধোনা করেন তিনি। শুভেন্দু বলেন, দিদির দূত ? এরা সব তৃণমূলের ভূত। এরা সব তোলামূলের ভূত। এরা এ কেমন ভূত ? এরা সাদা খাতায় চাকরি পায়। এই ভূতেদের পুকুর নেই। কিন্তু পুকুর কাটার টাকা তোলে। শুভেন্দুবাবু বলেন, নতুন করে লক্ষ্মীর ভান্ডার, বার্ধক্য ভাতার জন্য যারা আবেদন করেছিলেন তারা কেউ টাকা পাননি। ২০২২ সালে যারা আবেদন করেছিলেন কেউ টাকা পায়নি। সব আবেদন ওরা লাট করে নিয়ে গেছে আর সেকেন্ড ব্রিজ থেকে গঙ্গায় ফেলে দিয়েছে। ডিয়ার লটারি আপনারা কাটছেন। আপনারা কাটতেই থাকুন। আর তৃণমূলের নেতারা লটারি জিততেই থাকুন। পুলিশ ছাড়া তোলামূলের সঙ্গে কেউ নেই। পশ্চিমবঙ্গকে এরা পাকিস্তান বানাতে চায়। তাই বিজেপির পঞ্চায়েত, রাজ্যে বিজেপির সরকার আনতে হবে। এদিন শুভেন্দুবাবু পার্থ চট্টোপাধ্যায়কেও বিরাট মোটা সম্বোধন করে বলেন উনি এমনই সেকেন্ড ম্যান ছিলেন যার হাটুর নিচের বয়সী কচি কচি মেয়ে ছাড়া বান্ধবী পাওয়া যায় না। নাম না করে অনুব্রতকে তিনি গরু চোর বলেন। শুভেন্দু বলেন, ওটা গরু চোর। এছাড়াও তিনি বলেন ভাইপো, ভাইপোর বউ, ভাইপোর শালী সব যাবে। হরিবোল। সময় সমাগত।

চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, ভোটার বাড়ল ১.২৪ শতাংশ

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারি ঃ প্রকাশিত হল ২০২৩ সালের চূড়ান্ত ভোটার তালিকা। রাজ্যে পঞ্চায়েত ভোটের দামামা বেজে গিয়েছে আগেই। শাসক থেকে বিরোধী পর্যন্ত সব দলই প্রস্তুতি শুরু করে দিয়েছে। তার আগেই বৃহস্পতিবার তালিকা প্রকাশ করল নির্বাচন কমিশন। কমিশন সূত্রের খবর, এবার মোট ভোটারের সংখ্যা ৭,৫২,০৮,৩৭৭। তার মধ্যে পুরুষ ভোটার ৩,৮২,৩৬,৫০৭ জন। মহিলা ভোটার ৩,৬৯,৭০,০৭১ জন। তৃতীয় লিঙ্গের ভোটারের সংখ্যা ১,৭৯৯ জন। এবার নতুন ভোটার হয়েছেন ১৩,৩৩,২৫১ জন। এর পাশাপাশি, বিভিন্ন কারণে নাম বাদ গিয়েছে ৪,১৫,২২৯ জনের। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, আগের তুলনায় ১.২৪ শতাংশ ভোটার বেড়েছে এই রাজ্যে। যার মধ্যে ১৮ বছর থেকে ১৯ বছরের ভোটারের সংখ্যা ২.২০ শতাংশ এই রাজ্যে। এছাড়া সার্ভিস ভোটারের সংখ্যা ১,১৪,৭৯৭ জন। প্রসঙ্গত, পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে সমিতি এবং জেলা পরিষদের আসন সংখ্যা বেশ কিছুটা বৃদ্ধি পেয়েছে। ২০১৮ সালের তুলনায়, রাজ্যের গ্রাম পঞ্চায়েতের আসন বেড়ে ৬২ হাজার ৩৬২ হয়েছে। পাশাপাশি পঞ্চায়েত সমিতির আসন বেড়ে ৯,২১৭ এবং জেলা পরিষদের আসন বেড়ে ৯২৮টি হয়েছে।

একদিনে করোনা আক্রান্ত ৩

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ জানুয়ারি ঃ রাজ্যে আরও কিছুটা কমল করোনা আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘন্টায় পশ্চিমবঙ্গে করোনায় আক্রান্ত হয়েছেন তিনজন। বৃহস্পতিবার এমনটাই খবর স্বাস্থ্য দফতরের তরফে প্রকাশিত বুলেটিন সূত্রে। স্বাস্থ্য দফতরের বুলেটিন সূত্রে খবর, গত ২৪ ঘন্টায় পশ্চিমবঙ্গে করোনায় আক্রান্ত হয়েছেন তিনজন। যার জেরে মোট আক্রান্তের সংখ্যা ছাড়িয়ে ২১,১৮,৬৪৪। করোনা আক্রান্ত হয়ে একদিনে মৃত্যু হয়েছে ০ জনের। যার জেরে মোট মৃতের সংখ্যা বেড়ে ২১,৫৩২। একদিনে সুস্থ হয়ে উঠেছে ০৫। ফলে মোট সুস্থ হয়ে উঠছেন ২০,৯৭,০৫৩। ফলে সুস্থতার হার বেড়ে ৯৮.৯৮ শতাংশ। একদিনে করোনা পরীক্ষা হয়েছে ০২,৭০৯। যার জেরে মোট করোনা পরীক্ষার সংখ্যা বেড়ে ০২,৬৯,৭৪,৮০৭।

বিএসএনএল ৫জি পরিষেবা শুরু করবে ২০২৪- এ

ভুবনেশ্বর, ৫ জানুয়ারি ঃ রাষ্ট্রীয় মালিকানাধীন বিএসএনএল ২০২৪ সালে ৫জি পরিষেবা শুরু করবে বৃহস্পতিবার কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এ ঘোষণা করেছেন। বিএসএনএল ৪ জি নেটওয়ার্ক চালু করার জন্য একটি টিসিএস এবং সি-ডট নেতৃত্বাধীন কনসোর্টিয়ামকে শর্টলিস্ট করেছে, যা চুক্তির অধীনে অর্ডার দেওয়ার প্রায় এক বছরের মধ্যে ৫ জি- তে আপগ্রেড করা হবে। ওড়িশায় জিও এবং এয়ারটেল-এর ৫ জি পরিষেবা চালু করার একটি ইভেন্টের ফাঁকে তিনি একথা বলেন। সাংবাদিকদের সাথে কথা বলার সময় তিনি জানান, বিএসএনএল ২০২৪ সালে ৫ জি পরিষেবা শুরু করবে।

বন্দে ভারতে পাথর ছোঁড়ার ঘটনায় কিশানগঞ্জে গ্রেফতার ৪

কিশানগঞ্জ, ৫ জানুয়ারি ঃ নিউ জলপাইগুড়িগামী বন্দে ভারত এক্সপ্রেসে পাথর ছোঁড়ার ঘটনায় বিহারের কিশানগঞ্জ থেকে চারজনকে গ্রেফতার করল পুলিশ। এই ঘটনায় প্রথমে তিন নাবালককে গ্রেফতার করে পুলিশ । তাদের সঙ্গে কথা বলেই চতুর্থজনের খোঁজ মেলে। এই ঘটনায় কার কী ভূমিকা তা খতিয়ে দেখা হচ্ছে। সরকারি সম্পত্তি নষ্টের অভিযোগ আনা হয়েছে তাদের বিরুদ্ধে। বৃহস্পতিবারই তাদের ধরার পর জিজ্ঞাসাবাদ শুরু করে রেল পুলিশ। বুধবার সকালে ভিডিয়ো ফুটেজ প্রকাশ করে রেল জানায়, মঙ্গলবার এনজেপি মুখি বন্দে ভারত এক্সপ্রেসে ইঁট মারা হয়েছে বিহারের ধূলাবাড়ি ও মাঙ্গুরজান স্টেশনের মাঝে। ফুটেজে রেল লাইনের ঠিক পাশে তিন থেকে চারজন যুবক ও কিশোরকে দেখা যায়। ট্রেন তাদের অতিক্রম করার পরেই শোনা যায় পাথর পড়ার আওয়াজ। সেই ফুটেজকে হাতিয়ার করে তদন্তে নামে কিশানগঞ্জ পুলিশ। ঘটনাস্থলে পৌঁছে যান জেলা পুলিশের আধিকারিকরা। কিন্তু ঘটনাস্থলে কাউকে পাওয়া যায়নি। এর পর স্থানীয়দের জেরা করে প্রথমে তিন নাবালককে গ্রেফতার করে স্থানীয় থানার পুলিশ। তাদের সঙ্গে কথা বলেই চতুর্থজনের খোঁজ মেলে। এই ঘটনায় কার কী ভূমিকা তা খতিয়ে দেখা হচ্ছে। বৃহস্পতিবারই তাদের ধরার পর জিজ্ঞাসাবাদ শুরু করে রেল পুলিশ। পাথর ছোঁড়ার ঘটনায় প্রথমে যে তিনজনকে পুলিশ পাকড়াও করে, তারা পুলিশি জিজ্ঞাসাবাদে জানিয়েছে, আগে তারা কয়েকজনকে এরকমই পাথর ছুড়তে দেখেছিল বিভিন্ন ট্রেনে। সেই কারণে নিছকই মজা করার জন্য তারা পাথর ছুড়েছিল। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সকলেরই বক্তব্য খতিয়ে দেখা হচ্ছে। পাথর ছোঁড়ার পিছনে এটাই কারণ নাকি অন্য কিছু রয়েছে তাও খতিয়ে দেখা হচ্ছে বলে কিষাণগঞ্জ জেলা পুলিশ এবং আরপিএফ জানিয়েছে। গত কয়েকদিনে এই ঘটনাকে কেন্দ্র করে রাজ্যে রাজনৈতিক তরজা শুরু হয়েছে ।

লাগাতর আন্দোলনের হুমটি এসটিজিটি উত্তীর্ণ বেকারদের

আগরতলা, ৫ জানুয়ারি ঃ নিয়োগের জন্য পরীক্ষা নিয়ে এখন চাকুরী দিতে চাইচ্ছেন না শিক্ষা মন্ত্রী। বৃহস্পতিবার আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে করে এমনটাই অভিযোগ তুলে এসটিজিটি উত্তীর্ণরা। নির্বাচন ঘোষণার পূর্বে তাদের একত্রে নিয়োগ করা না হলে তারা আগামীদিনে পর পর বৃহত্তর আন্দোলন সামিল হবেন বলে জানিয়েছেন। এদিন তারা জানিয়েছেন, বিভিন্ন রাজ্যে নবম ও দশম শ্রেণির শিক্ষকের জন্য ছয় হাজার শূন্যপদ আছে। তা সত্ত্বেও নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোনো উদ্যোগ গ্রহন করছে না শিক্ষামন্ত্রী এবং টিআরবিটি ফলাফল প্রকাশ করছে না। এসটিজিটি নিয়োগের জন্য ২৩০ টি শূন্যপদ ছিল তাও বাতিল হবে না বলে আশঙ্কা ব্যক্ত করেন এসটিজিটি উত্তীর্ণ যুবক- যুবতীরা। কত্রে নিয়োগের দাবিতে গত কয়েক মাস যাবৎ বিভিন্ন মন্ত্রীর দরজায় কড়া নাড়লে ও তাদের দাবি পুরন করেছে না সরকার। নিবাচন ঘোষণার আগেই তাদের নিয়োগ সংক্রান্ত প্রক্রিয়া শেষ করার দাবি জানিয়েছেন । তাদের দাবি পুরন করা না হলে তারা আগামীদিনে মহাকরনের উদ্দেশ্য বৃহত্তর আন্দোলনে সামিল হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ৩৭ সংখ্যা, শুক্রবার, ২১ পৌষ ১৪২৯

কাশ্মীর বিষয়ে আগ্রহ দেখাচ্ছে চিন!

সম্পাদকীয়

চিন এখন কাশ্মীর নিয়ে কথা বলতে শুরু করে দিয়েছে। চিনের প্রবল আপত্তি সত্ত্বে কাশ্মীর প্রশ্নে ভারতের পাশে থাকলো রাশিয়া। রাশিয়ার এখন সবচেয়ে বড় খদ্দের হচ্ছে ভারত। রাশিয়ার ক্ষেপনাস্ত্র প্রতিরোধ কিনেছে ভারত কয়েক হাজার কোটি টাকা দিয়ে। রাশিয়ার আর্থিক অবস্থা ভালো নয়। সেখানকার সরকার ঠিক মতো মাইনে দিতে পারছে না তাদের কর্মচারি এবং সেনাদের। ফলে রাশিয়া এখন তেল বিক্রি করে টাকা জোগাড় করতে শুরু করে দিয়েছে। অস্ত্রে বাজার ভালো নয়। আমেরিকার প্রবল আপত্তিকে অগ্রাহ্য করে ভারত রাশিয়ার কাছ থেকে ক্ষেপনাস্ত্র-৪০০ কিনেছে। তার ফলে আমেরিকা খুবই ক্ষুব্ধ। চিনা প্রেসিডেন্ট শি জিনংয়ের সঙ্গে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের দ্বিপাক্ষিক শীর্ষ বৈঠকের পরে মস্কো কাশ্মীর প্রশ্নে ভারতে পাশে থাকার আশ্বাস দিয়েছে। তারা বলেছে কাশ্মীর প্রশ্নে কোনও তৃতীয় দেশের উপস্থিতিকে তারা সমর্থন করছে না। কাশ্মীর সমস্যার সমাধান খুঁজতে হবে ১৯৭২ সালে সিমলা চুক্তি এবং ১৯৯৯ সালে লাহোর ঘোষণার মধ্যে থেকেই। তবে ভারতের বর্তমান প্রধানমন্ত্রী মোদি বলেই দিয়েছেন সেই সব চুক্তি বর্তমান ভারত সরকার খতিয়ে দেখবে। তারপরে সেগুলো মানার কথা বলা হবে। ভারতের বিদেশ মন্ত্রক এ ব্যাপারে খানিকটা স্বস্তির নিঃশ্বাস ফেলতে শুরু করেছে। বেজিং এবং ইসলামাবাদ যেভাবে ভারতের ঘাড়ের ওপরে এসে নিঃশ্বাস ফেলতে শুরু করে দিয়েছিল তাতে খানিকটা অসুবিধার মধ্যে ছিল ভারত সরকার। এদিকে রাহুল গান্ধি বলেছেন চিন এবং পাকিস্তান মিলে ভারত আক্রমণ করতে পারে। ফলে ভারতের চিন্তা রয়ে গিয়েছে। তার ফলে রাশিয়াকে পাশে রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে ভারত। এবারে চিনের চাপকে অস্বীকার করে ভারতের পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করলো রাশিয়া। পূর্ব লাদাখে চিন সেনারা ভারতীয় ভূখণ্ডে ঢুকে পড়ে হানা দিতে শুরু করে দিয়েছিল। শীত কমে যাওয়ার পরে পাকিস্তানের জঙ্গিরা ভারতে প্রবেশ করার সুযোগ গ্রহণ করবে। ভারত বিরোধী জঙ্গিদের মদত দিতে থাকবে চিন সেটা ক্রমশ পরিস্কার। পাকিস্তানকে ম.দ দিতে চিন সক্রয় হয়ে উঠতে শুরু করে দিয়েছে। তারা চাইছে রাষ্ট্রপুঞ্জে এই সমস্যার সমাধান হোক। কাশ্মীরের বেশ কিছু বিচ্ছিন্নতাবাদীরা চিনের সহযোগিতা পাওয়ার ব্যাপারে গোপন যোগাযোগ করতে শুরু করে দিয়েছে। কাশ্মীরে ইন্টারনেট পরিষেবা ভারত বেশ কিছুদিন বন্ধ করে রেখে দিয়েছিল তার একটি মাত্র কারণ ছিল গোয়েন্দা সূত্র থেকে খবর পায় কাশ্মীরের লুকিয়ে থাকা বিচ্ছিন্নতাবাদীরা চিনের সাহায্য চাইতে শুরু করে দিয়েছে। তারা কাশ্মীরকে ভারত ছাড়া করতে উৎসাহী। আন্তর্জাতিক ক্ষেত্রে আমেরিকার মোকাবিলা করতে চিনের সঙ্গে রাশিয়ার সখ্যতা বৃদ্ধি পেয়েছে। আবার চিন আমেরিকার সঙ্গে দোস্তি করার চেষ্টা করে চলেছে আমেরিকার বিজ্ঞানের সহযোগিতা নেওযার জন্য। আমেরিকার প্রযুক্তি চিনের খুবই প্রয়োজন। আমেরিকার শিল্পপতিরা চিন দেশে গিয়ে সেখানে বিশাল বিশাল শিল্প কারখানা তৈরি করেছে। তার ফলে চিন আর্থিক দিক দিয়ে ক্রমশ বলশালী হতে শুরু করেছে। তার ওপরে চিনের নিজস্ব পণ্য উৎপাদন রয়েছে তার বাজার চাহিদা অব্যাহত। ভারত চিনা পণ্য ক্রয় করে থাকে। আবার চিন ভারতের পণ্য ক্রয় করে। কিন্তু চিনের সঙ্গে ক্রমাগত মনোমালিন্য হওয়াতে সেই ব্যবসায় খানিকটা থমকে গিয়েছে। আমেরিকা সব সময়ে চেষ্টা করেছে রাশিয়ার ইউক্রেনের ব্যাপারে মাথা গলাতে। রাশিয়া ইউক্রেন সংঘাত ক্রমশ স্পষ্ট হয়ে উঠতে শুরু করে দিয়েছে। তাতে ভারত আমেরিকার পক্ষ নেয়নি। রাশিয়ার পক্ষ নিয়ে কথা বলেছে ভারত। ফলে আমেরিকার ভারতের ওপরে খানিকা রাগান্বিত। রাষ্ট্রপঞ্জকে ভারত জানিয়ে গিয়েছে ইউক্রেনের বিষয়ে তারা ভোটাভুটিতে অংশ গ্রহণ করবে না। বিশ্বশান্তির পথ ধরে ইউক্রেন রাশিয়ার মধ্যে শান্তি স্থাপন করতে হবে বলে ভারত জানিয়েছে। তাই কাশ্মীর প্রশ্নে চিনের চাপকে অস্বীকার করে ভারতের পাশে এসে দাঁড়ালো রাশিয়া। আমেরিকার চাপকে অস্বীকার করে রাশিয়ার কাছ থেকে ক্ষেপনাস্ত্র প্রতিরোধ সরঞ্জাম কেনায় আমেরিকার যথেষ্ট ক্ষুব্ধ বলা যেতে পারে। আমেরিকার বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন ভারতের ওপরে প্রথম দিকে ক্রমশ আস্থা বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করলেও পরে দেখতে পাওয়া গেল তিনি ভারতের ব্যাপারে ক্রমশ পিছন দিকে হাঁটতে শুরু করে দিয়েছেন। তালিবান সরকার আফগানিস্তানের প্রতিষ্ঠা হওয়ার পর থেকে আমেরিকা এখন আবার পাকিস্তানের দিকে ক্রমশ ঝুঁকতে শুরু করে দিয়েছে। তার ফলে ভারতকে এখন রাশিয়ার দিকে থাকতে হচ্ছে। রাশিয়ার দিকে থাকলে চিনও ভরসা করে ভারত বিরোধিতা করতে পারবে না। কারণ চিনের চেয়ে শক্তি ধরে রাশিয়া। তারা কম শক্তিশালী নয়। যথেষ্ট শক্তি বহন করে সেটা চিন সরকার জানে। সেই কারণে চিনের চেয়ারম্যান শি জিনপিং কখনই রাশিয়াকে চটায় না। রাশিয়াকে চটালে তাদের ক্ষতি বেশি সেটা চিন সরকার অনুভব করে। এদিকে রাশিয়া পুতিন চনের প্রেসিডেন্ট শি জিনপিংকে রাশিয়াতে আমন্ত্রণ করেছেন। চিন রাশিয়া একই মেরুতে অবস্থান করতে পারে বলে মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকেরা। গোটা ইউরোপে চিনের কোনও বন্ধু রাষ্ট্র নেই। একমাত্র খানিকটা রাশিয়া চিনকে সমর্থন করে। তার একটি মাত্র কারণ হচ্ছে চিন দেশে কমিউনিস্টশাসন। ১৯৬২ সালে চিন ভারত আক্রমণ করলে রাশিয়া কারোর পক্ষে ছিল না। তারা চুপ করে বসেছিল। এবারে কিন্তু সেই পরিস্থিতি নেই।

তন্ত্র সাধক বামাক্ষ্যাপা



আমি সব কিছুই জানতে পারি তার একটি মাত্র কারণ হচ্ছে আমার ভিতরের শক্তি। এই শক্তি দিয়ে আমি সব কিছু ধরতে পারি। বুঝতে পারি। অপরের মনের কথাকে বলতে পারি। মানুষের মনের কথাকে আমি অন্তর শক্তি দিয়ে অনুভব করতে পারি। আমার যে শক্তি রয়েছে সেই শক্তি দিয়ে আমার বর্হিপ্রকাশ করতে পারি। মানুষ দেখলে বুঝতে পারি কে কেমন। তার স্বভাব কেমন? তিনি কি চান? এটা নারীদের একটি অসীম শক্তি। এই শক্তি দিয়ে আমি সব কিছু জানতে এবং বুঝতে পারে। আসলে মা তারাপীঠই হচ্ছে মা। তিনি শক্তি। ভক্তি। তার মতো শক্তি আর কারোর নেই। শ্যামা ভবতারিণীর শক্তি সবচেয়ে বেশি। গোটা বিশ্বকে পরিচালিত করার ক্ষমতা রাখে মা কালী। তিনি হচ্ছেন আদ্যাশক্তি মাতা। শশ্মানচারিনী মাতা। জীবনে চলতে গেলে শশ্মানচারিনী মাতার শক্তির প্রয়োজন। আদ্যাশক্তির প্রয়োজন রয়েছে। শশ্মানচারিনী মাতার বলেও চলাফেরা করা সম্ভব। সেই শশ্মানচারিনী মাতার শক্তি দিয়েই মানুষ চলাফেরা করে।

চিন, ভারত এবং রাশিয়া কি একই অক্ষরেখায় চলে আসবে?

আর্থিক দিক দিয়ে এখন আমেরিকাও শক্তিশালী হতে পারছে না। শিল্প উৎপাদন মার খেতে শুরু করেছে। আর্থিক বাজার চাঙ্গা নেই। তার ফলে বিশ্ব আর্থিক লেনদেন গতিশীল হতে পারছে না। এই সব খতিয়ে দেখতে শুরু করেছেন ারতের বিদেশ মন্ত্রী জয়শঙ্কর । তিনি তোপ দাগতে শুরু করে দিয়েছেন। তিনি বলেছেন ভারতের সমস্যা সম্পর্কে পশ্চিমী দেশগুলি একেবারে উদাসীন ছিল। তারা ভারতের সমস্যার সমাধান করার দিকে একবারও নজর দেওয়ার চেষ্টা করেনি। উপরন্তু ভারত কীভাবে আরও বেশি করে সমস্যা জড়িয়ে পড়তে পারে তার দিকে লক্ষ্য রাখতে শুরু করেছিল। ভারতের সমস্যার সুযোগ নিয়ে ইউরোপের দেশগুলি তাকে ব্যবহার করতে শুরু করে। ইউরোপের শক্তিশালী দেশগুলির কোনও ইচ্ছা নেই ভারত আর্থিক দিক দিয়ে শক্তিশালী হয়ে উঠুক।

রবীন্দ্র কুমার শীল

বিদেশমন্ত্রী জয়শঙ্কর যেভাবে ইউরোপের দেশগুলির দিকে তাক করে তোপ দাগতে শুরু করে দিয়েছেন তাতে মনে হচ্ছে আগামী দিনে ভরত, চিন এবং রাশিয়া একই অক্ষরেখায় এসে উপস্থিত হতে পারে। ভারত, চিন এবং রাশিয়া যদি একই স্থানে অবস্থান করে তা হলে কিন্তু আমেরিকা এবং গোটা ইউরোপের পক্ষে বিপদ রয়েছে। বিশেষ করে পাকিস্তানের পক্ষে আরও বেশি ভয়ঙ্কার অবস্থা তৈরি হবে। চিন চাইছে না ভারতকে একেবারে ক্ষেপিয়ে তুলতে। আবার রাশিয়া ভারতের সঙ্গে নিবিড় সম্পর্ক তৈরি করতে ইচ্ছা প্রকাশ করেছে। তার ফলে চিন এবং রাশিয়া যদি এক সূত্র ধরে বন্ধন তৈরি করে তাহলে ভারত পিছিয়ে থাকবে না। তখন রাশিয়াই আগ বাড়িয়ে ভারতকে বলতে পারে তাদের সঙ্গে হাত মিলিয়ে চলতে। ভারত তাতে সায় দিতে কসুর করবে না। কারণ ভারতের কাছে ইউরোপের ভূমিকার চেয়ে রাশিয়া এবং চিনের ভূমিকার গুরুত্ব রয়েছে। চিন সব সময়ে চেষ্টা করছে ভারতের সঙ্গে একটি নিবিড় সম্পর্ক তৈরি করতে। কিন্তু চিনের আগ্রাসী নীতি এই নিবিড় সম্পর্ক তৈরি করতে বাধা দিচ্ছে। রাশিয়ার আগ্রাসী নীতি গ্রহণ করার ফলে আজকে ইউক্রেনের অবস্থা কাহিল। যুদ্ধ এখনও থামেনি। যুদ্ধ কবে থামবে তা পরিস্কার করে বোঝা একেবারে অসম্ভব হয়ে পড়ছে। ভারতের ওপরে চাপ আসতে শুরু করে দিয়েছে যুদ্ধ থামানোর ব্যাপারে। ইতিমধ্যে ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি ফোন করে মোদিকে অনুরোধ করেছেন যুদ্ধ বন্ধ করা ব্যাপারে রাশিয়াকে রাজি করানো। কিন্তু রাশিয়াকে রাজি করানো একেবারে অসম্ভব। তার একটি মাত্র কারণ হচ্ছে রাশিয়া আগেই যুদ্ধ ঘোষণা করেছিল। তারা যুদ্ধ বিরতি ঘোষণা করতে পারে না। তবে যা বর্তমান পরিস্থিতি তাতে মনে হচ্ছে না বেশি দিন যুদ্ধ চলবে। যুদ্ধ চলছে শুধু মাত্র আকাশ পথ ধরে। স্থল পথ ধরে যুদ্ধ প্রায় বন্ধ হয়ে গিয়েছে। এখন ইউক্রেনে ক্ষেপনাস্ত্র যুদ্ধ শুরু হয়েছে। যুদ্ধ বিমানে করে বোমা ফেলা শুরু হয়েছে। রাশিয়া শক্তিশালী বোমা নিক্ষেপ করে কিভের বহু অংশ ধ্বংস করে দিয়েছে। শুধু মাত্র অক্ষত রয়েছে প্রেসিডেন্ট জেলেনস্কি বাসভবন সহ আর কয়েকটি বহুতল বাড়ি। বাকি সব ধ্বংস করে দিয়েছে রাশিয়া। ভারত রাশিয়ার সঙ্গে যুদ্ধের ব্যাপারে একমত নয়। বারবার প্রধানমনন্ত্রী মোদি বলেছেন যে এখন যুদ্ধের সময় নয়। যুদ্ধ চালালে সারা বিশ্বের আর্থিক ক্ষতি প্রবল থেকে প্রবল হতে থাকবে। ইতিমধ্যে বিশ্বে খাদ্যাভাব দেখা দিতে শুরু করেছে। ইউক্রেন ঠিক মতো গম সরবরাহ করতে পারছে না। সব কিছু থমকে গিয়েছে।

করোনা যেমন বিশ্বের গতিকে একেবারে শ্লথ করে দিয়েছিল ঠিক তেমনি ইউক্রেন যুদ্ধ বিশ্বের গতিকে একেবারে থমকে দিয়েছে। আর্থিক দিক দিয়ে এখন আমেরিকাও শক্তিশালী হতে পারছে না। শিল্প উৎপাদন মার খেতে শুরু করেছে। আর্থিক বাজার চাঙ্গা নেই। তার ফলে বিশ্ব আর্থিক লেনদেন গতিশীল হতে পারছে না। এই সব খতিয়ে দেখতে শুরু করেছেন ারতের বিদেশ মন্ত্রী জয়শঙ্কর । তিনি তোপ দাগতে শুরু করে দিয়েছেন। তিনি বলেছেন ভারতের সমস্যা সম্পর্কে পশ্চিমী দেশগুলি একেবারে উদাসীন ছিল। তারা ভারতের সমস্যার সমাধান করার দিকে একবারও নজর দেওয়ার চেষ্টা করেনি। উপরন্তু ভারত কীভাবে আরও বেশি করে সমস্যা জড়িয়ে পড়তে পারে তার দিকে লক্ষ্য রাখতে শুরু করেছিল। ভারতের সমস্যার সুযোগ নিয়ে ইউরোপের দেশগুলি তাকে ব্যবহার করতে শুরু করে। ইউরোপের শক্তিশালী দেশগুলির কোনও ইচ্ছা নেই ভারত আর্থিক দিক দিয়ে শক্তিশালী হয়ে উঠুক। ভারত যদি শক্তিশালী হয় তাহলে তাদের বিপদ রয়েছে বলে মনে করে থাকে। ভারতের ব্যাপারে পশ্চিমী দেশগুলি উদাসীন ছিল। তারা কোনও রকমভাবে ভারতকে পাশে রেখে সমস্যার সমাধান করতে চায়নি। একদিকে তারা যেমন চিনকে উস্কানি দিয়েছে পাশাপশি পাকিস্তানকে উস্কানি দিতে কসুর করেনি। চিনকে উস্কানি দিলেও চিন তাদের নিজেদের পথ ধরে এগিয়ে চলতে শুরু করেছিল। চিনের লক্ষ্যই হচ্ছে ভারতের সীমান্ত এাকাগুলিকে তাদের দখলে রাখা। সেটা করতেই তারা এখন সীমান্তে চিনা সেনা বৃদ্ধি করতে শুরু করেছে। ভারত চিন সীমান্ত সমস্যার সমাধান হলে গেলেই চিনের সঙ্গে ভারত মৈত্রী তৈরি করতে ইচ্ছুক। সেটা পরিস্কার করে বিদেশ মন্ত্রী জয়শঙ্কর বুঝিয়ে দিয়েছেন। তিনি মনে করেন, ভারতের সেনা কর্তাদের সঙ্গে সীমান্ত সমস্যা নিয়ে বহু আলোচনা হয়েছিল চিনের সঙ্গে। কিন্তু সমস্যার সমাধান করা সম্ভব হয়নি। তার একটি মাত্র কারণ হচ্ছে চিনের আগ্রাসী নীতি। চিন আগ্রাসী নীতি পরিত্যাগ করে এলে ভারত তাদের সঙ্গে মৈত্রী গড়তে আগ্রহী। কিন্তু বন্ধুত্ব গড়তে গেলে বন্ধুত্বের পরিবেশ তৈরি করতে হবে চিনকে। ভারত চিন সম্পর্কে পরিচ্ছন্ন মত পোষনকরে থাকে। বিদেশ মন্ত্রী জয়শঙ্কর ইউক্রেন যুদ্ধ থেকে শুরু করে আন্তর্জাতিক খাদ্য, জ্বালানি এবং অর্থনৈতিক সঙ্কটকে তুলে ধরলেন। তিনি বলেছেন, এই যুদ্ধ পৃথিবীকে একটি ভয়ঙ্কর স্থানে পৌঁছে দিচ্ছে। করোনা একদিকে পৃথিবীর গতিকে একেবারে স্তব্ধ করে দিয়েছিল। কিন্তু সেই সঙ্কট কাটিয়ে উঠতে পেরেছে দেশগুলি। কিন্তু যুদ্ধের সঙ্কট যে তৈরি হয়েছে তার থেকে রেহাই পাচ্ছে না মানুষ। ইউরোপের মানুষেরা কোনও সময়ে ভাবতে পারেনি যে তারা শরনার্থীতে পরিণত হবে। তাদেরকে প্রচণ্ড ঠাণ্ডার মধ্যে বসবাস করতে হবে। খাদ্যের অভাবে দিন যাপন করতে হবে। কিন্তু সেটা এখন হতে শুরু করেছে। বিশ্ব থেকে মানবিক সাহায্য সেখানে গিয়ে পৌঁছাতে শুরু করেছে বটে। সেটা আর কতদিন ধরে চালানো সম্ভব তা নিয়ে কথা উঠতে শুরু করেছে। রাশিয়া ভারতের বন্ধু রাষ্ট্র তাতে কোনও সন্দেহ নেই। কিন্তু ভারত একা রাশিয়াকে যুদ্ধ থামানোর কথা বলতে পারে না। চিনের সঙ্গে রাশিয়ার দোস্তি রয়েছে। চিন রাশিয়াকে এ ব্যাপারে চাপ দিতে পারে।

চিন ভারতের সঙ্গে কূটনীতির কৌশল পরিবর্তন করছে

বিশেষ প্রতিনিধি

চিন তাদের কৌশল একেবারে পাল্টে দিয়েছে। তারা এখন ইউক্রেন যুদ্ধের সুযোগ খুঁজে বের করার চেষ্টা করছে। তাইওয়ানের দিকে তাকিয়ে বসে রয়েছে চিন। এ ব্যাপারে তারা পদক্ষেপ গ্রহণ করতে শুরু করে দিয়েছে। সেই ব্যাপারটাকে লক্ষ্য করেই আমেরিকার স্পিকার ন্যান্সি তাইওয়ান গিয়ে উপস্থিত হয়েছিলেন অভয় দান করতে। কিন্তু চিন এতে ক্ষিপ্ত হয়ে যায়। চিন চাইছে তাইওয়ানের ব্যাপারে আমেরিকা একেবারে চুপ করে থাকুক। কিন্তু আমেরিকার তাইওয়ানের ব্যাপারে চুপ করে থাকবে না সেটা পরিস্কার। এদিকে দক্ষিণ কোরিয়াকে আমেরিকার ক্ষেপনাস্ত্র প্রশিক্ষণ দিতে শুরু করেছে। পরমাণু বোমা সম্পর্কে তাদেরকে ওয়াকিবহাল করাচ্ছে। তার ফলে দুই কোরিয়ার মধ্যে রেষারেষি বৃদ্ধি পেতে শুরু করেছে। আমেরিকা এবং দক্ষিণ কোরিয়া এবারে সমারিক মহড়া শুরু করছে। তার ফলে এই উপমহাদেশে সামরিক উত্তেজনা সৃষ্টি হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পাবে। বিদেশমন্ত্রী জয়শঙ্কর এবারে আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন। তিনি বলেছেন, ষাট বছর ধরে রাশিয়ার কাছ থেকে ভারত জ্বালানি এবং অস্ত্র সংগ্রহ করছে। তার একটি মাত্র কারণ হচ্ছে ইউরোপের অধিকাংশ দেশই ভারতে পাশে ছিল না। তারা পাকিস্তানের সামরিক সরকারকে অস্ত্র সাহায্য করেছে। ইউরোপের অধিকাংশ দেশগুলি তাদের সুবিধা মতো নীতি গ্রহণ করে ভারতকে কোনঠাসা করে রাখার চেষ্টা করে। কিন্তু ভারতের শিল্প সম্পদ ভারতকে উন্নতস্থানে উপস্থিত রাখতে সক্ষম হয়েছে। জি-২০ সম্মেনলকে কেন্দ্র করে ভারতকে যে চাপ সহ্য করতে হবে তার মোকাবিলা করতে শুরু করে দিলেন বিদেশ মন্ত্রী জয়শঙ্কর ভিয়েনা থেকে। তিনি পরিস্কার করে বলে দিয়েছেন ভারত কারোর চাপের কাছে নতি স্বীকার করবে না। ভারত সরকারের নিজস্ব বৈদেশিক

নীতি রয়েছে। তারা শুধু মাত্র পাকিস্তানকে শত্রু দেশ বলে মনে করে বৈদেশিক নীতি পরিচালনা করে না। ভারতে ওপরে বিশাল দায়িত্ব এসে উপস্থিত হতে শুরু করেছে। ভারত চেষ্টা করবে সেই দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করতে। বিদেমন্ত্রী জয়শঙ্করকে সরাসরি প্রশ্ন করা হয়েছিল যে ভারত জি-২০ সভাপতি হয়ে ইউক্রেন যুদ্ধের ব্যাপারে কতখানি পদক্ষেপ গ্রহণ করতে পারবে? বিদেশ মন্ত্রী বলেছেন যে ভারত সব সময়ে যুদ্ধের বিপক্ষে। ইউক্রেন যুদ্ধ যখন শুরু হল তখন সেখানকার ছাত্রদের উদ্ধার করে নিয়ে আসার দায়িত্ব গ্রহণ করে ভারত। এমনকী সেখান কার শরনার্থীদের মানবিক সাাহয্য দিতে শুরু করেছিল। তখন ইউক্রেনের প্রেসিডেন্ট ভারতের নিরপেক্ষ ভূমিকাকে ভালো নজরে দেখেন নি। তিনি তখন ভারতকে সুবিধাবাদী রাষ্ট্র বলে চিহ্নিত করেছিলেন। কিন্ত কথা হচ্ছে যুদ্ধ তো ভারত তৈরি করেনি। বিশ্বের শক্তিশালী দেশগুলি এই যুদ্ধকে জিইয়ে রাখতে চাইছে। ভারত বারবার সেখানে শান্তির কথা বলছে। যুদ্ধ থামানোর কথা বলছে। কিন্তু উভয় পক্ষ যুদ্ধ থামানোর কোনও কথা বলতে একেবারে নারাজ। ভারত চিন এবং রাশিয়া যদি একই মেরুরেখা উপস্থিত হয় তাহলে কী গোটা ইউরোপ অবাক হবে না? বিদেশ মন্ত্রক থেকে এর উত্তরে বলা হয়েছে অনেক কিছু ত্যাগের মধ্যে দিয়ে এটা গড়ে উঠতে পারে। চিনকে এ ব্যাপরে ত্যাগ স্বীকার করতে হবে। চিন সত্যিই সেই ত্যাগ স্বীকার করতে পারবে? সেটা নির্ভর করছে বর্তমান চিনের প্রেসিডেন্ট কতখানি ত্যাগ স্বীকার করতে পারবেন। তিনি তো নিজেকে বিশ্বের অন্যতম শক্তিশালী রাষ্ট্র নায়কে প্রতিষ্ঠিত করার চেষ্টা করছেন। সেই কারণে ভারত চিন সীমান্তে উত্তেজনা এবং ইউক্রেন যুদ্ধের ব্যাপারে রাশিয়াকে সমর্থন দেওয়া। সেই সব অপকৌশল গ্রহণ করার ফল চিনকে ভবিষ্যতে জবাবদিহি করতে হবে। ভারতের পশ্চিমী পাকিস্তান এবং পূর্বে মায়ানমার ছিল সামরিক স্বৈরতন্ত্র। মায়ানমারে নিষেধাজ্ঞা জারি হল। কিন্তু পাকিস্তান জামানাকে বলা হল খুবই গুরুত্বপূর্ণ এবং নেটোর সহযোগী। কখন একনায়কতন্ত্রকে বলা হল তাদের সঙ্গে ব্যবসা বৃদ্ধি করলেই বদলানোর চেষ্টা করা হবে। তারপরে আরও বলা হয়েছে ঘাড়ের ওপরে বেশি করে নিষেধাজ্ঞা জারি করে দাও তাহলে শিক্ষা পাবে। ইউরোপ এতকাল ধরে তাই করে এসেছে। এবারে কিন্ত এই সব অপকৌশল আর কাজ করছে না। সব কিছু একেবারে বানচাল হয়ে গিয়েছে। এখন ভারত, চিন এবং রাশিয়াকে চিন্তা করতে হচ্ছে আগামি দিনে ইউরোপ এবং আমেরিকার সঙ্গে কী রকম সম্পর্ক তৈরি করা হবে। রাশিয়া ইচ্ছা যে চিনের সঙ্গে বিবাদ মিটিয়ে ভারত তার সঙ্গে হাত মিলিয়ে আন্তর্জাতিক আঙ্গিনায় প্রবেশ করুক। তাহলে আমেরিকা এবং ইউরোপের কুকৌশল স্তব্ধ হয়ে যাবে। যে রাশিয়া আগে ইউরোপের অর্থনীতির ওপরে নির্ভর করে চলতা তারা এখন বলতে গেলে ঘুরে গিয়েছে। তারা এখন এশিয়ার দেশগুলির ওপরে নির্ভর করতে শুরু করেছে। সেই কারণে রাশিয়া চেষ্টা করবে চিন ভারত একই অক্ষরেখায় উপস্থিত থেকে একটি শক্তিশালী নয়া জোট তৈরি করুক। নয়া জোট তৈরি হলে আমেরিকা এবং ইউরোপের য়ে অধিপত্য ক্রমশ কমতে থাকবে এবং তাদের অস্ত্র গর্জনও থমকে যাবে।

ব্যর্থতার প্রচারে

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ জানুয়ারি ঃ পুর নিগমের নির্বাচনে শিলিগুড়ি পুর নিগমের হাতছাড়া হয়েছে বামেদের। তৃণমূল প্রার্থী আলম খানের কাছে পরাজিত হয়েছেন বাম নেতা অশোক ভট্টাচার্য। এক বছরে ব্যর্থ তৃণমূল পরিচালিত তৃণমূল পুর বোর্ড। এমনই অভিযোগ তুলে শহরে ৬ নম্বর ওয়ার্ডে এলাকাবাসী হাতে লিফলেট তুলে দিলেন ৬ নম্বর ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর অশোক ভট্টাচার্য। শিলিগুড়িজুড়ে অচল নিকাশি ব্যবস্থা, পানীয় জলের ঘাটতি সহ বর্তমান পুর প্রশাসনের বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলে বৃহস্পতিবার দুই নম্বর বামফ্রন্ট এরিয়া কমিটির পক্ষ থেকে জনসংযোগ কর্মসূচী পালন করা হয়। সাধারণ মানুষের সাথে কথা বলে পুর পরিষেবা পেতে কি কি অসুবিধা হচ্ছে জানানোর পাশাপাশি আগামী একুশে জানুয়ারি তৃণমূল পরিচালিত শিলিগুড়ি পুর নিগমের ব্যর্থতার অভিযোগ তুলে শহরে মহাত্মা গান্ধী চক থেকে হাসমিচক পর্যন্ত এক মিছিল সংগঠিত করা হবে। মিছিল শেষ হাসমিচকে বামদের অবস্থান বিক্ষোভ কর্মসূচী পালন করা হবে বললে জানালেন অশোক ভট্টাচার্য।

চিনি পাচারে ধৃত

দুরন্ত বার্তা, মেখলিগঞ্জ, ৫ জানুয়ারি ঃ কোচবিহারের মেখলিগঞ্জ ব্লকের কুচলিবাড়ি সীমান্তে চিনি পাচার করতে গিয়ে আটক বাংলাদেশি। বুধবার রাতে ওই বাংলাদেশিকে চিনির বস্তা সহ আটক করেছে বিএসএফ। বৃহস্পতিবার বিএসএফ সূত্রে জানা গেছে, অভিযুক্ত ব্যক্তির নাম মহম্মদ আরিফুল ইসলাম। তার বাড়ি বাংলাদেশের লালমনিরহাট জেলার দহগ্রাম গ্রামে। অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে চিনি পাচারের উদ্দেশ্যে প্রবেশ করে ওই বাংলাদেশি। গোপন সূত্রে খবর পেয়ে বিএসএফের জলপাইগুড়ি সেক্টর হেডকোয়ার্টারের অন্তর্গত ৬ নম্বর ব্যাটালিয়নের তরুণ সীমা চৌকির সীমান্তরক্ষী বাহিনীর কাছে বাংলাদেশের নাগরিককে আটক করা হয়। এদিন বিএসএফের জলপাইগুড়ি সেক্টরের ডিআইজি বিগ্রেডিয়ার বিজয় মেহতা জানান, অভিযুক্ত বাংলাদেশিকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ করে কুচলিবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

আক্রান্ত ম্যানেজার

দুরন্ত বার্তা, মাদারিহাট, ৫ জানুয়ারি ঃ আলিপুরদুয়ারের মাদারিহাট ব্লকের গ্যারগান্ডা চা বাগানের ম্যানেজার শীর্ষেন্দু বিশ্বাসের ওপর প্রাণঘাতী হামলা চালাল ওই বাগানের শ্রমিক ববিন বিশ্বকর্মা। ম্যানেজারকে বাঁচাতে এসে লাঠির আঘাত পেলেন সহকারি ম্যানেজার সুরজিৎ পাল ও মুন্সী অরুণ সোনার। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে। ম্যানেজার জানান, তাঁকে প্রথমে বন্দুক দেখিয়ে শূন্যে এক রাউন্ড গুলি চালায় দুষ্কৃতী। এরপর তাঁকে বাঁচাতে এলে সুরজিৎ পালকে আক্রমণ করে অভিযুক্ত। তাঁরা পালটা আক্রমণ করার মুহূর্তে দুষ্কৃতী তাদের দিকে বন্দুক তাক করে গুলি করার চেষ্টা করে। কিন্তু বন্দুক থেকে গুলি বের না হওয়ায় তাঁরা প্রাণে বাঁচেন। ওই দুষ্কৃতীর বিরুদ্ধে পূর্বে খুনের চেষ্টার মামলা থাকায় তাকে কাজ থেকে সাসপেন্ড করা হয়েছিল। আবার কাজের দাবি জানাতে এসেই এদিন প্রাণঘাতী আক্রমণ চালায়।

স্ত্রীকে খুনে আটক

দুরন্ত বার্তা, খড়গপুর, ৫ জানুয়ারি ঃ পশ্চিম মেদিনীপুর জেলার বেলদা থানার হেমচন্দ্র অঞ্চলের গহিরা গ্রামে এক বধূকে গলার নলি কেটে খুন করা হয়েছে। অভিযোগ, আট বছরের সন্তানের সামনে স্ত্রীকে তাঁর স্বামী খুন করেছে। বৃহস্পতিবার ভোররাতে এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়। ইতিমধ্যে অভিযুক্ত স্বামীকে আটক করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম মঞ্জু বারিক (৩০)। এদিন সকালে নিজের ঘর থেকেই তাঁর গলার নলি কাটা অবস্থায় রক্তাক্ত দেহ উদ্ধার করে পুলিশ। অভিযুক্ত স্বামী কালীপদ বারিককে আটক করা হয়েছে।

তোলাবাজির প্রতিবাদে পথ অবরোধ পাথর ব্যবসায়ীদের

দেবশ্রী মজুমদার, রামপুরহাট, ৫ জানুয়ারি ঃ তোলাবাজির বিরুদ্ধে আন্দোলন শুরু করলেন মল্লারপুর পাথর শিল্পাঞ্চল পাথর ব্যবসায়ীরা। বুধবার রাত থেকে পথ অবরোধের ফলে কয়েক হাজার লরি রাস্তার উপর দাঁড়িয়ে যায়। প্রশাসনের আশ্বাসে এই অবরোধ তুলে নেন পাথর ব্যবসায়ীরা। ন'মাস ধরে বীরভূমের পাথর শিল্পাঞ্চল এলাকায় ডিসিআর (ডুপ্লিকেট কার্বন রিসিপ্ট) কেটে টাকা তুলছিল ভূমি ও ভূমি সংস্কার দফতর। সেই সময় পাথর ব্যবসায়ী কিংবা লরি মালিকদের কোন সমস্যা ছিল না। কিন্তু ইংরেজি নতুন বছরের প্রথম দিন থেকে কিছু অসাধু লোকজন প্রশাসনের কাছ থেকে সেই দায়িত্ব কেড়ে নিয়েছে বলে অভিযোগ। ওই অসাধু ব্যবসায়ীরা নকল ডিসিআর ছাপিয়ে সরকার নির্ধারিত মূল্যের অনেক বেশি টাকা পাথর বোঝাই লরি থেকে আদায় করতে শুরু করেছে। এরই প্রতিবাদে জায়গায় জায়গায় আন্দোলনে নামছেন পাথর ব্যবসায়ী থেকে লরি মালিকেরা। তোলাবাজির প্রতিবাদে তাঁরা মল্লারপুর-কাষ্ঠগড়া রাস্তা অবরোধ করেন। পাথর ব্যবসায়ী বাসারুল শেখ, কৌশিক গোস্বামীরা বলেন, আগে সরকারি কর্মীরা ডিসিআর কাটতেন। তখন আসল কাগজ হাতে পেতাম। টাকা কম লাগত। এখন টুলু মণ্ডল নামে একজন দায়িত্ব নিয়ে নিজের লোকজন দিয়ে টাকা আদায় করছে। মোটা অঙ্কের টাকা নিয়ে যে কাগজ দিচ্ছে সেটাও নকল। আমরা চাই সরকারি ডিসিআর ভূমি ও ভূমি রাজস্ব আধিকারিকরাই আদায় করুক। ময়ূরেশ্বর ১ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক শ্রীকান্ত দে বলেন, ওখানে অফিসাররা বসে আছেন। তবে মাসরা এলাকায় যে গেট রয়েছে সেটা রামপুরহাট ১ নম্বর ব্লকের অধীনে পড়ছে। বাকিটা জেলা শাসক কিংবা জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের সঙ্গে কথা বলুন। জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক অভিজিৎ মুখোপাধ্যায় বলেন, ওই ডিসিআর গেট ময়ূরেশ্বর ১ নম্বর ব্লকের অধীনে থাকার কথা। কিন্তু কোথায় আছে সেটা আমার কাছে কোন খবর নেই। অভিজিৎ বাবু নিজে সরকারি অর্ডারে সাক্ষর করলেও তিনি নিজেই জানেন না কোথায় ডিসিআর গেট রয়েছে। এনিয়ে কটাক্ষ করেছেন কংগ্রেস নেতা মিল্টন রসিদ। তিনি বলেন, প্রশাসনের মদতেই ডিসিআরের নামে তোলাবাজি চলছে। আমরা প্রশাসনকে বলব অবিলম্বে তোলাবাজি বন্ধ করুন। নয়তো আমরা বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হব। প্রসঙ্গত, বীরভূম জেলায় পাথর শিল্পাঞ্চলে ছয়টি ডিসিআর গেট রয়েছে। তার মধ্যে পাঁচামী, রায়পুর এবং শালবাদরা ডিসিআর গেট দেখভাল করেন টুলু মণ্ডল নামে সিউড়ির এক নেতা। তার সিউড়ির বাড়িতে সিবিআই-ইডি ইতিমধ্যে তল্লাশি চালিয়েছে। তাকেই ফের তিনটি গেটের তোলার অলিখিত দায়িত্ব দেওয়া হয়েছে। নলহাটি এবং রাজগ্রামের দায়িত্ব দেওয়া হয়েছে দুই নেতাকে। ময়ূরেশ্বর ১ নম্বর ভূমি ও ভূমি সংস্কার দফতরের অধীনে গোয়ালা গ্রামে ডিসিআর গেট উল্লেখ করা হয়েছে।

ড্রেন নির্মানে কাটমানির অভিযোগ বিক্ষোভে নড়েচড়ে বসল প্রশাসন

এজাজ আহম্মেদ, বড়ঞা, ৫ জানুয়ারি ঃ মুর্শিদাবাদের বড়ঞা ব্লকের মুড্ডা গ্রামে বুধবার গ্রামবাসীদের প্রতিবাদে বন্ধ করে দেওয়া হয়েছিল ড্রেন তৈরির কাজ। গ্রামবাসীদের অভিযোগ, অতি নিম্নমানের সামগ্রী ও চরম গাফিলতি হচ্ছিল গ্রামের এই ড্রেন তৈরিতে। কিন্তু গ্রামবাসীদের দেখানো হয়নি কাজের কোনও সিডিউল। এমন কি বসানো হয়নি কোন বোর্ড। তাই সঠিক দ্রব্য কাজে লাগিয়ে ড্রেন তৈরির দাবিতে এদিন গ্রামের একাংশ বাসিন্দা বিক্ষোভ করেন এবং কাজ বন্ধ করে দেন। উল্লেখ্য, পঞ্চায়েত ভোটকে সামনে রেখে বেশকিছু শুরু করেছে ব্লক প্রশাসন। কিন্তু তাতেও দেখা যাচ্ছে কাটমানির অভিযোগ কিন্তু অবশেষে গ্রামবাসীদের বিক্ষোভ জেরে প্রথমে কাজ বন্ধ করে দিতে বাধ্য হয় তৃণমূল পরিচালিত খর্জুনা গ্রাম পঞ্চায়েত। নিম্নমানের সমগ্রেহী দিয়ে তৈরি করা হচ্ছিল ড্রেন, তাই গ্রামবাসীরা কাজ বন্ধ করে দিয়ে বিক্ষোভ এবং ভোট বয়কটের ডাক দিতেই নড়েচড়ে বসল প্রশাসন। ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ এবং স্থানীয় নেতৃত্ব। প্রসঙ্গত, মুর্শিদাবাদ জেলার বড়ঞা ব্লকের খর্জুনা গ্রাম পঞ্চায়েতের অধীনে মুড্ডা গ্রামের ১০৫ মিটার ড্রেন নির্মাণে বরাদ্দ হয়েছিল ৫ লক্ষ ৮৫ হাজার টাকা। গ্রামবাসীরা অভিযোগ করেন নিম্নমানের সামগ্রী দিয়ে কাজ হচ্ছে। সিডিউল কিংবা সাইনবোর্ড দেখতে চাইলে তা দেখাতে চায়নি যার ফলে বিক্ষোভ শুরু করেন গ্রামবাসী। খবর পেয়ে বড়ঞা থানার পুলিশ এবং তৃণমূল নেতৃত্ব ঘটনাস্থলে এসে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলে সরকারি বরাদ্দ যে টাকা সিডিউল হিসেবে কাজ শুরু করতে বলা হয়। গ্রামবাসী আব্দুল হামিদ বলেন, প্রথমে নিম্নমানের সামগ্রী দিয়ে কাজ হচ্ছিল, তাই আমরা সেই কাজ বন্ধ করে দিই। সিডিউল দেখাতে বলা হয়েছিল কিন্তু প্রথমে যারা কাজ করছিলেন তারা পঞ্চায়েত অফিসে গিয়ে সিডিউল দেখার কথা বলেন। বারবার বলেই কাজ হচ্ছিল না তাই গ্রামবাসী সকলেই বিক্ষোভ করার পর তারা প্রতিশ্রুতি দেয় সঠিকভাবে কাজ করার। এই বিষয়ে বড়ঞার বিধায়ক জীবনকৃষ্ণ সাহা বলেন, দুর্নীতির সঙ্গে কোন আপোষ নেই। সরকারি নিয়মানুযায়ী কাজ হবে। কেউ নির্দেশ অমান্য করলে ছাড় পাবে না। বৃহস্পতিবার থেকে ফের ভাল সামগ্রী দিয়ে কাজ শুরু হয়েছে এবং সিডিউল দেখিয়ে যথাযথ নিয়ম মেনে কাজ শুরু হয়েছে।

ব্যবসায়ীকে আক্রমণ করে লুঠ

দুরন্ত বার্তা, মালদা, ৫ জানুয়ারি ঃ কাজ সেরে বাড়ি ফেরার পথে, এক স্বর্ণ ব্যবসায়ীকে গুলি করে এবং পাথর ছুঁড়ে ছিনতাই করলো দুষ্কৃতীরা। লুঠ করা হয়েছে স্বর্ণ ব্যবসায়ীর কাছে থাকা সোনা-রুপার বেশ কিছু অলংকার। বুধবার রাতে ঘটনাটি ঘটেছে গাজোল থানার রেল সেতু এলাকায়। রাতেই গুরুতর জখম ওই স্বর্ণ ব্যবসায়ীকে চিকিৎসার জন্য মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তির ব্যবস্থা করা হয়। অল্পের জন্য দুষ্কৃতীদের ছোঁড়া গুলি মাথা ছুঁয়ে বেরিয়ে গিয়েছে ওই ব্যবসায়ীর। কিন্তু ইঁট ও পাথরের আঘাতে গুরুতর জখম হয়েছেন ওই স্বর্ণ ব্যবসায়ী। এই ঘটনার পর আক্রান্ত ব্যবসায়ী পরিবারের পক্ষ থেকে গাজোল থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, আক্রান্ত ওই ব্যবসায়ীর নাম সমীরণ কর্মকার (৩৫)। তাঁর বাড়ি গাজোলের গোসানিবাদ এলাকায়। এদিন রাতে সোনার দোকান থেকে বাইকে বাড়ি ফিরছিলেন ওই ব্যবসায়ী। অভিযোগ, তিনটি মোটরবাইকে দুষ্কৃতীরা তাঁর পিছু নেয়। গাজোল রেল সেতুর কাছে তাঁকে লক্ষ্য করে গুলি চালানো হয়। গুলি মাথা ছুঁয়ে বেরিয়ে গেলে পাথর ছুঁড়ে হামলা করে দুষ্কৃতীরা। রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়লে প্রায় ২০ ভরি সোনার গয়না এবং প্রায় পাঁচ কেজি রূপার অলংকার নিয়ে দুষ্কৃতীরা চম্পট দেয়। লুট হওয়া অলংকারের বর্তমান বাজার মূল্য কয়েক লক্ষ টাকা বলেও জানিয়েছে ওই ব্যবসায়ীর পরিবার। এদিকে এই হামলার ঘটনার পর স্থানীয়দের চেষ্টায় দুষ্কৃতীদের একজনকে আটক করে পুলিশ। গাজোল থানায় এনে জিজ্ঞাসাবাদ করছেন পুলিশের পদস্থ কর্তারা। আটক যুবক মোথাবাড়ি থানা এলাকার বাসিন্দা বলে জানা গিয়েছে।

বাঁকুড়ায় ৬ লক্ষ হাম-রুবেলার ভ্যাক্সিন

অনিরুদ্ধ সরকার, বাঁকুড়া, ৫ জানুয়ারি ঃ হঠাৎ করে বেড়েছে হাম ও রুবেলার প্রকোপ। পরিস্থিতি দ্রুত নিয়ন্ত্রণে আনতে অর্থাৎ হাম-রুবেলার বাড়বাড়ন্ত ঠেকাতে একযোগে মাঠে নেমেছে, কেন্দ্র থেকে রাজ্য। লক্ষ্য একটাই, রক্ষা করতে হবে ছোটদের। আর তাই সারা রাজ্যের পাশাপাশি বাঁকুড়া জেলাতেও আগামী ৯ জানুয়ারি থেকে এক মাস হাম ও রুবেলার ভ্যাকসিনেশনের বিশেষ কর্মসূচি শুরু হবে। জেলার স্কুলগুলির পাশাপাশি, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, পাড়ায় পাড়ায় টিকাকরণ কেন্দ্র চালু হবে। ৯ মাস থেকে ১৫ বছরের নীচে, সব ছেলে-মেয়েদের হাম ও রুবেলার ভ্যাকসিন দেওয়া হবে। চলবে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত। ৯ মাস থেকে ১৫ বছর বয়সীদের কেউ যাতে টিকাকরণ থেকে বাদ না যায়-সে জন্যেই এই নির্দেশিকা স্বাস্থ্যভবনের। আগে ভ্যাকসিন দেওয়া থাকলেও এই কর্মসূচিতে ফের ভ্যাকসিন নিতে হবে বলেই জানিয়েছে জেলা স্বাস্থ্য দপ্তর। বাঁকুড়া জেলা অতিরিক্ত মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সজল বিশ্বাস জানান, এখনও পর্যন্ত জেলায় এই রোগে আক্রান্তের সংখ্যা ৭০০ এর অধিক। তবে মৃত্যু পরিসংখ্যান নিশ্চিত ভাবে বলা সম্ভব নয়। ইতিমধ্যে আমরা জেলাজুড়ে ক্যাম্প করে এই ভ্যাক্সিন দেওয়া চালু করছি। যাতে জেলার ১০০ শতাংশ বাচ্চার এই ভ্যাক্সিন নিতে পারে। এবার নির্দিষ্ট সময়সীমার মধ্যে ৬ লক্ষ ১০ হাজার ১৮৫ জন শিশুকে হাম-রুবেলার টীকাকরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এই টীকা নেওয়ার পর পার্শ্বপ্রতিক্রিয়ার সম্ভাবনা নেই বললেই চলে। তবুও প্রয়োজনীয় আগাম সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া আছে। হাম ও রুবেলার প্রাদুর্ভাব রয়েছে, তাই সারা রাজ্যের সঙ্গে বাঁকুড়া জেলাজুড়েও এই কর্মসূচী নেওয়া হয়েছে বলে তিনি জানান। শুক্রবার একটি বর্ণাঢ্য শোভাযাত্রার স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে শহর পরিক্রমার মাধ্যমে জেলার এই কর্মসূচি সূচনা হবে জানা যায়।

আবাসে বিক্ষোভ

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৫ জানুয়ারি ঃ আবাস যোজনায় স্বজন পোষণ দুর্নীতি ও দলবাজির অভিযোগ তুলে বিডিও অফিসে বিক্ষোভ দেখাল সিপিএম। বৃহস্পতিবার মেজিয়া ব্লকে মিছিল করে বিক্ষোভ ও ডেপুটেশন কর্মসূচি পালন করল সিপিএম। এদিন সিপিএম-এর মেজিয়া এরিয়া অফিস থেকে মিছিল করে দলের নেতা-কর্মীরা হাজির হয় মেজিয়া ব্লক অফিসে। সেখানে বিডিওকে আবাস যোজনায় দুর্নীতি ও স্বজন পোষণের অভিযোগ সামনে আনা হয়। বিক্ষোভকারী সিপিএম নেতৃত্বের দাবি, আবাস যোজনায় দালান বাড়ি রয়েছে তাঁদের তালিকায় রাখা হয়েছে। প্রকৃত গরিব মানুষেরদের বাদ দিয়ে তৃণমূলের নেতা-কর্মীদের নাম তালিকায় রাখা হয়েছে। আবাস যোজনা বাড়ি নিয়ে দলবাজি করছে তৃণমূল এমন অভিযোগও তোলা হয়েছে আন্দোলনকারীদের তরফ থেকে। আবাস যোজনায় দোতলা ও একতলা বাড়ির কেউ যদি আবাসের বাড়ি পায় তাহলে আগামীদিনে আদালতের দ্বারস্থ হওয়ার হুঁশিয়ারিও দিয়েছে সিপিএম নেতৃত্ব। একজন সিপিএম নেতা বলেন, আবাস ব্যাপক রকমের দুর্নীতি চলছে। যাঁদের পাকা বাড়ি রয়েছে, দালানবাড়ি রয়েছে, তাঁদেরও নাম থাকছে আবাসের খাতায়। অথচ যাঁদের নাম থাকার কথা, তাঁদের নাম নেই। আমরা এর বিরুদ্ধে আন্দোলনে নামব।

গ্রেফতার প্রতারক

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ জানুয়ারি ঃ পুলিশকর্মী পরিচয় দিয়ে চুরির মোবাইল খুজে দেওয়ার নাম করে টাকা নেওয়ার ঘটনায় বৃহস্পতিবার এক ব্যক্তিকে গ্রেফতার করল নিউ জলপাইগুড়ি থানার পুলিশ। জানা গেছে সম্প্রতি কয়েকদিন আগে ফুলবাড়ী এলাকার কুরিয়ার কোম্পানির ড্রাইভার রেস্ট হাউস থেকে বেশ কয়েকটি মোবাইল চুরি হয়। এরপরেই বিষয়টি নিয়ে মোবাইলের মালিকের নিউ জলপাইগুড়ি থানায় অভিযোগ দায়ের করতে আসেন। সেই সময় থানার সামনে ওই ব্যক্তি তাদের সাথে দেখা করে বলেন তিন হাজার টাকা দিলে তাদের চুরি যাওয়া মোবাইলগুলিকে ট্র্যাক করে খুঁজে দেবেন তিনি। সেইমতো তারা টাকা দেন। কিন্তু এরপরই ওই অভিযুক্ত ব্যক্তি আর কোনো রকম খোঁজ দিতে পারছিল না চুরির মোবাইল গুলির। ফের বৃহস্পতিবার মোবাইলের মালিকেরা নিউ জলপাইগুড়ি থানায় এলে পুলিশকে সমস্ত বিষয়টি জানানোর পর ওই ব্যক্তিকে নানা আছিলায় থানায় ডাকলে প্রতারণার অভিযোগে তাকে গ্রেফতার করে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ। পাশাপাশি ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সিআইডি রিপোর্ট

দুরন্ত বার্তা, রামপুরহাট, ৫ জানুয়ারি ঃ লালন সেখ মামলায় লালন সেখের ঘরে সিল খোলার পর সেই সংক্রান্ত রিপোর্ট বৃহস্পতিবার রামপুরহাট আদালতে জমা দিল সিআইডি। সেই রিপোর্টে লালন সেখের ঘরে ছড়িয়ে ছিটিয়ে থাকা জিনিস পত্রের ভিডিও রেকর্ডিংয়ের একটি চিপ এবং সিআইডি আধিকারিক, সিবিআই আধিকারিক সহ একজন ম্যাজিস্ট্রেটের সই সম্বলিত তালিকা আদালতে জমা দেয় সিআইডি।

মায়ের মৃতদেহ কাঁধে নিয়ে হেঁটে রওনা দিলেন ছেলে-বাবা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৫ জানুয়ারি ঃ বিভিন্ন স্তরের নানা মন্ত্রীর আশ্বাস আর প্রতিশ্রুতির জোয়ারে প্রায়ই ভাসিয়ে দেন আমজনতাকে। কিন্তু তার বাস্তবায়ন হয় কতটুকু? বৃহস্পতিবার অমানবিক এক দৃশ্যের সাক্ষী থাকল জলপাইগুড়িবাসী। মাল মহকুমার ক্রান্তি ব্লকের বাসিন্দা পেশায় দিনমজুর রামপ্রসাদ দেওয়ান তাঁর মা লক্ষ্মীরানি দেওয়ানকে গতকাল রাতে জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করেন শ্বাসকষ্টের জন্য। রাতেই মারা যান লক্ষ্মীরানি দেওয়ান। বৃহস্পতিবার সকালে মায়ের মৃতদেহ বাড়ি নিয়ে যাওয়ার জন্য একটি অ্যাম্বুল্যান্স ভাড়া করতে গেলে ১০০০ টাকা ভাড়ার জায়গায় হাসপাতালে থাকা অ্যাম্বুল্যান্সের ভাড়া চাওয়া হয় ৩০০০ হাজার টাকা। এতো টাকা দিতে না পেরে শেষমেশ মায়ের মৃতদেহ কাঁধে নিয়েই হেঁটে ক্রান্তির উদ্দেশে রওনা দেন রামপ্রসাদ দেওয়ান। পথেই এই দৃশ্য চোখে পড়ে জলপাইগুড়ির একটি স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মীদের। সঙ্গে সঙ্গে তাদের শববাহী গাড়ি ডেকে সেই গাড়িতে মৃতদেহ ক্রান্তির উদ্দেশে রওনা দেয়। এই দৃশ্য আরও একবার রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার বেহাল দশা প্রকাশ্যে আনল। এর আগে বিজেপি শাসিত উত্তরপ্রদেশে শববাহী গাড়ি না পেয়ে মৃতদেহ নিয়ে রাস্তা দিয়ে হেঁটে যেতে দেখা গিয়েছে। যা নিয়ে দেশজুড়ে তোলপাড় পড়ে গিয়েছিল। এবার এরাজ্যেও নজরে পড়ল সেই ছবি। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হাসপাতালের নিজস্ব সরকারি অ্যাম্বুল্যান্স রয়েছে। কিন্তু, তাতে সাধারণ মানুষ কোনও পরিষেবা পান না। অভিযাগ, ওই অ্যাম্বুল্যান্সে করে যাতায়াত করেন হাসপাতাল কর্মীরা। আর কোনও শববাহী গাড়ি হাসপাতালে নেই। ফলে সাধারণ মানুষকে বেসরকারি অ্যাম্বুল্যান্সের উপরই ভরসা করতে হয়। যে কারণে বেসরকারি অ্যাম্বুল্যান্সগুলি মন মর্জিমতো ভাড়া হাঁকায়। জলপাইগুড়ি থেকে ক্রান্তির দূরত্ব প্রায় ৬৫ কিমির মতো। বৃদ্ধার মৃতদেহ এই দূরত্ব পর্যন্ত যেতে দিনমজুর ছেলের কাছে ৩ হাজার টাকা চাওয়া হয় বলে তাঁর অভিযোগ। অত টাকা দেওয়ার সম্বল না থাকায় নিরুপায় হয়ে মাকে কাঁধে চাপিয়ে হাঁটা লাগান তিনি।

N.I.Q. No- 01 of 2022-23 OF SDO/KLBSD-II

On behalf of the Governor of W.B. the Assistant Engineer/Sub- Divisional Officer,Kangsabati Left Bank Sub-Division-II, Mukutmanipur invites Quotation for the work- Hiring of 1 (ONE) nos. Non A.C. Motor CAB vehicle along with driver on monthly hiring (Per Day) basis for use of the Executive Engineer, Kangsabti Canals Division No-II, Khatra; Bankura. Application submission end date:- **13.01.2023 till 15:30 Hours IST.** Details may be seen in the website **www.wbiwd.gov.in**

Sd/- Sub-Divisional Officer Kangsabati Left Bank Sub-Division-II, Mukutmanipur.

OFFICE OF THE JHALDA-II PANCHAYAT SAMITY
At-Kotshila, PO-Jiudaru, PS-Kotshila, Dist.-Purulia, 723213
Memo. No. 26/EO/JLD-II, Dated: 05/01/2023
Notice

Executive Officer, Jhalda-II Panchayat Samity invites E-tender through Corrigendum for Retender as 2nd call for: **NIeT No.-9(e)/EO/JLD-II/2022-23 dt 15.12.2022**, for 1 no. of scheme(2 nd Call) **(Tender ID 2022_DM_434378_2)** within the jurisdiction of Jhalda-II Panchayat Samity. Last Date of tender submission is **16.01.2023 up to 5-00 pm** respectively. Details may be obtained from website: **https://wbtenders.gov.in**

Sd/- Executive Officer
Jhalda-II Panchayat Samity

আইজিসি ইন্ডাস্ট্রিস লিমিটেড
CIN: L51909WB1980PLC032950
রেজি.অফিস ঃ আইমাক্স লহিয়া স্কোয়ার, অফিস নং-৪বি, ৪র্থ ফ্লোর, প্রেমিসেস নং. ২৩, গঙ্গাধর বাবু লেন, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০১২
Email : igcfoils@gmail.com
পোস্টাল ব্যালট নোটিস

এতদ্বারা সদস্যদের সূচিত করা যায় যে ৫ জানুয়ারি, ২০২৩, পোস্টাল ব্যালট নোটিস অধীন ধারা ১১০ এবং ১০৮ কোম্পানি আইন, ২০১৩ সঙ্গে পড়তে হবে ধারা ২০ এবং ২২ কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) সংশোধনী ধারা, ২০১৪ সংশোধিত হয়েছে কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) সংশোধনী, ২০১৬ সঙ্গে বিধিসম্মত সংস্করণ বা সংযুক্তিকরণ যা সময় সময় প্রয়োগ করা হয়েছে, এবং অন্যান্য প্রযোজ্য বন্দোবস্ত যা ই-মেইল করা হয়েছে সদস্যদের যাদের ই-মেইল ঠিকানা রেজিস্টার রয়েছে এবং যাদের নাম রয়েছে বেনিফিসিয়াল ওনার্সের সদস্য রেজিস্টারে কাট-অফ তারিখে যা হল ৩০ ডিসেম্বর, ২০২২, সদস্যদের সম্মতি/ অসম্মতি প্রাপ্তির জন্য।
কোম্পানি নিজেদের সদস্যদের সুবিধা দিচ্ছে বৈদ্যুতিন উপায়ে নিজেদের ভোট প্রদান করতে শুধুমাত্র ই-ভোটিং পরিষেবার মাধ্যমে যা প্রদান করবে ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোসিটারি লিমিটেড (''এনএসডিএল'')।
ই-ভোটিং মেয়াদ শুরু হবে **১০.০১.২০২৩ সকাল ৯.০০ ঘটিকায় এবং শেষ হবে ০৮.০২.২০২৩ বিকাল ৫.০০ ঘটিকায়** (উভয় দিন সহ)। তারপর ই-ভোটিং মডিউল বন্ধ করে দেবে এনএসডিএল।
বোর্ড অফ ডিরেক্টর নিয়োগ করেছে শ্রী আদিত্য সাহা, অনুশীলনরত কোম্পানি সচিবকে, পরীক্ষক হিসাবে পোস্টাল ব্যালট / ই-ভোটিং প্রক্রিয়া পরিচালনার জন্য স্বচ্ছ এবং নিরপেক্ষতার বিচারে।
যে সকল সদস্য শেয়ার ধরে রেখেছেন ফিজিক্যাল মোডে এবং যারা আপডেট করাননি নিজেদের ইমেইল ঠিকানা কোম্পানির কাছে তাদের অনুরোধ করা হচ্ছে নিজেদের ইমেইল ঠিকানা আপডেট করাতে কোম্পানির কাছে igcfoils@gmail.com ঠিকানায় আবেদন পাঠিয়ে সঙ্গে একটি স্বাক্ষরিত অনুরোধের কপি পাঠান সদস্যর নাম এবং ঠিকানা, স্বপ্রত্যয়িত প্যান কার্ড কপি, স্বপ্রত্যয়িত নথির কপি (ড্রাইভিং লাইসেন্স, ভোটার পরিচয়পত্র, পাসপোর্ট) যা সদস্যদের ঠিকানার প্রমানপত্র।
যে সকল সদস্য শেয়ার ধরে রেখেছেন ডিমেটিরিয়ালাইজ মোডে তাদের অনুরোধ রেজিস্টার/ আপডেট করাতে নিজেদের নিজেদের ইমেইল ঠিকানা নিজেদের ডিপোসিটারি পার্টিসিপেন্টে। যদি কোন প্রশ্ন / সমস্যা থাকে ইমেইল ঠিকানা রেজিস্টার করাতে, সদস্যরা তাহলে লিখে পাঠান igcfoils@gmail.com। পোস্টাল ব্যালট নোটিস ও পোস্টাল ব্যালট ফর্ম আরও পাওয়া যাবে ডাউনলোড করে কোম্পানির ওয়েবসাইট এবং এনএসডিএল ওয়েবসাইট থেকে www.evoting.nsdl.com।
ভোটের নির্দেশাবলী, বৈদ্যুতিন উপায়ে, সদস্যদের অনুরোধ করা হচ্ছে 'ভোটের নির্দেশাবলী' দেখতে পোস্টাল ব্যালট নোটিস সেকশানে, যা জারি করেছে কোম্পানি।
যদি কোন প্রশ্ন বা সহায়তা দরকার থাকে ই-ভোটিং সংক্রান্ত, সদস্যরা দেখতে পারেন ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চান্স (এফএকিউ) সদস্যদের এবং ই-ভোটিং ম্যানুয়াল সদস্যদের যা পাওয়া যাবে ডাউনলোড সেকশানে www.evoting.nsdl.com বা যোগাযোগ করতে পারেন এনএসডিএল-র সাথে টোল ফ্রি নাম্বারে ১৮০০ ২২২ ৯৯০। সদস্যরা আরও যোগাযোগ করতে পারেন igcfoils@gmail.com যদি ভোটিং প্রক্রিয়ার জন্য কোনরূপ সহায়তা প্রয়োজন থাকে।
পোস্টাল ব্যালটের ফলাফল ঘোষিত হবে কোম্পানির রেজিস্টার অফিসে ০৯.০২.২০২৩ এর পূর্বে। উল্লেখিত ফলাফল সঙ্গে পরীক্ষকদের প্রতিবেদন প্রদান করা হবে কোম্পানির ওয়েবসাইটে এবং রেজিস্টার অফিসে। ফলাফল সঙ্গে পরীক্ষকদের প্রতিবেদন প্রদান করা হবে স্টক এক্সচেঞ্জে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত যা হল বিএসই।

বোর্ড অফ ডিরেক্টরদের পক্ষে
আইজিসি ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্থানঃ মুম্বই
স্বা /- প্রাচী মারওয়াহ
তারিখঃ ০৫.০১.২০২৩
ম্যানেজিং ডিরেক্টর

বিজ্ঞপ্তি

এতদ্বারা আমার মক্কেল **লগউড বিনিময় প্রাইভেট লিমিটেড,** যার রেজিস্টার অফিস ৩৪, জ্যাকসন লেন, ৩য় ফ্লোর, কলকাতা-৭০০০০১, প্রায় ২০৬.০৪ ডেসিমেল, বা কিছু কম বেশি জমির মালিক হচ্ছেন, যা রয়েছে মৌজা-নিজামপুর, জেএল নং. ১০২, যার আরএস ও এলআর দাগ নং. ২৮৪, ২৮৫, ২৮৮, ২৯২, ২৯৩, ২৯৪, ২৯৬ ও ২৯৫/ ৯৮৯, এলআর খতিয়ান নং. ১০৩, ৯৮৩, ৫৪৫, ৪২৮, ৫৩২, ৪৪৮, ৭৩১, ৭৩২, ৭৩৩, ৭৩৪, ৭৩৫, ৫১৫, ৮৫১, ৮৫২, ৮৫৩, ৮৫৪, ৭৫৭, ৭৯৯, ৮৫৬, ৮৫৭, ৮৫৮, ৮৫৯, ৮৬০, ৭৬৭, ৮৫৫, ১৬৮/ ১, ২২০/ ২, ৮১০, ৮১১, ৮১২, ৩৮৮, ৭৮৩ ও ৭৮৪, এলআর খতিয়ান নং. ১০৩৩, থানা-সিঙ্গুর, বোরা গ্রাম পঞ্চায়েত অন্তর্গত, জেলা-হুগলী। আমার গ্রাহক কোনরূপ ঋণ নেননি, বা কোন তৃতীয় পক্ষকে উল্লেখিত সম্পত্তি বিক্রয় করেননি। যদি কোন ব্যক্তির কোন দাবী, অংশ, অধিকার, শিরোনাম, আগ্রহ থাকে এই বিষয়ে বা কোন আপত্তি যাকিছু অবশ্যই তা জানান ১৫ দিনের মধ্যে।

উত্তম কুমার সিং
অ্যাডভোকেট
ফোন নং. ৯৮৩০০৭৯৮০২

পূর্ব রেলওয়ে

ওপেন ই-টেন্ডার নোটিশ নং. ইএলইজি-ওটি-১৭৭-২০২২-২৩, তারিখঃ ৩.১.২০২৩। সিনিয়র ডিভিশনাল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার (জেনারেল), পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৪র্থ তল, [illegible] বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে: **কাজের বিবরণ:** শিয়ালদহ ডিভিশনের বিভিন্ন স্থানে ১.৯ এমডব্লুপি ক্ষমতার রুফটপ সোলার পাওয়ার প্ল্যান্টের সার্ভে, ডিজাইন, ফেব্রিকেশন, সরবরাহ, স্থাপনা এবং চালু করা। **টেন্ডার মূল্য:** ₹৩,৭৪,২৩,২৮৬। **বায়না অর্থ:** ₹৩,৮৭,১০০। **টেন্ডার নথিপত্রের মূল্য:** শূন্য। **কাজ সম্পূর্ণ করার মেয়াদ:** ১২ মাস। **ই-টেন্ডার জমা শুরুর তারিখ এবং সময়:** ১০.১.২০২৩। **টেন্ডার জমা বন্ধ হওয়ার তারিখ:** ২৪.১.২০২৩ তারিখ বিকাল ৩টায়। **টেন্ডার বিড খোলার তারিখ এবং সময়:** ২৪.১.২০২৩ তারিখ বিকাল ৩টার পর। টেন্ডার বিজ্ঞপ্তি এবং সময়ে সময়ে দেওয়া সংশোধনীর বিশদ বিবরণ ওয়েবসাইট: **www.ireps.gov.in** থেকে পাওয়া যাবে। **(SDAH-256/2022-23)**
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway
EasternRailway Headquarter

e-Tender Corrigendum Notice

Principal, Govt. I.T.I. Jalpaiguri extends last date of bid submission of NIT No. : ITI-JAL/NIT-03 (e-Tender)/2022-23 dated 22/12/2022 Tender ID :- 2022_DTET_437122_1 for Repair, Maintenance and Servicing of Machineries of Welder Trade. Last date of bid submission, 13/01/2023 up to 5 P.M. The details are available on the website https://www.wbtenders.gov.in

PRINCIPAL
ITI, JALPAIGURI

e-Tender Notice

Pradhan, Maju Gram Panchayat under Jagatballavpur Development Block, Howrah, invites **e-Tender vide NIT No. Maju GP/04/15th CFC/2022-23, Maju GP/05/15th CFC/2022-23, Maju GP/06/15th CFC/2022-23, Maju GP/07/15th CFC/2022-23, Maju GP/08/15th CFC/2022-23, Maju GP/09/15th CFC/2022-23, Maju GP/10/15th CFC/2022-23, Maju GP/11/MNB & 15th CFC/2022-23, Maju GP/12/MNB/2022-23, Maju GP/13/MNB/2022-23 dated 03/01/2023.** Last Date of Submission of Bid **14/01/2023 upto 4.00 PM.** Bid opening date on **17/01/2023 on 3.00 PM.** For more information visit **https://www.wbtenders.gov.in**

কেন্দ্রীয় সরকার সকাশে
রেজিস্টার অফ কোম্পানিস, কলকাতা

বিষয়বস্তু উপ-ধারা (৩) ধারা ১৩ লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ আইন, ২০০৮ এবং ধারা ১৭ লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ ধারা, ২০০৯
বিষয়বস্তু হচ্ছে লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ আইন, ২০০৮, ধারা ১৩(৩) এবং বিষয়বস্তু **আশিয়ানা কর্মাশিয়াল এলএলপি** যার রেজিস্টার অফিস ফ্ল্যাট ৫/ এফ, ৬৩৭ বিএল-১৬-সি, দক্ষিণদাড়ি রোড, কলকাতা শ্রীভূমি, শ্রীভূমি উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ-৭০০০৪৮।
......আবেদনকারী
এতদ্বারা জনস্বার্থে সূচিত করা যায় যে এলএলপি প্রস্তাব আকারে আবেদন রেখেছে রেজিস্টার অফ কোম্পানিস, কলকাতা সকাশে অধীন ধারা ১৩(৩) লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ আইন, ২০০৮ স্থানান্তর করতে রেজিস্টার অফিস ''পশ্চিমবঙ্গ রাজ্য থেকে মহারাষ্ট্র রাজ্যে''।
যদি কারোর কোনরূপ স্বার্থ জড়িত থাকে প্রস্তাবিত এলএলপি রেজিস্টার অফিস স্থানান্তরে তাহলে কারণ জানতে চান বা রেজিস্টার পোস্টের মাধ্যমে নিজের আপত্তি পাঠান এফিডেভিট আকারে নিজের আপত্তির কারণ এবং বিরোধিতার কারণ উল্লেখ করে পাঠান রেজিস্টার অফ কোম্পানিস সকাশে, এই বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার ২১(একুশ) দিনের মধ্যে সঙ্গে একটি কপি আবেদনকারী এলএলপি রেজিস্টার অফিসের ঠিকানায় যা নিম্নে উল্লেখিত।
আবেদনকারীর তরফে
আশিয়ানা কর্মাশিয়াল এলএলপি
স্বা /-
মেঘা খান্ডেলওয়াল
ঠিকানা ঃ ফ্ল্যাট ৫/ এফ, ৬৩৭ বিএল-১৬-সি, দক্ষিণদাড়ি রোড, কলকাতা শ্রীভূমি, শ্রীভূমি উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ-৭০০০৪৮

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Executive Engineer (Water Supply)/Central, KMC** invites e-tender for the following works (Submission of Bid through Online):

(1) NIT No. : KMC/WS/C/SEC-I/64/05/2022-23
Name of Work: **Improvement of F.W. supply by laying 100 mm dia service main from 16/B, Darga Road to 72, Tiljala Road in Ward No. 64.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 3,39,909.03.** Earnest Money: **Rs. 7,000.00.** Period of Completion: **12 days.**

(2) NIT No. : KMC/WS/C/SEC-I/65/07/2022-23
Name of Work: **Replacement of 100 mm dia main at 2/L, Tiljala Lane in Ward No. 65.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 1,49,991.41.** Earnest Money: **Rs. 3,000.00.** Period of Completion: **10 days.**

(3) NIT No. : KMC/WS/C/SEC-I/65/06/2022-23
Name of Work: **Replacement of 100 mm dia main at B/2A/H/12, Tiljala Lane in Ward No. 65.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 1,59,921.72.** Earnest Money: **Rs. 3,500.00.** Period of Completion: **10 days.** Last Date and Time of Online Submission of Tender: **18.01.2023 at 4.30 p.m. [For Sl. No. 1 to 3].** Tender Open Date and Time: **21.01.2023 at 12.30 p.m. [For Sl. No. 1 to 3].** For full and further details please visit the websites **http://www.etender.wb.nic.in.** Please keep watching on the above website for all further addendum/Corrigendum, Pre-bid clarifications, if any, which will be published in above website only. KMC reserves the right in accept/reject any/all tenders without showing any reason.

The **Executive Engineer (WS)/GRU,** invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/WS/CBPS/01/22-23/1st Call
Name of Work: **Operation and up-keeping of plant at S. N. Roy Road Capsule Booster Pumping Station in Ward No. 118.** Estimated Amount: **Rs. 4,99,917.73.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **365 days.**

(2) NIT No. : KMC/WS/CBPS/11/22-23/1st Call
Name of Work: **Operation and up-keeping of plant at Bangur Park Capsule Booster Pumping Station in Ward No. 93.** Estimated Amount: **Rs. 4,99,749.02.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **365 days.** Last Date and Time of Submission of Bid: **24.01.2023 at 2.00 p.m. [For Sl. No. 1 & 2].** Tender Opening Date & Time: **28.01.2023 at 2.00 p.m. [For Sl. No. 1 & 2].** The bid forms and other details shall be available on and from **07.01.2023 (2.00 p.m.)** from the website **https://etender.wb.nic.in [For Sl. No. 1 & 2].**

The **Director General (WS), KMC** invites e-tender for the following works (submission of bid through online):

(1) NIT No. : KMC/WS/EE/S/099/2022-23/17/1st Call
Name of Work: **Link connection from Newly Bored T/Well to existing servise main at Jorabagan in Ward No. 98 under Br.-X.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 2,98,815.00.** Earnest Money: **Rs. 6,000.00.** Period of Completion: **27 days.**

(2) NIT No. : KMC/WS/EE/S/098/2022-23/21/1st Call
Name of Work: **Link connection from Newly Bored T/Well to existing servise main at Shaid Nagar near Prabhat Sanga Club Play Ground in Ward No. 98 under Br.-X.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 1,46,061.00.** Earnest Money: **Rs. 2,930.00.** Period of Completion: **21 days.**

(3) NIT No. : KMC/WS/EE/S/098/2022-23/15/1st Call
Name of Work: **Link connection from Newly Bored T/Well to existing servise main at 1 No. Netajinagar Play Ground in Ward No. 98 under Br.-X.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 1,43,033.00.** Earnest Money: **Rs. 2,870.00.** Period of Completion: **21 days.** Last Date and Time of Online Submission of Tender: **16.01.2023 at 12.30 p.m. [For Sl. No. 1 to 3].** For full and further details, please visit the websites **https://wbtenders.gov.in.** Please keep watching on the above website for all further Addendum/Corrigendum, Pre-bid Clarifications, if any, which will be published in above website only. KMC reserves the right to accept/reject any/all tenders without showing any reason **[For Sl. No. 1 to 3].**

The **Executive Engineer (Water Supply/GRWW), KMC** invites e-tender for the following work:

NIT No. : EEWS/KMC/GRWW/22-23/60
Name of Work: **Construction of M.S. fabricated staircase at the sludge well and shed including other allied works at Sludge Pump House of WTP PH-IV of GRWW.** Estimated Amount: **Rs. 2,42,774.00.** Earnest Money: **Rs. 4,855.00.** Period of Completion: **15 days.** Last Date and Time of Receipt/Opening of Tender (Online): **19.01.2023 at 2.00 p.m./21.01.2023 at 2.00 p.m.** The bid forms and other details shall be available shortly from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Water Supply), Br-XVI, KMC** invites e-tender for the following work:

NIT No. : KMC/WS/JOKA/15/2022-23
Name of Work: **Improvement of F/W Net Work by supply and laying of 100 mm dia D.I. pipe line at D. H. Road Bye Lane and Mukunda Das Pally from Premises No. 115/3/B, Premises No. 115/2 and L. P. No. 165/9/4/9 and Premises No. 116 Mukunda Das Pally in Ward No. 124.** Estimated Amount: **Rs. 2,38,822.51.** Earnest Money: **Rs. 4,780.00.** Period of Completion: **15 days.** Last Date and Time of Receipt/Opening of Tender (Online): **18.01.2023 upto 12.00 noon/20.01.2023 at 1.00 p.m.** The bid forms and other details shall be available in the website **https://wbtenders.gov.in**

The **Executive Engineer (Civil)/Br.-XIV, KMC** invites e-tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/XIV/132/071/22-23/R (2nd Call)
Name of Work: **Restoration of passage providing cement concrete at B. L. T. Road Bye Lane near Premises No. 44/B/1, 44, 96/1, 142/12, 118/3A, 125 etc. in Ward No. 132.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 3,14,950.37.** Earnest Money: **Rs. 6,500.00.** Period of Completion: **25 days.** Last Date and Time of Submission of Bid: **14.01.2023 (upto 4.00 p.m.).** Tender will be Opened On: **16.01.2023 (4.00 p.m.).** The bid forms and other details shall be available on and from **06.01.2023 (From 5.00 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

(2) NIT No. : KMC/XIV/129/096/22-23/R (1st Call)
Name of Work: **Maintenance of C.C. passage at the Bye Lane of S. R. Sarani near Premises No. 43F/1, 46D etc. and H. M. Road near premises No. 88D, 90B/1 etc. in Ward No. 129.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 2,90,171.97.** Earnest Money: **Rs. 5,900.00.** Period of Completion: **15 days.** Last Date and Time of Submission of Bid: **16.01.2023 (upto 11.00 a.m.).** Tender will be Opened On: **18.01.2023 (11.00 a.m.).** The bid forms and other details shall be available on and from **09.01.2023 (From 5.00 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Director General (Roads), KMC** invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/ROADS/NORTH/239/2022-2023 (1st Call)
Name of Work: **Repairing of different damaged road surface at New Howrah Bridge Approach Road under Br.-V.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 4,92,303.77 (Excluding Contingency Amount).** Earnest Money: **Rs. 9,900.00.** Period of Completion: **60 days.**

(2) NIT No. : KMC/ROADS/NORTH/238/2022-2023 (1st Call)
Name of Work: **Washing and painting of Kerb at main thoroughfares at Hemanta Bose Sarani and Brabourne Road under Br.-V.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 3,72,835.29 (Excluding Contingency Amount).** Earnest Money: **Rs. 7,500.00.** Period of Completion: **15 days.**

(3) NIT No. : KMC/ROADS/NORTH/240/2022-2023 (1st Call)
Name of Work: **Washing and painting of Kerb at Strand Road from K. S. Roy Road to Howrah Bridge Approach Road under Br.-V.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 3,97,964.09 (Excluding Contingency Amount).** Earnest Money: **Rs. 8,000.00.** Period of Completion: **15 days.** Last Date and Time of Submission of Bid: **18.01.2023 at 12.00 noon [For Sl. No. 1 to 3].** The bid forms and other details shall be available on and from **09.01.2023 (12.00 noon)** from thewebsite **https://etender.wb.nic.in [For Sl. No. 1 to 3].**

The **Executive Engineer (Water Supply)/TPS, KMC** invites tender online in two bid system for the following work:

NIT No. : KMC/WS/TPS/49/2022-2023
Name of Work: **Repairing and painting of Chlorine Plant of Station 2 at TPS.** Estimated Amount: **Rs. 4,48,862.51.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **21 days.** Last Date and Time of Submission of Bid: **18.01.2023 upto 2.00 p.m.** The bid forms and other details shall be available on and from **07.01.2023 from 2.00 p.m.** For details information please visit the website **https://etender.wb.nic.in**

944/22-23

টলি-বলির টুকরো খবর

বিতর্ক বেড়েই চলেছে, 'পাঠান' মুক্তি আটকাতে সরব বজরং দল

'পাঠান' ছবির মুক্তি যত সামনে আসছে, বিতর্কের তেজ যেন আরও বেড়েই চলছে। এতদিন ছবিকে বয়কট করার জন্য নানা পন্থা নিচ্ছিল দেশের হিন্দু সংগঠনগুলো। তবে এবার বিতর্কের পারদ গেল চড়ে। আহমেদাবাদের একটি মাল্টিপ্লেক্সে ঢুকে শাহরুখ ও দীপিকার ছবির কাট আউটের উপর হামলা চালাল বজরং দলের সদস্যরা। সেই ভিডিওই ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। বজরং দলের সদস্যরা ওই থিয়েটারের কর্তৃপক্ষকে হুমকি দিয়ে বলেন, এখানে দীপিকা এবং শাহরুখের পাঠান ছবি দেখানো যাবে না। তাঁদের কথা না শুনে যদি এই ছবি প্রদর্শন করা হয়, তা হলে বজরং দলের আসল রূপ দেখতে পাবেন তাঁরা। হিন্দু ধর্মের অবমাননা কখনও সহ্য করবে না বজরং দলের সদস্যরা। প্রসঙ্গত, পাঠান' ছবির 'বেশরম রং' গান নিয়ে বিতর্কের শেষ নেই। তার ফলে সেন্সর বোর্ডের কড়া নজরে সিদ্ধার্থ আনন্দের ছবি। কাঁচির কোপে কি বাদ পড়ছে 'বেশরম রং'? তা নিয়ে অনুরাগীদের কৌতূহলের শেষ নেই। তা নিয়ে সেন্সর বোর্ডের তরফে এখনও কিছুই জানানো হয়নি। তবে সেন্সর বোর্ডের রিপোর্ট ভাইরাল সর্বত্র। ভাইরাল হওয়া ওই রিপোর্ট আদৌ সত্যি কিনা, তা অবশ্য এখনও স্পষ্ট নয়। ওই রিপোর্ট অনুযায়ী, মোট ১০টিরও বেশি দৃশ্যে কাঁচি চালাতে চলেছে সেন্সর বোর্ড। ছবির বেশ কিছু সংলাপে বদল আনতে হবে। 'Raw' শব্দের বদল করতে হবে। অন্তত ১৩ টি জায়গায় পিএমও অর্থাৎ প্রধানমন্ত্রীর দপ্তরের কথা উল্লেখ রয়েছে। সেগুলি পরিবর্তন করতে হবে। 'বেশরম রং' গানটি বাদ যাবে না। তবে গানটির নাচের দৃশ্যে সামান্য বদল করতে হতে পারে। যৌন আবেদনে ভরা নাচের পোজে কিছু বদল হবে। তবে গেরুয়া বিকিনিতে কোনও পরিবর্তন হবে না। যদিও ভাইরাল হওয়া এই রিপোর্টটির সত্যাসত্য স্বীকার করেনি সেন্সর বোর্ড।

সৃজিতের 'পদাতিক' ছবিতে আবার চমক, মৃণাল সেনের স্ত্রীর ভূমিকায় মনামী ঘোষ

বছর শেষে ফের চমক দিয়েছিলেন সৃজিত মুখোপাধ্যায়। জানিয়েছিলেন 'পদাতিক' ছবিতে কিংবদন্তি পরিচালক মৃণাল সেনের ভূমিকায় অভিনয় করবেন বাংলাদেশের জনপ্রিয় অভিনেতা চঞ্চল চৌধুরী। বছরের শুরুতেও ছবি সংক্রান্ত আরও এক চমকে দেওয়ার মতো খবর শোনা যাচ্ছে, মৃণাল সেনের স্ত্রীর ভূমিকায় অভিনয় করতে চলেছেন মনামী ঘোষ। গত ১৪ মে ছিল ভারতীয় চলচ্চিত্রের কিংবদন্তি পরিচালক মৃণাল সেনের ৯৯ তম জন্মতিথি। সেদিনই তাঁকে শ্রদ্ধা জানিয়ে 'পদাতিক' ওয়েব সিরিজ তৈরি করার কথা ঘোষণা করেছিলেন পরিচালক সৃজিত মুখোপাধ্যায়। কিন্তু মৃণাল সেনের ভূমিকায় কে অভিনয় করতে পারেন? এই প্রশ্নের উত্তর ২০২২ সালের শেষেই পাওয়া যায়। কিংবদন্তি পরিচালকের চরিত্রে অভিনয়ের প্রস্তাবে সম্মতি জানিয়েছেন চঞ্চল চৌধুরী। সদ্য বাবাকে হারিয়েছেন অভিনেতা। একটু নিজেকে সামলে উঠেই কাজে ফিরবেন বলে মনে করা হচ্ছে। এদিকে মৃণাল সেনের বায়োপিকে যে মনামী অভিনয় করছেন সে খবরে অভিনেত্রী নিজেই সম্মতি জানিয়েছেন। শোনা যাচ্ছে, কিংবদন্তি পরিচালকের স্ত্রী গীতা সেনের ভূমিকায় অভিনয় করতে চলেছেন মনামী। আর তা নিয়ে উচ্ছ্বসিত অভিনেত্রী। মনামীর চেহারার জন্যই নাকি তাঁকে এই চরিত্র অফার করা হয়েছে। অভিনেত্রী নিজের মতো করে প্রস্তুতিও শুরু করে দিয়েছেন। শোনা যায়, ঘরোয়া মানুষ ছিলেন গীতা সেন। তাঁর সম্পর্কে জানার জন্য মনামীকে একটি ভিডিও ক্লিপিং দেখিয়েছেন পরিচালক সৃজিত। মৃণাল সেনের জন্মদিনে তাঁর সাক্ষাৎকার নেওয়া হয়েছিল। সেখানে গীতা সেনের বক্তব্য ছিল। এ ছাড়াও কিছু সাক্ষাৎকার রয়েছে। সম্পূর্ণ প্রস্তুতি নিয়েই ফ্লোরে যাবেন মনামী। চলতি বছরেই 'পদাতিক'-এর শুটিং শুরু হওয়ার কথা। উল্লেখ্য, সৃজিত ছাড়াও মৃণাল সেনকে শ্রদ্ধা জানিয়ে সিনেমা তৈরি করছেন কৌশিক গঙ্গোপাধ্যায় (পালান) ও অঞ্জন দত্ত (চালচিত্র)।

অর্থকষ্টে ভুগছিলেন তুনিশা? অভিনেত্রীর মৃত্যু ঘিরে নতুন তথ্য জানালেন তাঁর ঘনিষ্ঠ বন্ধু

তুনিশা শর্মার অকালমৃত্যু ঘিরে প্রকাশ্যে আরও নতুন তথ্য। সবের মাঝেই তদন্ত জারি। এ বার নতুন তথ্য পাওয়া গেল তুনিশার ঘনিষ্ঠ বন্ধু অভিনেত্রী সনিয়া সিংহের কাছ থেকে। তিনি জানান তুনিশা অর্থের অভাবে ভুগছিলেন। সনিয়ার দাবি, তাই তুনিশা তাঁর থেকে ৩০০০ টাকা ধারও চেয়েছিলেন। সনিয়া বলেন, তুনিশা মাঝে মাঝেই আমায় যোগাযোগ করত, যখনই ও ফাঁকা থাকত। যদিও এই ডিসেম্বরে আমাদের মধ্যে খুবই কম কথা হয়েছিল। কারণ ও কোনও একটা সমস্যায় ছিল। ১৪ ডিসেম্বর তুনিশার সঙ্গে আমার দেখা হয়। তখন ও বলেছিল শীজান সম্পর্ক থেকে বিরতি চাইছে। ও বলেছে, আমার সময় চাই। সারাক্ষণ প্রেম নিয়ে কথা বলা শীজানের পছন্দ ছিল না। আমি তখন তুনিশাকে বলেছিলাম সম্পর্কে এ সব কমবেশি হয়েই থাকে। শুধু তা-ই নয়, সনিয়া জানান, শীজানের পরিবারকে আপন করে নিয়েছিলেন তুনিশা। শীজানের মা-বাবাকে আম্মি-আব্বু বলেই সম্বোধন করতেন তিনি। তার পরেও আচমকা সনিয়ার থেকে তুনিশার টাকা ধার চাওয়ায় কিছুটা খটকাই লেগেছিল সনিয়ার। তাই বার বার তুনিশার বন্ধুদের একটাই আর্জি। তাঁর এই অকালমৃত্যুর তদন্ত যেন সঠিক ভাবে করে পুলিশ। প্রসঙ্গত, মৃত্যুর কয়েক ঘণ্টা আগেও মজা করে ইনস্টাগ্রাম পোস্ট দিয়েছিলেন তুনিশা শর্মা। 'আলিবাবাঃ দস্তান-এ-কবুল' সিরিয়ালের সেটে উপস্থিত সহকর্মীরা জানান, সে দিন বেশ ফুরফুরে মেজাজেই ছিলেন নায়িকা। বিরতির ফাঁকে এমন এক কাণ্ড করে বসবেন তুনিশা, কেউই ভাবতে পারেননি!

কয়েক নম্বরের জন্য ফস্কে গেল 'জগদ্ধাত্রী'র সিংহাসন

কথায় আছে, যার শেষ ভাল তার সব ভাল। কিন্তু এই কথা যে সব সময় খাটে না, সেই প্রমাণ মিলল বছরের প্রথম সপ্তাহের টিআরপি রিপোর্টে। শেষ কয়েক সপ্তাহ ধরে টিআরপি তালিকায় এক নম্বরে ছিল সিরিয়াল 'জগদ্ধাত্রী।' কিন্তু এই সপ্তাহে পাশা উল্টে গেল। মাত্র কয়েক নম্বরের জন্য সিংহাসন হাতছাড়া 'জগদ্ধাত্রী'র। ৮.৯ নম্বর পেয়ে প্রথমে রয়েছে 'অনুরাগের ছোঁয়া'। দীপা আর সূর্যর মিল দেখতে ঠিক কতটা আগ্রহী দর্শক, এই নম্বর সেই আভাসই দেয়। আর এই সপ্তাহেই তাই জ্যাসকে টেক্কা দিয়ে দিল সূর্য-নীপা জুটি। ৮.৫ পেয়ে দ্বিতীয় স্থানে 'জগদ্ধাত্রী'। কেন দ্বিতীয় নম্বরে নেমে গেল এই সিরিয়াল? তা নিয়ে চর্চা জারি। তবে নিজের ধারাবাহিকতা জারি রেখেছে সিরিয়াল 'গৌরী এল।' এই সপ্তাহেও তৃতীয় স্থানে গৌরী-ঈশানের প্রেম। তাঁদের প্রাপ্ত নম্বর ৮.১। তবে বছরের শুরুটা ইঃদ্র-মিতুলের জন্য মোটেই ভাল নয়। চতুর্থ স্থানে নেমে এসেছে 'খেলনা বাড়ি'। তাঁদের প্রাপ্ত নম্বর ৭.৯। ২০২২ সালের শেষ টিআরপি, নতুনদের ভিড়ে নিজেদের জায়গা কায়েম রাখল কোন সিরিয়াল? ২০২২ সালের শেষ টিআরপি, নতুনদের ভিড়ে নিজেদের জায়গা কায়েম রাখল কোন সিরিয়াল? টিআরপি চার্টে ভোলবদল, পুরনোদের টপকে গেল নতুনরা, পঞ্চমী-পর্ণাদের কেল্লাফতে টিআরপি চার্টে ভোলবদল, পুরনোদের টপকে গেল নতুনরা, পঞ্চমী-পর্ণাদের কেল্লাফতে ২০২৩ সালের প্রথম সপ্তাহে পঞ্চম স্থানে রয়েছে দুই সিরিয়াল। প্রথম পাঁচে নিজেদের জায়গা করে নিয়েছে দুই নতুন সিরিয়াল। ৭.৭ পেয়ে 'পঞ্চমী' এবং 'বাংলা মিডিয়াম' দুই সিরিয়ালই রয়েছে পঞ্চমে।

মেট্রোর ভাড়া-বহির্ভূত রাজস্ব আয়ের রেকর্ড বৃদ্ধি, ৫মে স্থান অধিকার

কলকাতা, ৫ জানুয়ারি ঃ ভারতীয় রেলওয়ে আয়ের ঐতিহ্যবাহী উৎস ছাড়াও আয় বাড়ানোর জন্য ভাড়া-বহির্ভূত রাজস্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্যোগ নিচ্ছে। মেট্রো রেলওয়ে, ভারতীয় রেলওয়ের অংশ হিসাবে এই উদ্যোগে একটি বড় ভূমিকা পালন করছে এবং এর রাজস্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্ভাবনী পদক্ষেপ নেওয়া হয়েছে যা সাধারণত যাত্রীদের উপার্জনের উপর সম্পূর্ণ নির্ভরশীল। সেই প্রচেষ্টার অংশ হিসাবে, মেট্রো রেলওয়ে মেট্রো রেকের ভিতরে এবং বাইরে বিজ্ঞাপনের মাধ্যমে উপার্জনের উপর ফোকাস করছে, খোলা জায়গায় হোর্ডিংগুলি প্রদর্শন করা এবং বিভিন্ন স্টেশনে স্বাস্থ্য পরীক্ষা কিয়স্ক ইনস্টল করার মতো নতুন উৎস থেকে উপার্জন ইত্যাদি। এছাড়াও, মেট্রো রেলওয়ে ট্র্যাকসাইড ওয়াল ব্র্যান্ডিং, কার্ড ব্যালেন্স চেকিং টার্মিনাল ব্র্যান্ডিং, স্বয়ংক্রিয় স্মার্ট কার্ড রিচার্জ মেশিন ব্র্যান্ডিং, AFC-PC গেটস এবং ফ্ল্যাপ ব্র্যান্ডিং, ফুড কিয়স্ক স্থাপন, স্মার্ট কার্ড ব্র্যান্ডিং, এর মতো উদ্ভাবনী ধারণাগুলিও বাস্তবায়ন করেছে। টোকেন ব্র্যান্ডিং ইত্যাদি। এটি নন-ফেয়ার রেভিনিউকে অনেকাংশে বৃদ্ধি করতে সাহায্য করেছে। মেট্রো রেল রুপি আয় করেছে। ২১.৮৩ কোটি টাকা, ১ এপ্রিল, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত এবং ভারতীয় রেলওয়ের সমস্ত জোনাল রেলওয়ের মধ্যে ক্রমবর্ধমান নন-ফেয়ার রেভিনিউ আয়ের মধ্যে ৫ ম স্থানে রয়েছে, মাত্র ৩৪ টি স্টেশন সহ। বিগত আর্থিক বছরের ২০২১-২২ এর অনুরূপ সময়ে, মেট্রো রেলওয়ের NFR থেকে ক্রমবর্ধমান আয় ছিল মাত্র ১০.০১ কোটি টাকা। এইভাবে মেট্রো রেল এই অর্থবছরের ৯ মাসে NFR আয়ে ১১৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

পরিকাঠামো উন্নয়নমূলক কাজের জন্য যাত্রীবাহী কয়েকটি ট্রেন বাতিল

মালিগাঁও, ৫ জানুয়ারি ঃ পশ্চিম- মধ্য রেলওয়ের জয়পুর ডিভিশনের অধীনে খাতিপুরা স্টেশনে প্রি-নন ইন্টারলকিং ও নন ইন্টারলকিং কাজের পরিপ্রেক্ষিতে কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে। এক প্রেসবার্তায় উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে যে কয়টি ট্রেন পরিষেবার বাতিল করা হয়েছে সেগুলি যথাক্রমে ৬, ৮, ১০, ১৩, ১৫ এবং ১৭ জানুয়ারি রওয়ানা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নম্বর ১৫৭১৫ কিষাণগঞ্জ- আজমের জংশন গরিব নওয়াজ এক্সপ্রেস ট্রেন বাতিল করা হয়েছে। এছাড়া ৯, ১০, ১২, ১৬, ১৭ এবং ১৯ জানুয়ারি রওয়ানা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নম্বর ১৫৭১৬ আজমের জংশন-কিষাণগঞ্জ গরিব নওয়াজ এক্সপ্রেস ট্রেনও বাতিল করেছে কর্তৃপক্ষ।

ট্রাফিক ব্লক

কলকাতা, ৫ জানুয়ারি ঃ খানা - গুমানি সেকশনের রাজগ্রাম স্টেশনে ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজের কারণে, ০৮.০১.২০২৩ তারিখে ডাউন মেইন লাইনে ১৮০ মিনিট (১১.১৫ ঘন্টা থেকে ১৪.১৫ ঘন্টা পর্যন্ত) ট্র্যাফিক ব্লকের পরিকল্পনা করা হয়েছে। সেই অনুযায়ী, ১৩১৭৪ শিলচর-শিয়ালদহ এক্সপ্রেস এবং ১৩০৩২ জয়নগর- হাওড়া এক্সপ্রেস ব্লকের দিন যথাক্রমে ১০ মিনিট এবং ৩০ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে। যাত্রীদের অসুবিধার জন্য গভীরভাবে দুঃখিত।

আমাজনে বড় সংখ্যক কর্মী ছাঁটাই, উদ্বেগে কর্মীরা

ওয়াশিংটন, ৫ জানুয়ারি ঃ বড় সংখ্যক কর্মী ছাঁটাই করতে চলেছে আমাজন। আগেই অবশ্য আমাজনের কর্মী ছাঁটাইয়ের কথা সংস্থার পক্ষ থেকে জানিয়েছিল। কিন্তু এবার জানা যাচ্ছে যত সংখ্যক কর্মী ছাঁটাই করার কথা হয়েছিল, তার থেকে আরও বেশি সংখ্যক কর্মী ছাঁটাই করা হবে। বলা হচ্ছে, বিশ্ববাজারে মন্দার কারণেই এই ছাঁটাই। আমাজনের চিফ এক্সিকিউটিভ অফিসার অ্যান্ডি জ্যাসি সংস্থার কর্মীদের কাছে এই পদক্ষেপের ঘোষণা করেছেন। জানা যাচ্ছে, আমাজন এবার ১৮০০০ কর্মীকে ছাঁটাই করতে চলেছে। গত বছর থেকে এই ছাঁটাই পর্ব শুরু হযেছে। কার্যত আমাজনের কর্পোরেট পদ থেকেও এই ছাঁটাই পর্ব চলছে। তবে বেশিরভাগটাই আমাজনের খুচরা বিভাগ এবং নিয়োগ সংক্রান্ত বিভাগ থেকে হচ্ছে। গত বছরের শেষের দিক থেকে অবশ্য বিশ্বের বৃহত্তম অনলাইন খুচরো বিক্রেতা আমাজন তীব্র মন্দা ধীরে ধীরে কাটিয়ে উঠতে শুরু করেছে। কারণ গত বছরের শেষের দিকে ই-কমার্স বৃদ্ধি পেয়েছে। আর তার পেছনে রয়েছে ক্রেতারা আবারও প্রাক মহামারী অভ্যাসে ফিরে গিয়েছে। বর্তমানে আমাজন পরীক্ষামূলক এবং অলাভজনক ব্যবসা গুলিকে কমিয়ে দিচ্ছে। আমাজন একটা সময় শুরু করেছিল অনলাইন বইয়ের দোকান, কিন্তু সেই ব্যবসারও কিছু অংশ তাঁরা বন্ধ করছে। তবে তাঁরা ক্লাউড কম্পিউটিং এবং বিজ্ঞাপন ব্যবসার পাশাপাশি ভিডিও স্ট্রিমিংয়ে কিন্তু বিনিয়োগ অব্যাহত রাখছে। তবে এত বড় ছাঁটাই এর ঘোষণায় কার্যত চরম উদ্বেগে কর্মীরা।

মহিলা সমিতির সম্মেলনে জ্বলজ্বল করছেন বেনজির ভুট্টো, সমালোচিত সিপিএম!



কেরালা, ৫ জানুয়ারি ঃ কেরালার তিরুবনন্তপুরমে, সিপিআইএম - এর মহিলা শাখা অল ইন্ডিয়া ডেমোক্রেটিক উইমেনস অ্যাসোসিয়েশন -এর সর্বভারতীয় সম্মেলনের আগে একটি পোস্টার নিয়ে শুরু হয়েছে জল্পনা। এই পোস্টারটিতে পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোর ছবি দেখা গিয়েছে। কেরালার বিজেপি ইউনিট এখন এই পোস্টার নিয়ে আয়োজকদের মানসিকতা নিয়ে প্রশ্ন এবং আপত্তি করেছে।

'মহিলা সংগঠনের জাতীয় সম্মেলন' - অল ইন্ডিয়া ডেমোক্রেটিক উইমেনস অ্যাসোসিয়েশন ৬ জানুয়ারি থেকে ৯ জানুয়ারি পর্যন্ত কেরালায় মহিলা সমিতির জাতীয় সম্মেলনের আয়োজন করতে চলেছে। রাজধানী তিরুবনন্তপুরমের পালায়ম এলাকায় এই কর্মসূচি সংক্রান্ত একটি পোস্টার লাগানো হয়েছে। সেখানে পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোর ছবি দেখা গিয়েছে। শুধু তাই নয়, এই পোস্টারে পালায়ম জংশন যেখানে একটি শহীদ স্মৃতিস্তম্ভও রয়েছে তার নামকরণ করা হয়েছে বেনজির ভুট্টো স্কোয়ার।

প্রতিবাদ করেছে বিজেপি - কেরালার বিজেপি ইউনিট এর বিরোধিতা করেছে এবং অবিলম্বে এই পোস্টার সরানোর দাবি জানিয়েছে। বিজেপি অভিযোগ করেছে যে কেরালার সিপিএম সরকার পাকিস্তানের সেই নেতার সম্মানে পোস্টার লাগাচ্ছে যিনি ভারতের সঙ্গে ১০০০ বছর ধরে যুদ্ধ করার কথা বলেছিলেন। কেরালার বিজেপির মুখপাত্র সন্দীপ বাচস্পতি টুইটারে এই পোস্টারের ছবি শেয়ার করেছেন এবং ট্যুইট করে লিখেছেন, 'ভারতের বিরুদ্ধে ১০০০ বছরের যুদ্ধ ঘোষণা করা পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোর ছবি শোভা বাড়াচ্ছে সিপিএমের মহিলা শাখার জাতীয় সম্মেলনের পোস্টারে'।

হিমাচল বিধানসভার স্পিকার নির্বাচিত হলেন কুলদীপ সিং পাঠানিয়া

ধর্মশালা, ৫ জানুয়ারি ঃ প্রবীণ কংগ্রেস নেতা তথা পাঁচবারের বিধায়ক কুলদীপ সিং পাঠানিয়া. বৃহস্পতিবার ধ্বনি ভোটে সর্বসম্মতভাবে হিমাচল প্রদেশ বিধানসভার স্পিকার নির্বাচিত হয়েছেন। মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু এবং বিরোধীদলীয় নেতা জয় রাম ঠাকুর পাঠানিয়াকে তার নির্বাচনের পর স্পিকারের চেয়ারে নিয়ে যান। পাঁচ মেয়াদের বিধায়ক এবং পেশায় একজন আইনজীবী পাঠানিয়া। তিনি ১৯৮৫ সালে কংগ্রেসের টিকিটে প্রথমবারের মতো বিধায়ক নির্বাচিত হন। কংগ্রেস নেতা ১৯৮৫, ১৯৯৩, ২০০৩, ২০০৭ এবং ২০২২ সালে বিধানসভায় নির্বাচিত হন। তিনি ১৯৯৩ এবং ২০০৩ সালে তিনি নির্দল প্রার্থী হিসাবে নির্বাচিত হন।

বেলাগাভিতে মৃত্যু ৬ জন পুণ্যার্থীর

কর্ণাটক, ৫ জানুয়ারি ঃ কর্ণাটকের বেলাগাভি জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে গাছে ধাক্কা মারল একটি গাড়ি। দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৬ জন পুণ্যার্থী, এছাড়াও কয়েকজন আহত হয়েছেন। মৃত ৬ জনের মধ্যে ৩ জনই মহিলা। বৃহস্পতিবার ভোররাতে দুর্ঘটনাটি ঘটেছে বেলাগাভি জেলার চিনচানুর এলাকায়। মৃতদের বাড়ি বেলাগাভি জেলার হুলকুন্দ গ্রামে। পুলিশ জানিয়েছে, বৃহস্পতিবার ভোররাতে বেলাগাভি জেলার চিনচানুর এলাকায় একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে গাছে ধাক্কা মারে। দুর্ঘটনাস্থলেই মৃত্যু হয় ৫ জনের, হাসপাতালে নিয়ে যাওয়ার পথে আরও একজনের মৃত্যু হয়। পুলিশ জানিয়েছে, বেলাগাভি জেলার রামদুর্গ তালুকের হুলকুন্দ গ্রামের কয়েকজন বাসিন্দা সাভাদত্তির রেণুকা ইয়াল্লাম্মা মন্দিরে যাচ্ছিলেন, দুর্ঘটনাটি ঘটে।

মুম্বই পুলিশের বিশেষ কমিশনার হলেন দেবেন ভারতী, নিলেন দায়িত্ব

মুম্বই, ৫ জানুয়ারি ঃ মুম্বই পুলিশের বিশেষ কমিশনার হলেন আইপিএস অফিসার দেবেন ভারতী। বৃহস্পতিবার মুম্বই পুলিশের বিশেষ কমিশনার পদের দায়িত্বভার গ্রহণ করেছেন তিনি। মহারাষ্ট্রের স্বরাষ্ট্র দফতর দ্বারা তৈরি নতুন এই পদের জন্য নিয়োগ আদেশ জারি করার একদিন পর বৃহস্পতিবার ভারতীয় পুলিশ সার্ভিসের সিনিয়র অফিসার দেবেন ভারতী মুম্বই পুলিশের বিশেষ কমিশনার হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। আইপিএস অফিসার বিবেক ফাসালকার বর্তমানে মুম্বই পুলিশ কমিশনার। নতুন পদের সৃষ্টি এবং দেবেন ভারতীর নিয়োগের বিরোধিতা করেছে কংগ্রেস এবং এনসিপি। দুই রাজনৈতিক দলের দাবি, মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীস একটি সমান্তরাল প্রশাসন তৈরি করার চেষ্টা করছেন।

জম্মু ও কাশ্মীর নিয়ে নয়া রিপোর্টে দাবি স্বরাষ্ট্র মন্ত্রকের

নয়াদিল্লি, ৫ জানুয়ারি ঃ দলের দাবি আর স্বরাষ্ট্র মন্ত্রকের রিপোর্ট মিলেমিশে একাকার। মোদী জমানায় ভূস্বর্গে শান্তি ফিরেছে। কাশ্মীরের মানুষ সেনাদের পাথর ছোঁড়ে না। বারবার এমনটাই দাবি করেন গেরুয়া শিবিরের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সারির নেতারা। দলের নেতাদের দাবি 'হুবহু' প্রকাশ করল অমিত শাহর স্বরাষ্ট্রমন্ত্রক। জম্মু ও কাশ্মীর নিয়ে মন্ত্রকের দীর্ঘ রিপোর্ট দলের দাবিকেই মান্যতা দিল। রিপোর্টে প্রকাশ, একসময় সন্ত্রাসের ঘাঁটি ছিল জম্মু ও কাশ্মীর। মোদী সরকারের প্রচেষ্টায় সন্ত্রাসের আঁতুরঘর এখন বাস্তবিক ভূস্বর্গ। পর্যটন কেন্দ্রে পরিণত হয়েছে কাশ্মীর । উল্লেখযোগ্য ভাবে অক্টোবরে কাশ্মীরে একটি অনুষ্ঠানে অমিত শাহ দাবি করেছিলেন, কাশ্মীরে আর পাথর ছোঁড়ার ঘটনা ঘটে না, সন্ত্রাসের ঘটনা ঘটে না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'সুশাসনে'র জন্যই এটা সম্ভব হয়েছে বলে দাবি করেছিলেন তিনি। গত সপ্তাহেই মন্ত্রকের উচ্চপদস্থ কর্তাদের সঙ্গে জম্মু ও কাশ্মীরের পরিস্থিতি নিয়ে বৈঠক করেন স্বরাষ্ট্রমন্ত্রী। সূত্রের খবর, সেই বৈঠকেও শাহ একই দাবি করেন। সেই বক্তব্যের প্রতিধ্বনিই পাওয়া গেল মন্ত্রকের রিপোর্টে। স্বরাষ্ট্র মন্ত্রকের পরিসংখ্যান অনুযায়ী, ২০২২ সালের নভেম্বর মাস পর্যন্ত কাশ্মীরে প্রায় ২৫ লক্ষ পর্যটক এসেছেন। জম্মু ও কাশ্মীরের বিশেষ মর্যাদা লোপ এবং রাজ্যটিকে কেন্দ্রশাসিত অঞ্চলে পরিণত করার পর সেখানে সন্ত্রাসবাদী ঘটনা যে উল্লেখযোগ্য হারে কমেছে, তা-ও স্পষ্ট করে দেওয়া হয়েছে রিপোর্টে। বলা হয়েছে, ২০১৮ সালে কাশ্মীরে ৪১৭ টি সন্ত্রাসবাদী হামলা হয়। আর ২০২১ সালে কমে হয়েছে ২২৯ টি। ২০১৮ সালে একবছরে সন্ত্রাসবাদী হামলায় ৯১ জন মারা গিয়েছিলেন। তবে বিতর্ক দানা বেঁধেছে রিপোর্টের 'রাজনৈতিক ভাষ্য' নিয়ে। এক জায়গায় বলা হয়েছে, কাশ্মীরের ৪২ হাজার মানুষ সন্ত্রাসবাদের শিকার হলেও দীর্ঘ দিন কোনও পদক্ষেপ করা হয়নি। কিন্তু নরেন্দ্র মোদীর নেতৃত্বে সন্ত্রাসবাদকে 'নিয়ন্ত্রণে' আনতে সক্ষম হয়েছে সামরিক বাহিনী। রিপোর্টে দাবি, আগে কাশ্মীরের গণতন্ত্র মানে ছিল তিনটি পরিবারের গণতন্ত্র। কিন্তু এখন কাশ্মীরে সবাই গণতন্ত্রের অর্থ বুঝেছেন।

শীতের দাপটে জনজীবন বিপর্যস্ত রাজস্থান, বাড়ল স্কুলে ছুটি

জয়পুর, ৫ জানুয়ারি ঃ প্রবল শীতে জনজীবন বিপর্যস্ত মরুরাজ্য রাজস্থানে। রাজস্থানের চুরু এবং সিকারের সর্বনিম্ন তাপমাত্রা শূন্যের নিচে নেমে গিয়েছে, শৈত্যপ্রবাহে জবুথবু অবস্থা রাজস্থানের মানুষজনের। প্রবল এই শীতের কারণে জয়পুরে আগামী ৭ জানুয়ারি অবধি বাড়ানো হয়েছে স্কুলের ছুটি। জয়পুরের জেলাশাসক জানিয়েছেন, শৈত্যপ্রবাহের কারণে ৭ জানুয়ারির পর্যন্ত জয়পুরের সমস্ত স্কুল বন্ধ থাকবে। বুধবার রাতে ফতেহপুরে (সিকার) সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং চুরুতে মাইনাস ১.৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। রাজ্যের বেশিরভাগ অংশে সর্বনিম্ন তাপমাত্রা চার ডিগ্রি সেলসিয়াসের নিচে ছিল। মাত্রাতিরিক্ত শীতে রাজস্থানের নানা প্রান্ত এখন কাঁপছে।

আন্তর্জাতিক ভ্রমণকারীদের পরীক্ষার সময় ১১টি ওমিক্রন উপ-প্রজাতি পাওয়া গিয়েছে ঃ সরকারি সূত্র

নয়াদিল্লি, ৫ জানুয়ারি ঃ ভারতে ২৪ ডিসেম্বর থেকে ৩ জানুয়ারির মধ্যে আন্তর্জাতিক ভ্রমণকারীদের পরীক্ষার সময় ১১ টি ওমিক্রন উপ-প্রজাতি পাওয়া গিয়েছে। বৃহস্পতিবার সরকারি সূত্রে এমনটাই জানা গিয়েছে। সূত্রের খবর, আন্তর্জাতিক বিমানবন্দর এবং সমুদ্রবন্দরে পরীক্ষার সময় ২৪ ডিসেম্বর থেকে ৩ জানুয়ারির মধ্যে আন্তর্জাতিক যাত্রীদের মধ্যে ১১ টি ওমিক্রন উপ-প্রজাতি পাওয়া গিয়েছে। মোট ১৯,২২৭ টি নমুনা পরীক্ষা করা হয়েছে, যার মধ্যে ১২৪ জন আন্তর্জাতিক ভ্রমণকারী পজিটিভ পাওয়া গিয়েছে এবং তাদের নিভৃতবাসে রাখা হয়েছে। সরকারি সূত্রের খবর, ১২৪টি পজিটিভি নমুনার মধ্যে, ৪০টির জিনোম সিকোয়েন্সিং ফলাফল পাওয়া গিয়েছে, যার মধ্যে এক্সবিবি.১ -সহ এক্সবিবি সর্বাধিক ১৪টি নমুনায় পাওয়া গিয়েছে। একটি নমুনায় বিএফ ৭.৪.১ পাওয়া গিয়েছে।



জব্বলপুরে ট্রাক ও বাইকের সংঘর্ষে মেডিকেল পড়ুয়ার মৃত্যু

জববলপুর, ৫ জানুয়ারি ঃ মধ্যপ্রদেশের জব্বলপুরে ট্রাক ও বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল বাইকে সওয়ার একজনের। গুরুতর আহত অন্যজন। দু''জনেই মেডিকেলের তৃতীয় বর্ষের পড়ুয়া। বুধবার রাতে দুর্ঘটনাটি ঘটে মধ্যপ্রদেশেরে জব্বলপুরে। পুলিশ জানিয়েছে, বুধবার রাতে বাইকে চেপে রুবি ঠাকুর এবং সৌরভ ওঝা তিলওয়াড়ার দিকে যাচ্ছিলেন। ভেদাঘাট থেকে বাইপাসের দিক দিয়ে সার্ভিস লেনে পৌঁছায় তাঁরা। সেই সময় দ্রুতগতিতে ভোপাল থেকে নাগপুরগামী একটি ট্রাক ওই রাস্তা দিয়ে আসছিল। নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে বাইকটিকে ধাক্কা মারে ট্রাকটি। সৌরভ রাস্তার পাশে ছিটকে পড়েন। অন্যদিকে রুবি ট্রাকের চাকার সামনে পড়ে যান। এই অবস্থাতেও ট্রাক চালক গাড়ি থামায়নি। বরং গতি বাড়িয়ে পালানোর চেষ্টা করে। ফলে ওই অবস্থায় ট্রাকের চাকার সামনে পড়ে যাওয়া ছাত্রীকে ৫০০ মিটার ঘষটে ঘষটে নিয়ে যায় ট্রাক। তাঁর দেহ সম্পূর্ণভাবে ছিন্নভিন্ন হয়ে যায়। শেষে অতিরিক্ত রক্তক্ষরণের ফলে তাঁর মৃত্যু হয়। অন্যদিকে, বাইকে সওয়ার সৌরভের মাথায় চোট লেগেছে। তাঁর অবস্থাও আশঙ্কাজনক। তাঁকে এলাকার মেডিকেল কলেজে ভর্তি করা হয়েছে। এই খবর পাওয়ার পরই অকুস্থলে পৌঁছান মেডিকেল পড়ুয়ারা। তাঁরা বিক্ষোভ দেখাতে থাকেন। পরিস্থিতি সামলাতে এলাকায় যায় বিশাল পুলিশ বাহিনী। ইতিমধ্যেই পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ওই এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে। তদন্তকারী পুলিশ অফিসার পড়ুয়াদের আশ্বাস দিয়েছেন খুব শীঘ্রই অভিযুক্ত ট্রাক চালককে গ্রেফতার করা হবে।

Name Change

I, MD QURBAN ALI (old name) S/O MD SIDDIK resident of T-445, DR A K ROAD , PS RAJABAGAN ,KOLKATA-700018 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) MD KORBAN ALI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 05/01/2022. MD QURBAN ALI and MD KORBAN ALI both are same and one identical person.

Name Change

I, SALMA KHATOON (old name) W/O MOFIDUL MULLICK resident of Y-275, Mallick Para Lane, PO-Bartala, PS-Nadial, Kolkata-700018 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SALMA BIBI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 05/01/2023. SALMA KHATOON and SALMA BIBI both are same and one identical person.

Name Change

I, MUFIDUL MALLCK alias MOFIJUL MALLICK (old name) S/O NOOR MOHAMAD MULLICK resident of Y-275, Mallick Para Lane, PO-Bartala, PS-Nadial, Kolkata-700018 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) MOFIDUL MULLICK, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 05/01/2023. MUFIDUL MALLCK, MOFIJUL MALLICK and MOFIDUL MULLICK both are same and one identical person.

Name Change

By virtue of the affidavit of 1 st Class Judicial Magistrate Serampore Hooghly on 14/12/2022 I SABITA DEVI W/o Bachcha Singh declare that Sabita Devi and Sabita Chakraborty all the same and one identical person and henceforth I will be known as Sabita devi w/o Bachcha Singh in every official record's as when and where requires.

Name Change

I, RAJASHREE BANERJEE (old name) W/O SUBHANKAR GHOSH resident of 160 / 2 , BL - G , NEW ALIPORE KOLKATA 700053 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) RAJASHREE GHOSH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 05/01/2023. RAJASHREE BANERJEE and RAJASHREE GHOSH all are same and one identical person.

Name Change

I, ZAMIR AHMED (old name) S/O ABDUL HAKIM resident of Musalman Para, Bara Mallikpur, Gurap, Sankarpur, Hooghly- 712303 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) JAMIR AHAMMED MALLIK, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 05/01/2023. ZAMIR AHMED and JAMIR AHAMMED MALLIK all are same and one identical person.

Name Change

I, O P JAISWAL (old name) C/O RAM NARAYAN JAISWAL resident of 139 ACHARYA PRAFULLA CHANDRA ROAD KOLKATA- 700006 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) OM PRAKASH JAISWAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 05/01/2023. O P JAISWAL and OM PRAKASH JAISWAL all are same and one identical person.

কীর্তনে জনসংযোগ

শিল্পী দত্ত, কোচবিহার, ৫ জানুয়ারি ঃ জনসংযোগ সারলেন এবং তিলক কেটে কীর্তন গাইলেন বিজেপি নেতা অজয় রায়। পাশাপাশি উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী তথা দিনহাটার তৃণমূল বিধায়ক উদয়ন গুহকে সন্ত্রাসবাদী বলে আখ্যা তার। প্রসঙ্গত, সামনেই পঞ্চায়েত নির্বাচন। তার আগে ইতিমধ্যেই প্রচার শুরু করেছের বিরোধীরা। দিনহাটা এক নম্বর ব্লকের মাতালহাট এলাকায় বিজেপির এক দলীয় কর্মসূচিতে যোগ দেওয়ার পর ওই এলাকায় নাম-সংকীর্তন করলেন বিজেপি নেতা অজয় রায়। রীতিমতো মাথায় তিলক কেটে গান করে জনসংযোগ সারলেন তিনি। তিনি বলেন যখনই সাধারণ মানুষ বিভিন্ন অনুষ্ঠানে যোগ দেওয়ার কথা বলেন, তখন তিনি যান। এমত অবস্থায় দলীয় কর্মসূচির পর তাই তিনি কীর্তনে যোগদান করেছেন। তারা মানুষের সাথে রয়েছেন। পঞ্চায়েত নির্বাচনের আগে উদয়ন গুহকে চ্যালেঞ্জ দিতেই কি এই ধরনের উদ্যোগ, এই প্রশ্নের উত্তরে তিনি বলেন উদয়ন গুহ একজন সন্ত্রাসবাদী। তাকে চ্যালেঞ্জ দেওয়ার কিছু নেই। আগামী পঞ্চায়েত নির্বাচনে মানুষে উদয়ন গুহর সন্ত্রাসের যোগ্য জবাব দেবে। যদিও এই প্রসঙ্গে পাল্টা উদয়ন গুহ বলেন, মানুষ ওদের সাথে নেই। তার জন্যই তো কীর্তনের আসরে গিয়ে বসতে হচ্ছে। এরপর মাথা ন্যাড়া করে মাথায় টিকি রেখে ঘুরতে হবে। ওই জায়গাটা বাকি আছে ওটাও খুব তাড়াতাড়ি হবে। তিনি আরও বলেন, আর মেয়েরা যদি একবার পারে তাহলে খানিকটা ঘোলও ঢালা হবে।

বয়কটের হুঁশিয়ারি

দুরন্ত বার্তা, কোচবিহার, ৫ জানুয়ারি ঃ দীর্ঘ ১৫ বছর ধরে জল সংকটে ভুগছেন দেওচড়াই গ্রাম পঞ্চায়েতের ঘোনাপাড়া এলাকার বাসিন্দারা। প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন গ্রামবাসীরা। ঘটনাটি ঘটেছে তুফানগঞ্জ-১নং ব্লকের দেওচড়াই গ্রাম পঞ্চায়েতের ঘোনাপাড়া এলাকায়। স্থানীয়দের অভিযোগ, এলাকায় পানীয় জলের নলকূপ থাকলেও তা দিয়ে জল পড়ে না। বাধ্য হয়ে তাদের আর্সেনিক যুক্ত টিউবয়েলের জল পান করতে হচ্ছে। তাতে পেটের অসুখ বাড়ছে। পানীয় জলের সমস্যার কথা গ্রাম পঞ্চায়েত সহ জনস্বাস্থ্য কারিগারি দপ্তরকে লিখিত আকারে অভিযোগ জানানো হলেও কাজের কাজ কিছুই হয়নি। দ্রুত পানীয় জলের সমস্যার সমাধানের দাবি তুলছেন এলাকার লোকজন। যদি দ্রুত তাদের সমস্যার সমাধান না হয় তাহলে আগামী পঞ্চায়েত ভোটে গোটা গ্রাম ভোট বয়কটের ডাক দিতে বাধ্য হবেন বলে জানান গ্রামবাসীরা।

ক্ষমা চাইলে পড়া

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ৫ জানুয়ারি ঃ তৃণমূল কংগ্রেসের পাশাপাশি বিভিন্ন রাজনৈতিক ছাত্র সংগঠন যখন পৃথকভাবে তাদের মতো করে উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তীর বিরুদ্ধে আন্দোলন শুরু করেছে, তখনই বিশ্বভারতী এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে শুক্রবার জানালো, বিশ্বভারতী তার ক্যাম্পাসে শান্তি ফেরাতে বদ্ধপরিকর। তারজন্য তারা আইনানুগ পদ্ধতিতে সাসপেনশন ও বহিষ্কারের মাধ্যমে বিশ্বভারতীতে অশান্তি বন্ধ করবে। তবে এই দমন- পীড়ন মূলক হুশিয়ারির পাশাপাশি, বিশ্বভারতী অভিযুক্ত ছাত্র-ছাত্রীদের ক্যাম্পাসে ফেরাতে সুযোগ দিতে পারে যদি অভিযুক্ত ছাত্র-ছাত্রীরা নিঃশর্ত ক্ষমা চায়। এই নিঃশর্ত ক্ষমা ভিক্ষার মাধ্যমে তারা ফের পড়ার সুযোগ পাবে। তবে, ছাত্র-ছাত্রীদের প্ররোচনা দেওয়ার দায়ে নাম না করে এক অর্থনীতির অধ্যাপককে কাঠগড়ায় দাঁড় করিয়ে বলা হয়েছে যে কর্মসমিতি তার নিয়ম মেনেই সেই অধ্যাপককে শাস্তি দিয়েছে।

প্রতিবন্ধী মেয়েকে নিয়ে ভগ্নপ্রায় ঘরে বাস

বারবার আবেদন করেও মিলল না আবাস যোজনার পাকা ছাদ

তনুজ জৈন, মালদা, ৫ জানুয়ারি ঃ প্রতিবন্ধী মেয়ে। বয়সের ভারে কাজ করতে অক্ষম বাবা। জরাজীর্ণ ভগ্নপ্রায় ঘর। বাঁশের ফাঁকফোকর দিয়ে ঢুকছে শীতের কনকনে ঠান্ডা হাওয়া। আবেদন করেও মেলেনি আবাস যোজনার ঘর। আর কত গরীব হলে মিলবে সরকারি সাহায্য? প্রশ্ন পরিবারের। অশ্রুশিক্ত চোখে প্রশাসনিক সাহায্যের আবেদন অসহায় মায়ের। আবাস যোজনায় ব্যাপক দুর্নীতি হওয়ায় অনেকেই ঘর পায়নি। তৃণমূলের দিকে অভিযোগের আঙুল বিজেপির। পাল্টা কটাক্ষ তৃণমূলের। তুঙ্গে রাজনৈতিক তরজা। মালদা জেলার চাঁচল ১ নম্বর ব্লকের কলিগ্রাম গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কলিগ্রামের বাসিন্দা দেবাশীষ দাস (৬২)। মেয়ে শিল্পা দাস (১৮) জন্ম থেকেই প্রতিবন্ধী। হাতের এবং পায়ের আঙুল নেই। কিন্তু লেখাপড়ার অদম্য ইচ্ছা ছিল ছোট থেকেই। তাই সমস্ত প্রতিবন্ধকতাকে জয় করে মাধ্যমিক পাস করে শিল্পা। স্বপ্ন ছিল ভালো ভাবে লেখাপড়া করে বাবা মায়ের পাশে দাঁড়ানোর। শারীরিক প্রতিবন্ধকতা হার না মানাতে পারলেও আর্থিক প্রতিবন্ধকতা বড় বাধা হয়ে দাঁড়িয়েছে শিল্পার স্বপ্নের মাঝে। বাবা লোকের দোকানে কাজ করে অতি কষ্টে সংসার চালান। বয়সের ভারে সেই কাজও ঠিক মত এখন করতে পারেন না। ফলে অচল অবস্থা সংসারের। এই পরিস্থিতিতে পড়াশোনা চালিয়ে যেতে পারেনি শিল্পা। প্রতিবন্ধী ভাতা স্বরূপ সরকারের কাছ থেকে যে টাকা পান সেই টাকা সংসার চালানোর প্রয়োজনে ব্যয় হয়। এদিকে জরাজীর্ণ ভগ্নপ্রায় বাঁশের ঘর। ওপরে টিনের চালা। বাঁশের ফাঁকফোকর দিয়ে ঢুকছে শীতের কনকনে ঠান্ডা হাওয়া। কিন্তু তাদের আর্থিক সামর্থ্য নেই যে ঘর ঠিক করবেন। ২০১৮ সালে আবাস যোজনার জন্য আবেদন করলেও নাম আসেনি তালিকায়। পঞ্চায়েত সদস্যের কাছ থেকে মেলেনি সদুত্তর। তাই অসহায় দেবাশীষ বাবুর প্রশ্ন, আর কত গরিব হলে মিলবে সরকারের সাহায্য? শিল্পার মা ঊষা দাস মেয়ের জন্মের পর থেকেই মেয়েকে নিয়ে প্রশাসনের দরবারে ঘোরাঘুরি করেন। যদি সঠিক প্রশাসনিক কোন সাহায্য মেলে এই আশায়। কিন্তু যতদিন যাচ্ছে অভাবের অন্ধকার গ্রাস করছে পরিবারকে। তাদের অবর্তমানে মেয়ের জীবন কিভাবে কাটবে সেই চিন্তায় কান্নায় ভেঙে পড়েছেন অসহায় মা। সাথে কাতর আবেদন জানিয়েছেন প্রশাসন যাতে পাশে দাঁড়ায়। এদিকে এই ঘটনা সামনে আসতেই শুরু হয়েছে বিজেপি এবং তৃণমূলের রাজনৈতিক তরজা। ২০১৮ সাল থেকে কলিগ্রাম পঞ্চায়েত তৃণমূলের দখলে। তবে দেবাশীষ দাসরা যে বুথের বাসিন্দা সেই বুথে রয়েছে বিজেপির জনপ্রতিনিধি। যিনি আবার পঞ্চায়েতের বিরোধী দলনেতার দায়িত্বে রয়েছেন। বিজেপির অভিযোগ, আবাস যোজনায় ব্যাপক দুর্নীতি করেছে তৃণমূল। তাই এরকম অনেকেই বঞ্চিত হয়েছে। যদিও তৃণমূলের পঞ্চায়েত প্রধানের পাল্টা কটাক্ষ, বিজেপির পঞ্চায়েত সদস্য নিজ দায়িত্ব পালন করেন না। তাই এই ধরনের মিথ্যা অভিযোগ করছেন। ওই পরিবার তাদের কাছে এলে তারা পাশে দাঁড়াবে বলে আশ্বাস দিয়েছেন পঞ্চায়েত প্রধান রেজাউল খান। শিল্পা দাসের বাবা দেবাশীষ দাস বলেন, এর আগেই আমরা ঘরের জন্য আবেদন করেছিলাম। কিন্তু তালিকায় নাম আসেনি। পঞ্চায়েত সদস্যকে বললে কর্ণপাত করেনি। আমরা চাই প্রশাসন আমাদের দিকে দেখুক। শিল্পা দাসের মা উষা দাস বলেন, সংসারের অচল অবস্থা। আমার মেয়ে শুধু প্রতিবন্ধী ভাতা পায়। আমরা ঘর পাইনি। পঞ্চায়েত সদস্যকে বললে কাজ হয় না। প্রশাসন আমাদের পাশে না দাঁড়ালে কিভাবে চলবে! কলিগ্রাম গ্রাম পঞ্চায়েতের বিরোধী দলনেতা সুভাষ কৃষ্ণ গোস্বামী বলেন, পরিবারটি আমার বুথের। তাদের দুরাবস্থা সম্পর্কে আমি জানি। তৃণমূল পরিচালিত প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েতে আবাস যোজনা নিয়ে ব্যাপক দুর্নীতি হয়েছে। তাই এরকম অনেকেই ঘর থেকে বঞ্চিত। আমরা চাইবো এর প্রকৃত তদন্ত হোক। কলিগ্রাম গ্রাম পঞ্চায়েতের প্রধান রেজাউল খান বলেন, পরিবারটি সঠিকভাবে আবেদন করেছিল কিনা আমি জানিনা। তবে এখন আবেদন করলে আমি দেখব। তারা আমাদের কাছে এলে অবশ্যই সাহায্য করার চেষ্টা করব। আবাস যোজনার ব্যাপারটা প্রশাসন দেখছে এতে পঞ্চায়েতের হাত নেই। বিজেপির কাজ এই ধরনের মিথ্যাচার করা। প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পের লক্ষ্য দেশের সকল গরিব মানুষের মাথার ছাদ যাতে পাকা হয়। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে বারবার বঞ্চিত হচ্ছে গরিব মানুষেরা। অপরদিকে যাদের পাকা বাড়ি তাদের নামে আসছে ঘর। রাজনৈতিক দলগুলি ব্যস্ত একে অপরকে দোষারোপ করতে। রাজনীতির যাঁতাকলে বঞ্চিত হচ্ছে মানুষের স্বার্থ।

স্ত্রীকে টুকরো করে খালে ভাসাল যুবক

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ জানুয়ারি ঃ স্ত্রীকে খুন করে তাঁর দেহ দু'টুকরো করার অভিযোগ উঠল স্বামীর বিরুদ্ধে। শিলিগুড়ি মহকুমার ফাঁসিদেওয়ার গোয়ালটুলি মোড় সংলগ্ন এলাকায় ঘটনাটি ঘটেছে। মৃতার নাম রেণুকা খাতুন (৩০)। পুলিশ সূত্রে খবর, স্ত্রী বিবাহ বহির্ভূত সম্পর্কে জড়িয়েছে, এই সন্দেহের বশেই তাঁকে খুন করেছে স্বামী মহম্মদ আনসারুল। তার পর রেণুকার দেহ দু'টুকরো করে কেটে তিস্তা ক্যানালে ভাসিয়ে দিয়েছে। বৃহস্পতিবার সকাল থেকে তিস্তা ক্যানেলে রেণুকার দেহাংশের সন্ধানে তল্লাশি চালায় বিপর্যয় মোকাবিলা বাহিনী। পুলিশ সূত্রে খবর, শিলিগুড়ির কলেজ পাড়ায় একটি বিউটি পার্লারে কাজ শিখতে যেতেন রেণুকা। ডিসেম্বরের শেষ সপ্তাহ থেকে তাঁর খোঁজ মিলছিল না। গত ২৪ ডিসেম্বর শিলিগুড়ি থানায় নিখোঁজ ডায়েরি দায়ের করে রেণুকার পরিবার। তার পরেই তদন্তে নামে পুলিশ। আনসারুলকে জিজ্ঞাসাবাদ করে উঠে আসে চাঞ্চল্যকর তথ্য। তদন্তকারীরা জানতে পারেন, গত ২৪ ডিসেম্বর ঘুরতে নিয়ে যাওয়ার কথা বলে স্ত্রীকে ফাঁসিদেওয়ায় নিয়ে গিয়ে কুপিয়ে খুন করেছে আনসারুল। তার পর দেহ দু'টুকরো করে চটহাট সংলগ্ন তিস্তা ক্যানেলে ভাসিয়ে দিয়েছে সে। এই ঘটনা প্রসঙ্গে শিলিগুড়ির পুলিশ কমিশনার অখিলেশ চতুর্বেদী বলেন, ডিসেম্বরের ২৪ তারিখ শিলিগুড়ি থানায় মিসিং ডায়েরি দায়ের করা হয়। রেণুকা খাতুনের খুনের কথা স্বীকার করেছে। দেহ দু'টুকরো করে তিস্তার ক্যানেলে ভাসিয়ে দেওয়া হয়েছে। বিপর্যয় মোকাবিলা বাহিনীর দল তল্লাশি চালাচ্ছে।

রামপুরহাটে দিদির সুরক্ষা কবচ বৈঠক

দুরন্ত বার্তা, রামপুরহাট, ৫ জানুয়ারি ঃ তৃণমূল কংগ্রেসের নয়া কর্মসূচী 'দিদির সুরক্ষা কবচ' নিয়ে বৃহস্পতিবার রামপুরহাট শহর তৃণমূল কংগ্রেস কার্যালয়ে সাংবাদিক বৈঠক অনুষ্ঠিত হলো। সেখানে উপস্থিত ছিলেন বীরভূম জেলা তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান ও পশ্চিমবঙ্গ বিধানসভার ডেপুটি স্পিকার ডঃ আশীষ বন্দ্যোপাধ্যায়, ত্রিদিব ভট্টাচার্য এবং রামপুরহাট ১ নং ব্লক তৃণমূল কংগ্রেস কমিটির সভাপতি সৈয়দ সিরাজ জিম্মি। আশিস বন্দ্যোপাধ্যায় বলেন, দিদির সুরক্ষা কবচ সম্পর্কে মানুষকে জানাতে দিদির দূত হিসেবে আমরা জনপ্রতিনিধিরা মানুষের কাছে যাব। সেখানে প্রকল্প সম্পর্কে তাঁদের সম্যক ধারনা গড়ে তুলতে সক্ষম হবো। যেমন লক্ষ্মীর ভাণ্ডারের ক্ষেত্রে তপশিলী জাতি-উপজাতির মহিলারা হাজার টাকা পাবেন। কিন্তু জেনারেল কাস্টের মহিলারা পাঁচশো টাকা পাবেন। আবার বিধবা ভাতা পেলেও তাঁরা লক্ষ্মীর ভাণ্ডার পাবেন। অনেকেই রাজনীতি করতে ভুল কথা বলে জনমানসে বিভ্রান্তি তৈরি করছেন। সুরক্ষা কবচের উদ্দেশ্য হলো মানুষের মধ্যে বিভ্রান্তি দূর করা।

ক্ষোভের শিকার আবগারি কর্মীরা

দুরন্ত বার্তা, গঙ্গারামপুর, ৫ জানুয়ারি ঃ দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর থানার উত্তর জয়পুর গ্রামে চোলাই মদের ঠেকে অভিযান চালাতে গিয়ে ক্ষোভের মুখে পড়লেন আবগারি দফতরের কর্মীরা। আবগারি দফতরের গাড়ি ভাঙচুর করা হয় বলে অভিযোগ। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে। জানা গিয়েছে, বেশ কিছুদিন ধরে গঙ্গারামপুর থানার উত্তর জয়পুর এলাকায় চোলাই মদ তৈরি হচ্ছিল। সেগুলি আবার বিভিন্ন জায়গায় বিক্রি সহ চোলাই মদের আসর বসছিল বলে অভিযোগ। গোপন সূত্রে চোলাই মদ তৈরির খবর পেয়ে বৃহস্পতিবার সকালে আবগারি দফতরের আধিকারিক ও কর্মীরা উত্তর জয়পুর এলাকায় হানা দেয়। অভিযান চালিয়ে চোলাই মদ তৈরির অভিযোগে কুরানু রায় নামে এক ব্যক্তিকে আটক করে আবগারি দফতরের কর্মীরা। অভিযোগ, আটক ব্যক্তিকে গ্রাম থেকে নিয়ে আসার সময় গ্রামের বেশ কিছু মানুষ আচমকাই আবগারি দফতরের গাড়ির উপর হামলা চালায়। আটক ব্যক্তিকে ছিনিয়ে নেবার চেষ্টা সহ গাড়ি ভাঙচুর করে বলে অভিযোগ। আবগারি দফতরের বেশ কয়েকজন আহত হয়েছেন বলে দাবি। ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে বলে জানিয়েছে আবগারি দফতরের গঙ্গারামপুর রেঞ্জের ওসি মাসুদ আক্তার।

আহত ৩০ যাত্রী

দুরন্ত বার্তা, বর্ধমান, ৫ জানুয়ারি ঃ সামনের চাকা ফেটে নিয়ন্ত্রণ হারিয়ে নয়ানজুলিতে পড়ল যাত্রীবোঝাই বাস। ঘটনায় আহত হয়েছেন ৩০ জন। বৃহস্পতিবার সকালে কেতুগ্রামের বারান্দা গ্রামের ঘটনা। জখমদের ভর্তি করা হয় কাটোয়া মহকুমা হাসপাতালে। জানা গিয়েছে, এদিন সকালে কাটোয়া থেকে একটি বাস যাচ্ছিল বীরভূমের কীর্নাহারের দিকে। কেতুগ্রামের বারান্দা গ্রামের কাছে বাসের সামনে চাকা ফেটে গেলে বিপত্তি ঘটে। বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারে একটি কংক্রিটের দেওয়ালে। তারপর বাসটি আস্তে আস্তে গড়িয়ে পড়ে নয়ানজুলিতে। চালকের তৎপরতায় যাত্রীরা অল্প আঘাত পেলেও কেউ গুরুতর জখম হননি।

কনকন ঠান্ডায় কাঁপছে শিলিগুড়িবাসী

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ জানুয়ারি ঃ ঠান্ডায় কাঁপছে শিলিগুড়ি। বৃহস্পতিবার সকালে শিলিগুড়িতে সর্বনিম্ন তাপমাত্রা নেমে দাঁড়িয়েছে নয় ডিগ্রীর নীচে। শিলিগুড়িতে আজ সকাল থেকেই শুরু হয়ে যায় কনকনে ঠান্ডা এবং হাওয়া। প্রচণ্ড ঠান্ডায় মানুষ জুবুথুবু হয়ে পড়েন। শিলিগুড়ির আশেপাশে তাপমাত্রা কমে দাঁড়ায় আরও নীচে। শিলিগুড়িতে বিভিন্ন জায়গাতে তাপমাত্রা কমে চলে যায় সাতেরও নিচে। তাপমাত্রা নেমে যাওয়ায় এবং দমকা হাওয়াতে কাবু হয়ে পড়েন পথ চলতি সাধারন মানুষ। একমাত্র চায়ের দোকান ছাড়া ভিড় একেবারেই দেখা যায় নি কোথাও। আবহাওয়া দপ্তরের পূর্বাভাস শিলিগুড়িতে তাপমাত্রা আরও নেমে যাবে। গত তিনদিনে শিলিগুড়ির তাপমাত্রা অনেকটাই কমে গেছে বলে খবর। আজ সকাল থেকেই ঝড়ো হাওয়া এবং কুয়াশাতে অন্ধকার হয়ে যায় শহর শিলিগুড়ি। মানুষ একেবারেই রাস্তায় ছিল না। তার সাথে হাওয়া শুরু হওয়ায় আরও নাজেহাল হয়ে পড়েন সাধারন মানুষ। শিলিগুড়ির সাথে সাথে ঠান্ডা নেমেছে দার্জিলিং এবং অন্যান্য পাহাড়ি শহরেও। গত কয়েদিনে ঠান্ডা একেবারে ছিল না শিলিগুড়িতে। ঠান্ডা না পড়ায় হা-হুতাশ করছিলেন সাধারন মানুষ। এবারে কার্যত ঠান্ডায় কাবু হয়ে পড়েন শিলিগুড়ি শহরের অধিকাংশ মানুষ। চট করে ঠান্ডা পড়ে যাওয়ার প্রভাব পড়ে রেল ষ্টেশন এবং বাস টার্মিনার্সে। আবহাওয়া খারাপ হয়ে পড়ায় অনিশ্চিত হয়ে পড়ে বাগডোগরা থেকে বিভিন্ন শহরে যাওয়ার নির্দিষ্ট উড়ান। শিলিগুড়ি থেকে মুম্বাইগামী তিনটে উড়ানকে বাতিল করা হয়েছে বলে খবর। আগামী কয়েকদিনে ঠান্ডা আরও বাড়তে পারে এই আশঙ্কায় আরও কয়েকটি গুরুত্বপূর্ণ উড়ান বাতিল করতে পারে প্রশাসন বলে সূত্রের খবর। ঠান্ডা বেড়ে যাওয়ার এনজেপিতে বেশ কয়েকটি ট্রেন দেরী করে এসে পৌঁছায় বলে জানা গেছে। ঠাণ্ডা এবং কুয়াশা থাকায় আজ সকালে এনজেপি থেকে হাওড়াগামী শতাব্দী এক্সপ্রেসও দেরী করে ছাড়ে বলে খবর। শিলিগুড়িতে এই কয়েকদিনে এবং আগামী কয়েকদিনে তাপমাত্রা আরও নীচে নামতে পারে বলে জানা গেছে।

৭০ অব্রাহ্মণদের পৌরহিত্যে প্রশিক্ষণ

দেবাশিস কংশবণিক, হাঁসখালি, ৫ জানুয়ারি ঃ নদীয়ার হাঁসখালি ব্লকের বগুলার গৌরহরি মিশন মডার্ন টোলে ৭০জন অব্রাহ্মণদের পৌরহিত্যের প্রশিক্ষণ দেওয়া শুরু হল। নতুন ইংরেজি বছরের প্রথম দিনে তাদের উপনয়নের ব্যবস্থা করা হয়েছিল। মন্ত্র পাঠ করে তাদের উপনয়নের ব্যবস্থা করলেন নলিনী রায় ও দেবাশীষ পাঠক। সকলকে নামাবলী এবং পৈতে দিয়ে ৭০ জন অব্রাহ্মণ পুরুষ এবং মহিলাদের উপনয়ন করা হল। ওই মিশনের কর্ণধার অভিরাম বিশ্বাস জানিয়েছেন, সরকারের কাছে আমাদের দাবি, আমাদের মিশনকে সরকারি স্বীকৃতি দেওয়া হোক। মসজিদে যেমন ইমাম ভাতা দেওয়া হয়, তেমনি পুরোহিতদেরও সরকারি ভাতা দেওয়ার দাবি আমরা রাখছি। সুপ্রিম কোর্টের নির্দেশ মতো অব্রাহ্মণরাও পৌরহিত্য করতে পারেন। সুপ্রিম কোর্টের সেই নির্দেশ মেনে আমাদের টোলে এর আগেই অনেক অব্রাহ্মণ মহিলা এবং পুরুষ প্রশিক্ষণ নিয়ে পৌরহিত্য করছেন। তারা দুর্গা পুজো থেকে শুরু করে বড় বড় পুজো করছেন। শুধু পুরুষরাই নয়, একাধিক মহিলা পৌরহিত্য করছেন। আবারও ৭০ জন অব্রাহ্মণ পুরুষ এবং মহিলাদের উপনয়ন করিয়ে পৌরহিত্যের প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু করা হয়েছে। ওই মিশনের কার্যকরী কমিটির সদস্য মিল্টন বিশ্বাস জানিয়েছেন, নতুন করে যে ৭০ জন অব্রাহ্মণদের উপনয়ন দেওয়া হল, তাদের মধ্যে মহিলাদের সংখ্যাই ছিল বেশি। আগামী ৮ জানুয়ারি মিশনকে সরকারি স্বীকৃতি দেওয়া এবং ইমাম ভাতার মতোই পুরোহিতদেরও ভাতা দেওয়ার দাবিতে মিশন থেকে বগুলা শহরে একটি পরিক্রমা বার করা হবে।

জয়পুর ডিভিসনে নন ইন্টারলকিং কাজের জন্য ট্রেনের নিয়ন্ত্রণ

জয়পুর ডিভিসনে বাঁদিকুই-জয়পুর শাখায় খাতিপুরা স্টেশনে প্রি-নন ইন্টারলকিং কাজ (০৮.০১.২০২৩ থেকে ১৯.০১.২০২৩ = ১২ দিন), নন ইন্টারলকিং কাজ (২০.০১.২০২৩ = ১ দিন) এবং পোস্ট নন ইন্টারলকিং কাজ (২১.০১.২০২৩ থেকে ০৮.০২.২০২৩ = ১৯ দিন)-এর জন্য ট্রেন চলাচলে নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে: • বাতিল: ১২৪৯৫ ডাউন বিকানীর-কলকাতা সুপারফাস্ট এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ১৯.০১.২০২৩) এবং ১২৪৯৬ আপ কলকাতা-বিকানীর সুপারফাস্ট এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ২০.০১.২০২৩) • পথ পরিবর্তন: ১২৯৮৮ ডাউন আজমের-শিয়ালদহ সুপারফাস্ট এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ২০.০১.২০২৩) জয়পুর-বাঁদিকুই-ভরতপুর-এর পরিবর্তে পথ পরিবর্তন করে জয়পুর-সোয়াই মাধোপুর-ভরতপুর হয়ে চলবে • নিয়ন্ত্রণ: ১২৯৮৮ ডাউন আজমের-শিয়ালদহ সুপারফাস্ট এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ২১.০১.২০২৩ থেকে ২৫.০১.২০২৩ = ৫ ট্রিপ) কনকপুরা স্টেশনে ২০ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে। স্টেশনের পাবলিক অ্যাড্রেস সিস্টেমের ঘোষণা শুনতে যাত্রীদের অনুরোধ করা হচ্ছে। অসুবিধার জন্য দুঃখিত।

চিফ প্যাসেঞ্জার ট্রান্সপোর্টেশন ম্যানেজার

পূর্ব রেলওয়ে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway Eastern Railway Headquarter

OFFICE OF THE KANDUAH GRAM PANCHAYAT
VILL-KANDUAH, P.O.-KANDUAH, P.S.-SANKRAIL, DIST.-HOWRAH
(1) NIeT No. KGP/604/eNIT/22-23, Dated: 04/01/2023
(2) NIeT No. KGP/605/eNIT/22-23, Dated: 04/01/2023

Separate Sealed Tender are hereby invited by the undersigned from reputed, bonafied & resourceful contractor having good credential of working with Government Departments/Undertakings/ Agencies for total 5(Five)Nos. different works. Source of Fund: 15 th CFC(Tied). Document download/sale date **from 06.01.2023 10:00 am to 13.01.2023 10:00 am.** Bid submission date **from 06.01.2023 10:00 am to 13.01.2023 10:00 am.** Last Date of submitting Tender Cost: **13.01.2023 at 10:00 am.** Bid Opening date: **16.01.2023 at 10:00 am.** For details please visit office of the undersigned or website.

Sd/- Pradhan
Kanduah Gram Panchayat

Dehibatpur Gram Panchayat
Dehibatpur, Alati, Pursurah, Hooghly
Notice Inviting e-Tender

e-NIT vide NIT No: 032/DGP/22-23 to 036/DGP/ 22-23, (5 nos of Scheme); Fund : 15 th F.C. (Tied) Dated 05/01/2023 are invited by the Prodhan Dehibatpur Gram Panchayat, from reliable and bonafied Tenderer for work. Tender fees & EMD by bank draft/NEFT/RTGS from any working day from **06/01/2023 to 14/01/2023 (10:00 AM to 4:00 PM)**, Bid submission closing online on **14/01/2023 at 4:00 PM.** For details contact the above office or visit **https://wbtenders.gov.in**

Sd/- Prodhan
Dehibatpur Gram Panchayat

Jiaganj–Azimganj Municipality
PO-Azimganj, Dt.-Murshidabad.

Chairman of J.A Municipality invites open Tender as below :-

Sl	Name of Work	N.I.T/ N.I.e.T No	Estimated Amount	Last Date of Application/ Bid submission
1.	Remodelling X-RAY Room	3866/ESTB/JAM/2022-23	Rs. 110707.00	14.01.2023
2.	Renovation of Electrical wiring	3865/ESTB/JAM/2022-23	Rs. 191594.00	14.01.2023

Sd/- Chairman
Jiaganj – Azimganj Municipality

Office of The Prodhan
GOPALNAGAR GRAM PANCHAYAT
Gopalnagar (Hattala)
P.O:-Dewanbheri, Dist :-Hooghly
Email ID:-gopalnagoregp@yahoo.co.in
NOTICE INVITING e-TENDER

Sealed Tender is invited from the experienced and resource full bidders for execution of similar nature of works. **(i) Memo No: 240/GGP/2022-23 Date.-30/12/2022,** Source of Fund- C.F.C. BG(Tied), Work completion period: 12 months. Date of Sale of Tender Form On any working day from **02/01/2023 9.30 am. up to 10/01/2023 at 6.00 pm.** Last date of dropping of Sealed Tender Form on or before **10/01/2023 up to 06.00 pm.** Date of Opening of Tender **16/01/2023 at 10.00 am.** For further details please visit website **https://wbtenders.gov.in.**

Sd/- Prodhan
Gopalnagar Gram Panchayat

Government of West Bengal
Office of the Executive Officer
Sankrail Panchayat Samity, Howrah
ABRIDGED NOTICE INVITING e-TENDER

Executive Officer, Sankrail Panchayat Samity, Howrah invites e-tender for following work related to Civil Development Work, vide **eNIT no. 42/EO/22-23, Tender ID-2022_ZPHD_440217_1,** respectively. The last date of online submission of all the tenders is **16/01/2023.** Intending bidders are requested to visit the website **https://wbtenders.gov.in** for details. For other details may contact with the office of the undersigned.

Sd/- Executive Officer
Sankrail Panchayat Samity, Howrah

E Tender Id on 05.01.2023
1) 2023_ZPHD_442113_1
2)2023_ZPHD_442278_1
3)2024_ZPHD_442324_1
Date of Publication-**06.01.2023 At 11.00 AM.** Last date of submission-**13.01.2023 at 17.00 PM.**
Sd/- Prodhan
Simulpur Gram Panchayat

রেজি. এ/ডি/ডাসতি/সংযোগ

ইএক্সএইচ-২৯৬

ঋণ পুণরুদ্ধার ট্রাইবুনাল নং.১ মুম্বই

অর্থ মন্ত্রক, ভারত সরকার

২য় ফ্লোর, এমটিএনএল ভবণ, স্ট্র্যান্ড রোড, কোলাবা মার্কেট, কোলাবা মুম্বই-৪০০০০৫

বিক্রয় ঘোষণা ধার্য্য করার বিজ্ঞপ্তি

বিক্রয় ঘোষণা ধার্য্য করার বিজ্ঞপ্তি অধীন ধারা ৫৩ দ্বিতীয় অনুচ্ছেদ আয়কর আইন, ১৯৬১, সঙ্গে পড়তে হবে ঋণ পুণরুদ্ধার ও ব্যাঙ্ক খেলাপি আইন, ১৯৯৩

আর.পি. নং. ১৪০ সাল ২০০৫

পরের তারিখ ০২.০১.২০২৩
বর্ধিত তারিখ ০১.০২.২০২৩ পর্যন্ত

বিষয়বস্তু হচ্ছে

ব্যাঙ্ক অফ বরোদা
বনাম
মে. সিএফএল ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লি (তরলীকরণে) ও অন্যান্যরা.

প্রতি,
(সিডি-১) ওএল হাইকোর্ট, কলকাতা
সিএফএল ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লি (তরলীকরণে)
সেঞ্চুরি প্লাজা, রুম নং. ২৩৩, ৮১, নেতাজি সুভাষ চন্দ্র বোস রোড, কলকাতা-৭০০০০১
এবং
২০৭/২১৫, বেজ্জোলা কমপ্লেক্স, ''বি'' উইং, সিওন ট্রম্বে রোড, চেম্বুর, মুম্বই-৪০০০৭১।
(সিডি-২) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্স শাখা,
''অ্যার্কেড'' ২য় ফ্লোর, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, কাফ প্যারাডে, মুম্বই-৪০০০০৫।
(সিডি-৩) ব্যাঙ্ক অফ বরোদা, ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্স শাখা,
৪২, বরোদা হাউস, কাওয়াসজি প্যাটেল স্ট্রিট, ফোর্ট, মুম্বই-৪০০০২৩।
(সিডি-৪) ব্যাঙ্ক অফ রাজস্থান লি.,
২৫ স্ট্র্যান্ড রোড, কলকাতা-৭০০০০১।
(সিডি-৫) দ্য ক্যাথলিক সিরিয়ান ব্যাঙ্ক,
৫৩, ইস্ট ও ওয়েস্ট বিল্ডিং, পি.এম. রোড, ফোর্ট, মুম্বই।
(সিডি-৬) ধনলক্ষ্মী ব্যাঙ্ক,
১০৯, থাম্বু চেট্টি স্ট্রিট, জি.টি. চেন্নাই-৬০০০২৯।
(সিডি-৮) ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স
হর্ষ ভবণ, ''ই'' ব্লক, কনাট প্লেস, নিউ দিল্লি।
(সিডি-৯) স্টেট ব্যাঙ্ক অফ ত্রিবাঙ্কুর,
আইএফবি, ফ্রি প্রেস হাউস, ১১ ফ্লোর, নরিম্যান পয়েন্ট, মুম্বই-৪০০০২১।
(সিডি-১০) দ্য সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লি.,
বান্দ্রা (ওয়েস্ট), মুম্বই-৪০০০৫০।
(সিডি-১১) অ্যাক্সিস ব্যাঙ্ক (ইউটিআই ব্যাঙ্ক লি.,
ইউনিভার্সাল ইন্সুরেন্স বিল্ডিং, পি.এম. রোড, ফোর্ট, মুম্বই-৪০০০০১।
(সিডি-১২) বিজয়া ব্যাঙ্ক এক্সেলেসর শাখা,
এক্সলেসর বিল্ডিং, রেভালাইন স্ট্রিট, ফোর্ট, মুম্বই-৪০০০০১।
(সিডি-১৩) ইন্ডিয়ান ব্যাঙ্ক,
লক্ষ্মী বিল্ডিং, পি.এম. রোড, ফোর্ট, মুম্বই-৪০০০০১।

এতদ্বারা সম্পাদন ভিত্তিতে আইবিড রিকভারি সার্টিফিকেট নং. ১৪০ সাল ২০০৫ ও.এ. ১৭৯ সাল ২০০২ নির্ধারিত করেছেন মাননীয় প্রিসাইডিং অফিসার, ঋণ পুণরুদ্ধার ট্রাইবুনাল নং.১, মুম্বই, নিম্নস্বাক্ষরকারী আদেশনামা জারি করেছেন নিম্নবর্নিত সম্পত্তি বিক্রয়ের জন্য।

এতদ্বারা আপনাকে সূচিত করা যায় যে ২জানুয়ারি, ২০২৩ ২.৩০ ঘটিকায় বিক্রয় ঘোষণা এবং সমাধানের জন্য শর্ত মোতাবেক তালিকাভুক্ত করেছেন। আপনাকে অনুরোধ করা যায় নিম্নস্বাক্ষরকারীর নোটিস গ্রহণ করতে কোনরূপ দায়, অভিযোগ, দাবী বা দায় উল্লেখিত সম্পত্তির সাথে যা বা কোন অংশের সাথে যুক্ত রয়েছে।

সম্পত্তির বিবরণ

ফ্ল্যাট নং. ৬০১, অধিশ্বর অ্যাপার্টমেন্ট, ৩৪, ফিরোজ শাহ রোড, নিউ দিল্লি, পরিমাপ ২৩৪৬.৫৩ বর্গ ফুট।
পরিসীমা উত্তর-পূর্বে সার্ভিস রোড।
পরিসীমা দক্ষিণ-পূর্বে ফিরোজ শাহ রোড।
পরিসীমা দক্ষিণ-পশ্চিমে প্লট নং. ৩২।
পরিসীমা উত্তর-পশ্চিমে সার্ভিস রোড।
আমার হস্তগত হয়েছে এবং সিল প্রদত্ত হয়েছে মুম্বইতে ২১ ডিসেম্বর, ২০২২।

সিল

স্বা/-
(আশু কুমার)
রিকভারি অফিসার
ডিআরটি-১, মুম্বই

KOLKATA MUNICIPAL CORPORATION e–TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Civil)-IX, KMC invites tender online percentage rate in two bid system for the following work:

NIT No.: KMC/IX/082/032/2022-2023/BUSTEE (2nd call)

Name of the work: **Development of bustee latrine at 4A, Rakhal Das Auddy Road and adjacent area in Ward No. 82.** Estimated Cost (incl. GST & CESS) : ₹ 2,99,177.00. Earnest Money: ₹ 6,000.00. Period of Completion: 60 Days. Last date and time of submission of bid: **16.01.2023 - 12:00 noon.** Tender will be opened on: **18.01.2023 - 12:00 noon.** The bid forms and other details are available on and from **06.01.2023 (5:00 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The Executive Engineer (C)/BR-VII, KMC invites tender online percentage rate in two bid system for the following works :

(1) NIT No.: KMC/EE(C)/BR-VII/064/42/2022-2023/R

Name of the work: **Improvement of footpath on both sides of Karaya Road, Kolkata in Ward No. 64.** Estimated Cost (incl. GST & CESS): ₹ 4,97,513.29. Earnest Money: ₹ 10,000.00. Period of Completion: 60 Days.

(2) NIT No.: KMC/EE(C)/BR-VII/064/35/2022-2023/D (2nd call)

Name of the work: **Repairing of footpath and other ancillary works disturbed by CESC Ltd at Circus Avenue, Syed Amir Ali Avenue, Darga Road & its surroundings in Ward No. 64.** Estimated Cost (incl. GST & CESS): ₹ 2,92,810.23. Earnest Money: ₹ 6,000.00. Period of Completion: 45 Days. Last Date and Time of submission of Bid: **14.01.2023 up to 10.00 a.m. (for Sl. No. 1&2).** Tender will be opened on: **16.01.2023 at 10.00 a.m. (for Sl. No. 1&2).** The bid forms and other details are available on and from **06.01.2023 (at 5:00 p.m.)** from the website **https://etender.wb.nic.in (for Sl. No. 1&2).**

The Executive Engineer (Civil)/Borough-IV, KMC invites tender online percentage rate in two bid system for the following works:

(1) NIT No.: KMC/EE(C)/Br-IV/038/BUSTEE-30/2022-2023/R

Name of the work: **Repairs to bustee passages at 15/1, 16/H/1, Balai Singha Lane, 58/H/8, 58/H/11, 58/H/12, 58/H/25, Kailash Bose St., 34/1, Jhamapukur Lane and other bustee area in Ward No. 38.** Estimated Cost (incl. GST & CESS): ₹ 1,97,392.72. Earnest Money: ₹ 3,950.00. Period of Completion: 21 Days.

(2) NIT No.: KMC/EE(C)/Br-IV/038/BUSTEE-32/2022-2023/R

Name of the work: **Supplying, fitting and fixing bustee latrine doors at 4/1A, 4/2B, Heramba Das Ln., 38, 39/1, Shibnarayan Das Ln., 58/H/1, 58/H/3, 58/H/5, Kailash Bose St. and others in Ward No. 38.** Estimated Cost (incl. GST & CESS): ₹ 1,95,073.88. Earnest Money: ₹ 3,910.00. Period of Completion: 21 Days.

(3) NIT No.: KMC/EE(C)/Br-IV/038/BUSTEE-33/2022-2023/R

Name of the work: **Repairing of bustee privies at 21, 59, Keshab Chandra Sen St. 29, Biplabi Pulin Das St., 19, Vidyasagar St. and others in Ward No. 38.** Estimated Cost (incl. GST & CESS): ₹ 2,87,450.48. Earnest Money: ₹ 5,760.00. Period of Completion: 21 Days.

(4) NIT No.: KMC/EE(C)/Br-IV/023/22-23/STR1/R

Name of the work: **Development of a Store Room with shed near Vat side on K. K. Tagore Street in Ward No. 23.** Estimated Cost (incl. GST & CESS): ₹ 1,11,830.33. Earnest Money: ₹ 2,250.00. Period of Completion: 28 Days.

(5) NIT No.: KMC/EE(C)/Br-IV/024/38/2022-2023/R

Name of the work: **Repairing of collapsed pit, catch pit, S. W. pipe at 311, Rabindra Sarani and other places in Ward No. 24.** Estimated Cost (incl. GST & CESS): **₹ 2,07,730.65.** Earnest Money: **₹ 4,160.00.** Period of Completion: **180 Days.**

(6) NIT No.: KMC/EE(C)/Br-IV/025/39/2022-2023/R

Name of the work: **Painting of railing and bullevard at Rabindra Sarani and Vivekananda Road in Ward No. 25.** Estimated Cost (incl. GST & CESS): **₹ 4,48,656.14.** Earnest Money: **₹ 9,000.00.** Period of Completion: **10 Days.**

(7) NIT No.: KMC/EE(C)/Br-IV/025/043/2022-2023/R

Name of the work: **Renovation of passage and footpath at the entrance of Jorasanko Thakur Bari Gate in Rabindra Sarani in Ward No. 25.** Estimated Cost (incl. GST & CESS): **₹ 1,51,659.95.** Earnest Money: **₹ 3,050.00.** Period of Completion: **10 Days.**

(8) NIT No.: KMC/EE(C)/Br-IV/028/037/2022-2023/R

Name of the work: **Repairing of ashphaltum road surface of Garpar Rd. from 28A, R. D. St., to 18/2, C. W. Rd., in Ward No. 28.** Estimated Cost (incl. GST & CESS): **₹ 4,66,412.92.** Earnest Money: **₹ 9,350.00.** Period of Completion: **30 Days.**

(9) NIT No.: KMC/EE(C)/Br-IV/028/040/2022-2023/R

Name of the work: **Restoration of passages/footpaths disturbed by W/S Deptt. and CESC at 1, H. N. Dey Rd., 30 Garpar Rd., 3/H/16, R. D. St., 3A/H/14, Dr. M. N. C. Sarani and other places in Ward No. 28.** Estimated Cost (incl. GST & CESS): **₹ 1,83,283.55.** Earnest Money: **₹ 3,670.00.** Period of Completion: **15 Days.**

(10) NIT No.: KMC/EE(C)/Br-IV/038/031/2022-2023/R

Name of the work: **Renovation of sewer line and passage at 13A, G. B. Lane in Ward No. 38.** Estimated Cost (incl. GST & CESS): **₹ 1,74,745.75.** Earnest Money: **₹ 3,500.00.** Period of Completion: **21 Days.**

(11) NIT No.: KMC/EE(C)/Br-IV/038/030/2022-2023/R

Name of the work: **Painting of guard rail A. P. C. Road (from the junction of Rajabazar to the junction of Maniktala) in Ward No. 38, 28 and 27 under Borough IV.** Estimated Cost (incl. GST & CESS): **₹ 2,37,243.91.** Earnest Money: **₹ 4,750.00.** Period of Completion: **15 Days.** Last Date and Time of submission of Bid: **14.01.2023 - 11:00 a.m. (for Sl. No. 1 to 11).** Tender will be opened on - **16.01.2023 - 11:00 a.m. (for Sl. No. 1 to 11).** The bid forms and other details are available on and from **06.01.2023 (5:00 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The Executive Engineer (C), Borough-III, KMC invites tender online percentage rate in two bid system for the following work:

NIT No.: KMC/EE-III/13/17/22-23

Name of the work: **Renovation of drainage system at 58G, 56B, B.N. Road, 4/3, Ariff Road, 7/1, K.M. Road and different places in Ward No. 13.** Estimated Cost (incl. GST & CESS) : **₹ 2,49,447.45.** Earnest Money: **₹ 5,000.00.** Period of Completion: **25 Days.** Last date and time of submission of bid: **13.01.2023 - 12:00 noon.** Date and Time of opening of Bid: **16.01.2023 - 12:00 noon.** The bid forms and other details are available on and from **06.01.2023 (5:00 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

942/22-23

৩ পয়েন্ট নিশ্চিত হয়ে গেল মনোজদের

দেহরাদুন, জানুয়ারিঃ রঞ্জি ট্রফির ম্যাচে তৃতীয় দিনের সকালেই উত্তরাখণ্ডের উইকেট তুলে চাপে ফেলে দেওয়ার লক্ষ্য ছিল বাংলার পেসারদের। কিন্তু ভাবনার সঙ্গে কাজের মিল পাওয়া গেল না। শেষ ৪ উইকেট নিয়েই লড়ল উত্তরাখণ্ড। তৃতীয় দিনে ২২৪ রান তুলে নিল তারা। ৪৮ রানে ৬ উইকেট হারানো উত্তরাখণ্ড পৌঁছে যায় ২৭২ রানে। প্রথম ইনিংসে ১১৫ রানে লিড পায়ে বাংলা। ৩ পয়েন্ট নিশ্চিত হয়ে গেল মনোজ তিওয়ারিদের। বুধবার উত্তরাখণ্ড একটা সময় ৪৮ রানে ৬ উইকেট হারিয়ে ধুঁকছিল। মনে হচ্ছিল সরাসরি জয় শুধু নয়, বোনাস পয়েন্টও তুলে নেবে বাংলা। কিন্তু অভিমন্যু ঈশ্বরনের নামাঙ্কিত স্টেডিয়ামে শাহবাজ আহমেদদের হয়তো তিন পয়েন্ট নিয়েই ফিরতে হবে। উত্তরাখণ্ডের কুণাল চান্ডেলা এবং অখিল রাওয়াত ৭০ রানের জুটি গড়ে দলকে ভরসা দেন। এর পর কুণালের সঙ্গে জুটি গড়েন অভয় নেগি। তাঁরা দু'জনে তোলেন ১২৮ রান। কুণাল ১৩৬ রান করেন। অখিল করেন ৪০ রান এবং অভয় ৫০ রান। এই তিন ব্যাটার বাদে উত্তরাখণ্ডের কেউই দু'অঙ্কের রানে পৌঁছতে পারেননি। বাংলার হয়ে ৪ উইকেট নেন প্রদীপ্ত প্রামাণিক। তিনটি করে উইকেট নেন শাহবাজ এবং আকাশ দীপ। কিন্তু বিপক্ষের ১০ উইকেট নিতে বেশ কিছুটা সময় নিয়ে ফেলে বাংলা। উত্তরাখণ্ডের ইনিংস শেষে মনোজরা এগিয়ে ছিলেন ১১৫ রানে। দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে বাংলা সায়নশেখর মণ্ডলের উইকেট হারিয়ে তুলেছে ৪৮ রান। ইতিমধ্যে ১৬৩ রানে লিড নিয়েছে বাংলা। এই ম্যাচেও ওপেনার সমস্যায় ভুগল বাংলা। দ্বিতীয় ইনিংসে প্রথম বলেই এলবিডব্লিউ হন সায়ন। কোনও রান না করেই সাজঘরে ফেরেন তিনি। প্রথম ইনিংসেও রান পাননি সায়ন। অভিমন্যুর সঙ্গী বার বার বদল করতে হচ্ছে বাংলাকে। বৃহস্পতিবার দিনের শেষে অভিমন্যু এবং তিন নম্বরে নামা সুদীপ ঘরামি অপরাজিত। তারা দ্বিতীয় ইনিংসে ব্যাট করে ২৪ ওভার। অভিমন্যু ঈশ্বরন ৭১ বলে ২৪ রান করে অপরাজিত থাকেন। তিনি ২টি চার মারেন। ৭২ বলে ২৪ রান করে নট-আউট থাকেন সুদীপ ঘরামি। তিনি ৪টি চার মেরেছেন। সুতরাং, প্রথম ইনিংসের লিড মিলিয়ে বাংলা এগিয়ে রয়েছে ১৬৩ রানে। বাংলার ইনিংস শেষ করে বড় লক্ষ্য দিয়ে উত্তরাখণ্ডের ১০ উইকেট তুলে নেওয়া কঠিন। হয়তো দেহরাদুন থেকে ৩ পয়েন্ট নিয়েই ফিরবে বাংলা। অত্যন্ত ইতিবাচকভাবে চলতি রঞ্জি ট্রফি মরশুম শুরু করেছে বাংলা। ইডেনের প্রথম ম্যাচে তারা শক্তিশালী উত্তরপ্রদেশের বিরুদ্ধে দাপুটে জয় তুলে নেয়। পরে ঘরের মাঠেই দ্বিতীয় ম্যাচে হিমাচলপ্রদেশের বিরুদ্ধেও দাপট দেখায়। যদিও ৩ পয়েন্টেই সন্তুষ্ট থাকতে হয় মনোজ তিওয়ারিদের। তৃতীয় ম্যাচে নাগাল্যান্ডকে তাদের ঘরের মাঠে এক ইনিংসের ব্যবধানে বিধ্বস্ত করে বাংলা। এবার টুর্নামেন্টের চতুর্থ লিগ ম্যাচে মনোজদের প্রতিপক্ষ উত্তরাখণ্ড। অ্যাওয়ে ম্যাচ থেকে ফের পুরো পয়েন্ট তুলে নেওয়ার হাতছানি রয়েছে বাংলা ক্রিকেট দলের সামনে। আপাতত টস হারা সত্ত্বেও ম্যাচের প্রথম তিনদিনেই দাপট দেখায় বাংলা।

পন্থের বদলে ক্যাপ্টেন কে? ওয়ার্নারকে বাছতে চলেছে দিল্লি!

নয়াদিল্লি, ৫ জানুয়ারিঃ ঋষভ পন্থের দুর্ঘটনা, জোড়া সমস্যার মুখে ফেলে দিয়েছে দিল্লি ক্যাপিটালসকে। গত দুটো আইপিএলে দিল্লির নেতা হিসেবে দেখা গিয়েছিল তাঁকেই। কিন্তু কিপার-ব্যাটারকে গাড়ি দুর্ঘটনার কারণে অনেক দিনই মাঠের বাইরে থাকতে হবে। খেলতে পারবেন না এ বারের আইপিএল। আপাতত বোর্ডের তত্ত্বাবধানে মুম্বইয়ে চিকিৎসা চলছে তাঁর। লিগামেন্টে মারাত্মক চোট পেয়েছেন তিনি। প্রয়োজনে তাঁকে লন্ডনে পাঠানো হতে পারে চিকিৎসার জন্য। এই

পরিস্থিতিতে দিল্লির নেতা কে হবেন, এই প্রশ্ন যেমন থাকছে, তেমনই থাকছে উইকেটের পিছনে কাকে দেখা যাবে, সেই প্রশ্নও থাকছে। এই জোড়া প্রশ্নের উত্তর খুঁজতে শুরু করে দিয়েছে দিল্লি টিমের ম্যানেজমেন্ট। প্রাক্তন অধিনায়ক ও বোর্ড প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায় টিমের ডিরেক্টর হিসেবে যোগ দিয়েছেন। সৌরভ এবং কোচ রিকি পন্টিংয়ের সঙ্গে আলোচনা করেই এ ব্যাপারে সিদ্ধান্ত নিতে চাইছে দিল্লি। তবে, ভাবনা-চিন্তা শুরু হয়ে গিয়েছে। যা পরিস্থিতি, তাতে সিনিয়র ব্যাটার ডেভিড ওয়ার্নারকে নেতৃত্ব দেওয়ার কথা ভাবছে টিম ম্যানেজমেন্ট। আইপিএলে দীর্ঘদিন খেলছেন তিনি। সানরাইজার্স হায়দরাবাদের হয়ে খেলার সময় তিনি ক্যাপ্টেন্সিও করেছেন। ভারতীয় ক্রিকেটকে যেমন বোঝেন, আইপিএলের অন্য টিমগুলোকেও ভালো করে চেনেন। শুধু তাই নয়, আইপিএলের ইতিহাসে অন্যতম সফল ব্যাটার ওয়ার্নার। তাঁকে দায়িত্ব দিলে তা যে যথাযথ পালন করবেন, নিশ্চিত দিল্লির ম্যানেজমেন্ট। ওয়ার্নারকে নেতা ভাবার পাশাপাশি কিপার হিসেবে ভাবা হচ্ছে সরফরাজ খানকে। পন্থের বদলে একজন ভারতীয়কেই বিকল্প কিপার হিসেবে রাখতে হবে। আর তাই সরফরাজ রয়েছেন আলোচনায়। এমনিতে গত মরসুমে ঘরোয়া ক্রিকেটে দারুণ ফর্মে ছিলেন সরফরাজ। একসময় তাঁর প্রতিভায় আচ্ছন্ন ছিল ক্রিকেট মহল। গত মরসুমে আইপিএলে মোটামুটি নিয়মিতই খেলেছিলেন। একই সঙ্গে বাংলার বাঁ হাতি ব্যাটার-কিপার অভিষেক পোড়েলের উপরও চোখ রয়েছে টিমের। দিল্লির এক কর্তা বলছেন, ''মিডল অর্ডারটা পন্থই ধরে রাখত। ওয়ার্নারের আইপিএলে নেতৃত্ব দেওয়ার অভিজ্ঞতা আছে। ওর সঙ্গেই ম্যানেজমেন্ট আগে কথা বলবে। কিন্তু মিডল অর্ডারে এমন একজনকে দরকার টিমের, যে প্রয়োজনের সময় খেলাটা ধরবে, টিমকে এগিয়ে নিয়ে যাবে। কম্বিনেশনটা ঠিকঠাক রাখতেই সরফরাজকে কিপিং করতে বলা হতে পারে। যাতে ভারতীয় কিপার এবং ব্যাটার একই সঙ্গে পাওয়া যায়।'' পন্থ যে এ বার নেই, তা নিশ্চিত। তবে ওয়ার্নার ক্যাপ্টেন্সি করতে রাজি হবেন কিনা, সেটাই এখন সবচেয়ে বড় প্রশ্ন। সেই প্রশ্ন যদি মিটে যায়, তা হলে টিম কম্বিনেশন সাজাতে শুরু করে দেবে দিল্লি।

পেলের নামে ফিফার সদর দফতরের মাঠ, জানালেন ফিফা প্রেসিডেন্ট

জুরিখ, ৫ জানুয়ারিঃ গতবছরের ৩০ ডিসেম্বর ক্যান্সারের কাছে হার মেনে চিরবিদায় নিয়েছেন ফুটবল সম্রাট পেলে। মঙ্গলবার তাঁর ছোটবেলার ক্লাব স্যান্টোসের ভিলা বেলমিরো তাঁকে শেষ শ্রদ্ধা জানাতে ভিড় করেছিলেন অনুরাগীরা। পেলেকে শ্রদ্ধা জানাতে সেখানে উপস্থিত হন ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো। ভবিষ্যৎ প্রজন্ম যাতে পেলের মতো ফুটবল ব্যক্তিত্বকে মনে রাখে তার জন্য এক অভিনব পন্থা অবলম্বন করেছেন তিনি। ফিফার অধীনে থাকা ২১১ টি দেশকে, নিজের দেশে অন্তত একটি করে স্টেডিয়ামকে পেলের নামে নামাঙ্কিত করার প্রস্তাব দিয়েছেন। শুধু প্রস্তাব দেওয়াই নয়, একই সঙ্গে বিশ্ব ফুটবলের নিয়ামক সংস্থা নিজেরাও কিছু সিদ্ধান্ত নিয়েছে। কাতার বিশ্বকাপের মাঝেই একাধিক শারীরিক সমস্যা নিয়ে সাও পাওলোর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছিলেন ব্রাজিলের কিংবদন্তি পেলে। ৮২ বছর বয়সে শেষ হয় জীবনযুদ্ধ। সোমবার তাঁর ঘরের মাঠ স্যান্টোসে আনা হয় তাঁর দেহ। সোমবার ও মঙ্গলবার সেখানে শায়িত ছিল পেলের দেহ। সেখানেই সম্রাটকে শেষ শ্রদ্ধা জানাতে আসে লক্ষ লক্ষ অনুরাগী। পেলেকে শ্রদ্ধা জানাতে সেখানে উপস্থিত হন ফিফার প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো। ফিফার অধীনে থাকা ২১১টি দেশের উদ্দেশে তিনি আবেগী বার্তা দেন। বলেন, ''বিশ্বের সমস্ত ফুটবল ফেডারেশনকে অনুরোধ করছি তারা যাতে তাদের দেশে একটি স্টেডিয়ামের নাম পেলের নামে রাখেন।'' শুরুটা হয়েছে ফিফার সদর দফতর থেকে। সুইজারল্যান্ডের জুরিখে ফিফার সদর দফতর। ফিফা মাঠটি পেলের নামে নামাঙ্কিত করার উদ্যোগ শুরু হয়েছে। ইনফান্তিনো বলেছেন, ''আমরা ফিফর সদর দফতরের মাঠের নাম 'এস্তাদিও পেলে-ফিফা জুরিখ' রাখতে চলেছি। এটা উদাহরণ হয়ে থাকবে। ভবিষ্যৎ প্রজন্মের সঙ্গে পেলের পরিচয় করিয়ে দেওয়ার জন্যই এই সিদ্ধান্ত নেন তিনি। তাঁর মতে, ভবিষ্যৎ প্রজন্মের পেলে সম্পর্কে জানা উচিত। পেলে নেই, কিন্তু যতদিন ফুটবল থাকবে তিনি থেকে যাবেন। বিশ্ব ফুটবল তাঁকে ভুলবে না কখনও। ফিফার এই অভিনব ভাবনাকে কুর্নিশ জানাচ্ছে গোটা বিশ্ব।

সিডনিতে খোয়াজা, স্মিথের শতরান

সিডনি, ৫ জানুয়ারিঃ দ্বিতীয় দিনের শেষে অপরাজিত খোয়াজা। ৩৬৮ বলে ১৯৫ রান করেন তিনি। ১৯টি চার এবং একটি ছক্কা মারেন অস্ট্রেলিয়ার ওপেনার। বৃহস্পতিবার তিনি এবং স্মিথ ২০৯ রানের জুটি গড়েন। টেস্টে ৩০তম শতরান করে ফেললেন স্মিথ। সেই সঙ্গে রানের তালিকায় অস্ট্রেলিয়ার ব্যাটারদের মধ্যে চতুর্থ স্থানে উঠে এলেন তিনি। সাক্ষী থাকলেন সিডনির দর্শকরা। শুধু খোয়াজা এবং স্মিথ নন, দক্ষিণ আফ্রিকার বোলিং আক্রমণ নিয়ে ছিনিমিনি খেললেন মার্নাস লাবুশানে (৭৯) এবং ট্রেভিস হেডও (৭০)। কম আলো এবং বৃষ্টি ব্যাঘাত ঘটানোয় পুরো ওভার খেলা হয়নি। প্রথম দিনও ৯০ ওভার খেলা সম্ভব হয়নি। দু'দিন মিলিয়ে ১৩১ ওভার খেলা হয়েছে। কিন্তু বৃষ্টিভেজা সিডনিতে দক্ষিণ আফ্রিকার পেসাররা অস্ট্রেলিয়াকে কোনও রকম সমস্যায় ফেলতে পারলেন না। সিডনিতে পর পর তিনটি শতরান করলেন খোয়াজা। টপকে গেলেন তাঁর সর্বোচ্চ রান। এর আগে খোয়াজার সর্বোচ্চ ছিল ১৭৪ রান। নিউ জিল্যান্ডের বিরুদ্ধে ব্রিসবেনে ২০১৫ সালে করেছিলেন খোয়াজা। এ বার তাঁর কাছে সুযোগ

রয়েছে দ্বিশতরান করার। খোয়াজা যখন ১১৯ রানে ব্যাট করছিলেন, সেই সময় গালিতে তাঁর ক্যাচ ফেলেন এনরিখ নোখিয়ে। স্মিথ শতরান করে ছুঁয়ে ফেললেন ম্যাথু হেডেনকে। অস্ট্রেলিয়ার প্রাক্তন ওপেনারও ৩০টি টেস্ট শতরানের মালিক। স্মিথের সামনে রয়েছেন রিকি পন্টিং (৪১) এবং স্টিভ ওয় (৩২)। স্মিথের ঘরের মাঠ সিডনি। ১৯০ বলে শতরান করেন তিনি। স্মিথের চতুর্থ শতরান এল এই মাঠে। ১১টি চার এবং দু'টি ছক্কা মারেন তিনি। অস্ট্রেলিয়ার ব্যাটারদের মধ্যে টেস্ট রানের বিচারে চতুর্থ স্থানে উঠে এলেন স্মিথ। টপকে গেলেন ম্যাথু হেডেন (৮৬২৫ রান) এবং মাইকেল ক্লার্ককে (৮৬৪৩ রান)। বৃহস্পতিবারের ইনিংস শেষে স্মিথের সংগ্রহ ৮৬৪৭ রান। তাঁর সামনে রইলেন রিকি পন্টিং (১৩,৩৭৮ রান), অ্যালেন বর্ডার (১১,১৭৪ রান) এবং স্টিভ ওয় (১০,৯২৭ রান)। প্রথম ইনিংসে বড় রানের পথে অস্ট্রেলিয়া। সিরিজে ২-০ এগিয়ে রয়েছেন প্যাট কামিন্সরা। তাঁরা এই টেস্ট জিতে আরও বেশি আত্মবিশ্বাস নিয়ে ভারতে আসতে চাইবেন। রোহিত শর্মাদের বিরুদ্ধে ৪টি টেস্ট খেলবে অস্ট্রেলিয়া। সেই সিরিজ শুরু হবে ৯ ফেব্রুয়ারি থেকে। শেষ টেস্ট শুরু ৯ মার্চ। ৩টি এক দিনের ম্যাচও খেলবে দুই দল।

সেপ্টেম্বরে ভারত-পাক মহারণ

বজায় রইল এশিয়া কাপের ভেন্যু নিয়ে অনিশ্চয়তা

মুম্বই, ৫ জানুয়ারিঃ পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী পাকিস্তান নাকি কোনও নিরপেক্ষ ভেন্যু? এখনও নিশ্চিত নয় ২০২৩ এশিয়া কাপ কোথায় আয়োজিত হবে। এশিয়া কাপ আয়োজন নিয়ে ভারত-পাকিস্তানের মধ্যে ঠান্ডা লড়াই শুরু হয়েছে গতবছর থেকে। তারই মধ্যে বৃহস্পতিবার টুইটারে ২০২৩-২৪ মরসুমে ক্রিকেট ফিক্সচার ঘোষণা করেছেন এশীয় ক্রিকেট কাউন্সিলের প্রধান জয় শাহ। এই ফিক্সচার অনুযায়ী, চলতি বছরের সেপ্টেম্বর মাসে এশিয়া কাপ ওডিআই অনুষ্ঠিত হবে। গতবারের মতো এ বারও এশিয়া কাপ টুর্নামেন্টে এক গ্রুপে থাকছে ভারত ও পাকিস্তান। অর্থাৎ সেপ্টেম্বরেই ফের ভারত-পাক মহারণ। তবে এ বারের ফরম্যাট ৫০ ওভারের। চলতি বছরের শেষের দিকে দেশের মাটিতে ওডিআই বিশ্বকাপ খেলা হবে। তাই এ বারের পুরুষদের এশিয়া কাপ ৫০ ওভারের। এসিসি-র ঘোষিত ২০২৩-২৪ মরসুমের ফিক্সচার অনুযায়ী, এই সময়ের মধ্যে ১৪৫টি ম্যাচ খেলার কথা রয়েছে। ২০২৩ সালের ওডিআই

এশিয়া কাপ অনুষ্ঠিত হবে সেপ্টেম্বর মাসে। কোয়ালিফায়ার দলের সঙ্গে একই গ্রুপে রয়েছে দুই চির প্রতিদ্বন্দ্বি দেশ ভারত ও পাকিস্তান। ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা, বাংলাদেশ এবং আফগানিস্তান সরাসরি এন্ট্রি পাবে। সর্বমোট ১৩টি ম্যাচ খেলা হবে। গ্রুপ পর্বে ৬টি ম্যাচ। ছয়টি দলের মধ্যে তিনটি করে দল নিয়ে দুটি গ্রুপ গড়া হবে। সুপার ফোর স্টেজে পা রাখবে দুটি গ্রুপের শীর্ষ দুই দল। সুপার ফোর পর্বে আরও ছয়টি ম্যাচ। এরপর ফাইনাল। এদিকে পাকিস্তানের কাছে হোস্টিং রাইটস থাকলেও ২০২৩ সালের এশিয়া কাপ আয়োজন নিয়ে ভারত ও পাকিস্তানের মধ্যে দ্বন্দ্ব চলছে। গতবছরই এশীয় ক্রিকেট কাউন্সিলের প্রধান জয় শাহ ঘোষণা করে দেন, পাকিস্তানে গিয়ে এশিয়া কাপ খেলতে রাজি নয় ভারত। তাই এশিয়া কাপ হবে নিরপেক্ষ ভেন্যুতে। এসিসি প্রধানের এই ঘোষণায় তেলেবেগুনে জ্বলে উঠেছিল পাকিস্তান ক্রিকেট বোর্ড। বিসিসিআইকে রীতিমতো হুঁশিয়ারি দিয়ে বিবৃতি দেয় পিসিবি। তৎকালীন পিসিবি প্রধান রামিজ রাজার হুঁশিয়ারি দিয়ে বলেন, ''ভারত যদি এশিয়া কাপ খেলতে পাকিস্তানে না যায় তাহলে তারাও ভারতের মাটিতে ওডিআই বিশ্বকাপ বয়কট করবে।'' সম্প্রতি গদিচ্যুত হয়েছেন রামিজ রাজা। রামিজের বিদায়ে পাকিস্তান ক্রিকেট বোর্ড আগের সিদ্ধান্ত থেকে সরে আসতেই পারে। পাকিস্তান ছাড়া জয় শাহের 'নিরপেক্ষ ভেন্যু'র প্রস্তাবের বিরোধিতা করেনি অন্য কোনও দেশের ক্রিকেট বোর্ড। তাই অনিশ্চয়তা থেকেই গেল।

লন্ডনে নিয়ে যাওয়া হবে পন্থকে!

মুম্বই, ৫ জানুয়ারিঃ ঋষভ পন্থের মাঠে ফিরতে ছয় থেকে আট মাস লেগে যেতে পারে। ইতিমধ্যেই ভারতের নামী ক্রিকেটারকে দেরাদুন থেকে মুম্বই এর হাসপাতালে নিয়ে আসা হয়েছে। তিনি রয়েছেন আম্বানি হাসপাতালে। ঋষভের যা চোটের ধরন তাতে আশঙ্কায় রয়েছেন ডাক্তাররা। কারণ তাঁর লিগামেন্ট-এর চোট মারাত্মক। খুব দ্রুত তাঁর অস্ত্রোপচার করাতে হবে। এই তারকার তার আগে পুরো শরীর এমআইআর হবে। দেখা হবে ঠিক কোথায় তাঁর সবচেয়ে বেশি

আঘাত রয়েছে। বোর্ডের ডাক্তাররা তাঁকে আজ সকালে পরীক্ষা করে দেখেছেন। দেখে তাঁদের খুব একটা ভাল মনে হয়নি। তাঁর চোটের ধরন দেখে রবীন্দ্র জাদেজার চোটের কথা মনে এসেছে। ঋষভ যেভাবে গাড়ি দুর্ঘটনায় আহত হয়েছেন, সেটি বেশ ভয়াবহ। ভারতের এই উইকেট রক্ষক ব্যাটসম্যানের পরিবার চায়নি দেরাদুনের বাইরে পাঠাতে, কিন্তু বোর্ড সচিব জয় শাহ তাঁদের বুঝিয়েছেন। মূলত জয়ের কথাতেই মুম্বইতে নিয়ে আসা হয়েছে ঋষভকে। তাঁকে এয়ার অ্যাম্বুল্যান্স করে নিয়ে আসা হয়। হাসপাতাল থেকে এও বলে দেওয়া হয়েছে ঋষভকে যেন বেশি কথা বলতে না দেওয়া হয়। বিশেষ অনুমতি ছাড়া তাঁকে কারও সঙ্গে দেখা করতেও দেওয়া হবে না। এখনও পর্যন্ত যা জানা যাচ্ছে, পন্থকে আস্ত্রোপচারের জন্য লন্ডন নিয়ে যাওয়া হবে। জানা যাচ্ছে, পন্থের হাঁটু ও গোড়ালিতে অপারেশন হবে। অর্থাৎ লন্ডনে পন্থের শরীরে দুবার অপারেশন হবে।

কাচের ঘরে বসে ঢিল ছুড়লেন সাকিব!

তারকার মন্তব্য ঘিরে বাংলাদেশ ক্রিকেট সরগরম

ঢাকা, ৫ জানুয়ারিঃ বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে চটিয়ে দিলেন সাকিব আল হাসান। কী করে বাংলাদেশ প্রিমিয়ার লিগের উন্নতি করা যায়, সেই নিয়ে কথা বলতে গিয়ে নামী অলরাউন্ডার বলে দিয়েছেন, আমাকে দায়িত্ব দিলে আমি দেখিয়ে দিতাম কীভাবে জনপ্রিয় করা যায় এই লিগকে। সাকিবের এই কথা শুনে দেশের অনেক ক্রিকেট বিশেষজ্ঞই মনে করছেন, এমন কথা বলে সাকিব যেন কাচের ঘরে বসে ঢিল ছুড়লেন! সাকিব সাংবাদিক সম্মেলনে বলেন, ''আমাকে যদি প্রধান নির্বাহীর দায়িত্ব দেওয়া হয় বিপিএলের, আমার বেশিদিন লাগবে না। আমার ধারণা খুব বেশি হলে সর্বোচ্চ এক থেকে দুই মাস লাগবে সবকিছু ঠিক করতে। দুই মাসও লাগার কথা নয়, দুই মাস অনেক দূরের কথা বলছি। অনিল কাপুর অভিনীত নায়ক সিনেমা দেখেননি? একদিনেও অনেক কিছু করা সম্ভব। যে করতে পারে, সে সব করতে পারে।'' বাংলাদেশ প্রিমিয়ার লিগ শুরুর পরে ভাবা গিয়েছিল জনপ্রিয়তায় হয়তো আইপিএলের মতো হবে। কিন্তু দেশের ক্রিকেট কর্তাদের অদক্ষতায় সেই লিগ ক্রমেই জৌলুস হারিয়েছে। সাকিব বলেছেন, ''সবকিছু বাদ দিয়ে ড্রাফট করতে হবে। নিলাম করতে

হবে। একেবারে ফ্রি টাইমে লিগ করতে হবে। আধুনিক প্রযুক্তি থাকবে। সম্প্রচারকে ভাল করতে হবে। হোম অ্যান্ড অ্যাওয়ে ভেন্যু থাকবে। এসব না করলে লিগ কখনই জনপ্রিয় হবে না।'' ভারতের আইপিএল আর অস্ট্রেলিয়ার বিগ ব্যাশ তো প্রশ্নই ওঠে না। সে আসর দুটি অনেক ওপরে। পাকিস্তানের পিএসএলও এখন অনেক এগিয়ে গেছে। আরও কটি ফ্র্যাঞ্চাইজি আসরও উঠে এসেছে। সাকিব বলেছেন কেন তাঁদের দেশের লিগ পিছিয়ে পড়ছে। তাঁর ব্যাখ্যা, ''আমার মনে হয় আমরা সৎ মনে কখনও চাইনি কিছু করতে এখন পর্যন্ত। বাজেট নেই কারণ আমরা বাজেট তৈরি করতে পারিনি। যদি তৈরি করতে পারতাম, মান অর্জন করতে পারতাম, অবশ্যই এই বাজেট অনেক বড় হওয়ার কথা ছিল। কিন্তু কর্তারা সেই নিয়ে উদাসীন ছিলেন। আমি থাকলে অবশ্যই অবস্থার উন্নতি হতো।'' সাকিবের এহেন কথা শুনে বাংলাদেশ কর্তারাও ক্ষোভে ফুটছেন। তাঁরা বৃহস্পতিবার সংবাদমাধ্যমকে পালটা জানান, ''সাকিব দেশের পরিকাঠামো সম্পর্কে অবগত হলে এসব বলত না। ওকে সবটা জেনে কথা বলতে হবে। এই সীমাবদ্ধতার বিষয়গুলি সাকিব তো কোনওদিন জানার চেষ্টাই করেনি।''

একুশের আগে আল নাসেরের জার্সিতে নামা হচ্ছে না রোনাল্ডোর!

রিয়াধ, ৫ জানুয়ারিঃ সৌদি আরবের ক্লাবে আনুষ্ঠানিক ভাবে আত্মপ্রকাশ হয়েছে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর। সাংবাদিক সম্মেলনও করেছেন। ড্রেসিংরুমে সতীর্থদের সঙ্গে পরিচয় পর্ব সেরেছেন। অনুশীলনও শুরু করেছেন। কিন্তু ম্যাচে এখনও নামতে পারবেন না ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। এ যেন সেই ছোট গল্পের মতো। শেষ হইয়াও হইল না শেষ। ইউরোপের ফুটবলে সম্ভবত আর দেখা যাবে না ক্রিশ্চিয়ানো রোনাল্ডোকে। তিনি নিজেও এমনটাই বলেছেন। ইউরোপিয়ান ফুটবলে তাঁর কেরিয়ারে ইতি। এ বার সৌদি আরবে মন। কিন্তু পুরনো ঘটনার জেরেই আল নাসের জার্সিতে নামার জন্য তাঁকে অপেক্ষা করতে হবে ২১ জানুয়ারি পর্যন্ত। ম্যাঞ্চেস্টার ইউনাইটেডে প্রথম ইনিংসে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ছিলেন সমর্থকদের স্বপ্নের সওদাগর। দ্বিতীয় পর্বে তিনিই খলনায়ক। কোচ এরিক টেন হ্যাগের পরিকল্পনার সঙ্গে মানানসই ছিলেন না সিআর সেভেন। খানিকটা যেন প্রত্যাশিত ভাবেই রিজার্ভ বেঞ্চে কাটাতে হয়েছে রোনাল্ডোকে। এ মরসুমে হাতে গোনা কিছু ম্যাচে পরিবর্ত হিসেবে নামার সুযোগ পেয়েছিলেন। কোচের সঙ্গে মনোমালিন্য, ক্লাবের সঙ্গে শৃঙ্খলাজনিত সমস্যা ছিলই। ইগো



নিয়ন্ত্রণ করতে ব্যর্থ ক্রিশ্চিয়ানো রোনাল্ডোও। এক ম্যাচে পরিবর্ত নামবেন না বলে শেষ বাঁশি বাজার আগেই মাঠ ছাড়েন। যার জন্য পরের ম্যাচে স্কোয়াড থেকে বাদ পড়েন, জরিমানাও হয়। পিয়ের্স মর্গ্যানকে দেওয়া এক সাক্ষাৎকারে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে প্রতারক বলতেও ছাড়েননি। যার জেরে বিশ্বকাপের মাঝেই ম্যান ইউ-রোনাল্ডো বিচ্ছেদ হয়। সবচেয়ে বড় ভুলটা বোধ হয় করেছিলেন প্রতিপক্ষ ফুটবলারের সঙ্গে। গত নভেম্বরের ঘটনা। এভার্টনের বিরুদ্ধে ম্যাচে মাঠ ছাড়ার সময় মেজাজ হারিয়ে প্রতিপক্ষ এক সমর্থকের ফোন ভেঙে দেন রোনাল্ডো। যার জেরে শৃঙ্খলাজনিত কারণে রোনাল্ডোকে দু-ম্যাচের জন্য নির্বাসিত করে ইংলিশ ফুটবল সংস্থা (এফএ)। ক্লাব বদলালেও তাঁর এই নির্বাসন বহাল থাকবে। ফিফার নিয়মের ১২.১ ধারা অনুযায়ী, তার উপর যে দু-ম্যাচের যে নির্বাসন রয়েছে, সেটা বহাল থাকছে সৌদি লিগেও। বৃহস্পতিবার সৌদি আরব লিগে আল তাইয়ের বিরুদ্ধে ম্যাচ রয়েছে আল নাসেরের। এরপর আল শাবাবের বিরুদ্ধে ম্যাচ। স্বাভাবিক ভাবেই নির্বাসনের কারণে রোনাল্ডো এই দুটি ম্যাচে খেলতে পারবেন না। তাঁকে অপেক্ষা করতে হবে ২১ জানুয়ারি পর্যন্ত। সেদিন আল এত্তিফাকের বিরুদ্ধে আল নাসের জার্সিতে অভিষেক হতে পারে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত